

৫ বছর পর মায়ের সঙ্গে কথা বললেন সু চির ছেলে পৃষ্ঠা ২৪

প্রথম আলো

Prothom Alo North America

Thursday, 22 October 2026, 10th Year, Issue 501, 40 Pages



কবিতার এক পাতা'র অষ্টম বর্ষপূর্তি উপলক্ষে বিশেষ আয়োজন পৃষ্ঠা ৩৪, ৩৫ ও ৩৬

বৃহস্পতিবার, ২২ অক্টোবর ২০২৬, ৬ কার্তিক ১৪৩৩, ১১ জমাদিউল আউয়াল ১৪৪৮, ১০ম বর্ষ, সংখ্যা ৫০১, পৃষ্ঠা ৪০

মিশিগানে সাইয়েদ উত্তেজনা, কানসাসে ট্রাম্পপন্থী ভোট

দুই অঙ্গরাজ্যে সিনেট বিতর্ক

মিশিগানে আবদুল এল সাইয়েদ ও মাইক রজার্সের মধ্যে ব্যক্তিগত আক্রমণ ও তীব্র বাদানুবাদ হয়েছে।

উত্তর আমেরিকা অফিস

যুক্তরাষ্ট্রের ২০২৬ সালের মধ্যবর্তী নির্বাচনের আগে বুধবার রাতে মিশিগান ও কানসাসে সিনেটের গুরুত্বপূর্ণ দুটি বিতর্ক অনুষ্ঠিত হয়েছে। তবে দুই অঙ্গরাজ্যের বিতর্কে ছিল স্পষ্ট পার্থক্য। মিশিগানে ডেমোক্র্যাট প্রার্থী আবদুল এল-সাইয়েদ ও রিপাবলিকান প্রার্থী মাইক রজার্সের মধ্যে ব্যক্তিগত আক্রমণ ও তীব্র বাদানুবাদ হয়েছে। অন্যদিকে, কানসাসের বিতর্কে রাজনৈতিক বামপন্থার সঙ্গে ডেমোক্র্যাট প্রার্থী অ্যাডাম হ্যামিলটনের সম্পর্ক এবং রিপাবলিকান ভোটারদের সমর্থন আদায়ের বিষয়টি প্রাধান্য পেয়েছে।

মিশিগানের সিনেট নির্বাচন যুক্তরাষ্ট্রের সিনেটে কোন দল সংখ্যাগরিষ্ঠতা পাবে, তা নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

ডেট্রয়েট স্বাস্থ্য বিভাগের সাবেক নির্বাহী পরিচালক এল-সাইয়েদের

এরপর পৃষ্ঠা ১০ কলাম ৪



বুধবার বিতর্কের পর মার্কিন সিনেটে ডেমোক্র্যাট প্রার্থী আব্দুল এল-সায়েদ (বাঁয়ে) ও রিপাবলিকান মাইক রজার্স করমর্দন করছেন।

কানাডার বিরুদ্ধে হস্তক্ষেপের অভিযোগ যুক্তরাষ্ট্রের

মধ্যবর্তী নির্বাচন

উত্তর আমেরিকা ডেস্ক

আসন্ন মধ্যবর্তী নির্বাচনে কানাডার রাজনীতিকদের বিরুদ্ধে প্রভাব খাটানোর চেষ্টার অভিযোগ এনেছে যুক্তরাষ্ট্র। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের শুল্ক নীতির বিরুদ্ধে কানাডার পাল্টা পদক্ষেপের দিকে ইঙ্গিত করে এ অভিযোগ তোলা হয়েছে। আল জাজিরা জানায়, বুধবার প্রকাশিত এক ফ্যাক্ট শিটে মার্কিন দূতাবাস অভিযোগ করে, কানাডা এই হস্তক্ষেপের অভিযোগকে পাত্তাই দিচ্ছে না।

এরপর পৃষ্ঠা ১০ কলাম ১

আটকে যাচ্ছে ডিভি লটারি চালুর আদেশ?

নিজস্ব প্রতিবেদক

২০২৭ সালের ডাইভারসিটি ভিসা (ডিভি) লটারি পুনরায় চালু করার বিরুদ্ধে আপিল করেছে ডোনাল্ড ট্রাম্পের প্রশাসন। একইসঙ্গে আপিল প্রক্রিয়া চলাকালীন লটারি চালুর আদেশের ওপর স্থগিতাদেশ চেয়ে বিচারকের কাছে আলাদাভাবে আবেদন করা হয়েছে। এতে যুক্তরাষ্ট্রে ডিভি লটারি চালুর যে সম্ভাবনা দেখা দিয়েছিলো তা এখন ঝুঁকির মুখে। এ খবর দিয়েছে নিউজউইক।

এরআগে ডিভি লটারি চালুর বিষয়ে আদেশ দেন ক্যালিফোর্নিয়ার সাউদার্ন ডিস্ট্রিক্টের মার্কিন জেলা বিচারক জিনসুক ওহতা। অভিবাসন বিষয়ক আইনি প্রতিষ্ঠান রেড ইগল ল, এল.সি.-এর দায়ের করা এক মামলায় তিনি প্রাথমিক নিষেধাজ্ঞা জারি করে মার্কিন পররাষ্ট্র দপ্তরকে ডিভি লটারির নিবন্ধন প্রক্রিয়াসহ পুরো কর্মসূচি পুনরায় চালুর নির্দেশ দিয়েছিলেন। গ্রিন কার্ড লটারি নামে পরিচিত এই কর্মসূচির আওতায় যুক্তরাষ্ট্রে ঐতিহাসিকভাবে কম অভিবাসনের হার থাকা দেশগুলোর নাগরিকদের প্রতি বছর ৫৫ হাজার পর্যন্ত ডাইভারসিটি ভিসা দেয়া হয়। গত ১৯শে অক্টোবর সরকার বিচারক ওহতার প্রাথমিক নিষেধাজ্ঞা এবং সংশ্লিষ্ট অন্যান্য

এরপর পৃষ্ঠা ১০ কলাম ১

ইরানে নভেম্বরে মার্কিন ইসরায়েলি হামলা!

উত্তর আমেরিকা ডেস্ক

যুক্তরাষ্ট্রের মধ্যবর্তী নির্বাচনের পর ইরানের বিরুদ্ধে নতুন করে সামরিক হামলা চালানোর পরিকল্পনা তৈরি করেছে যুক্তরাষ্ট্র ও ইসরায়েল—এমনটাই দাবি করেছে মার্কিন সংবাদমাধ্যম দ্য নিউইয়র্ক টাইমস। সম্ভাব্য হামলার প্রস্তুতি হিসেবে দুই দেশ সামরিক মহড়া জোরদার করেছে বলেও প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।

এদিকে গতকাল মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প তেহরানের

এরপর পৃষ্ঠা ১০ কলাম ১



যুক্তরাষ্ট্রের মধ্যবর্তী নির্বাচনের পর ইরানে স্বল্পস্থায়ী কিন্তু তীব্র সামরিক অভিযান নিয়ে আলোচনা চলছে।

বাংলাদেশ সোসাইটির নির্বাচন

প্রচারণায় প্রার্থীদের এআই ভিডিও, হাসির রোল

নিজস্ব প্রতিবেদক

নিউইয়র্কের বাংলাদেশি কমিউনিটিতে বাংলাদেশ সোসাইটির নির্বাচন ঘিরে প্রচারণায় এবার আলোচনায় এসেছে কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই)। কেউ এআই দিয়ে প্রচারণামূলক ভিডিও তৈরি করছেন, কেউ কৃত্রিম কণ্ঠে বক্তব্য দিচ্ছেন, আবার কেউ প্রার্থীদের নিয়ে গানও বানাচ্ছেন। তবে এসব ভিডিওর কথা বলার ধরন, কণ্ঠস্বর ও ঠোঁটের নড়াচড়ার অসংগতি ও অপেশাদারিত্বকে কেন্দ্র করে সামাজিক যোগাযোগমাধ্যমে হাস্যরসের সৃষ্টি হচ্ছে। আর বিনোদনের বিষয় হয়ে ওঠা এসব ভিডিও নিয়ে কমিউনিটির

এরপর পৃষ্ঠা ১৪ কলাম ৫

ALL COUNTY
হোম কেয়ার
NYS Licensed Home Care Agency
সকল সার্ভিস একই অফিসে
646 -444 -2266

LHSCA
PCA Training
Day Care

JAMAICA
JACKSON HEIGHTS
BROOKLYN
BRONX
LONG ISLAND

সরকারী অনুদানে বাসা ও ব্যবসা প্রতিষ্ঠানে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান ?

আপনি কি বাড়ীর হিটিং বিল নিয়ে চিন্তিত ?

আমরা বয়লার পরিবর্তনের মাধ্যমে আপনার বাসা ও ব্যবসা প্রতিষ্ঠানে ক্লিন হিট লাগিয়ে থাকি

সরকারী অনুদানে $ 8000-$10000 ডলার

GREE MECHANICAL YONKERS

বিস্তারিত জানতে কল করুন: 914-222-9477, 914-989-0089

তোফায়েল চৌধুরী

GREE MECHANICAL YONKERS Contact: 1900 Central Park Avenue,Yonkers, New York 10710

INJURED?
WE SPECIALIZE IN

আপনি কি আহত হয়েছেন ?
আমরা যেসব ক্ষেত্রে বিশেষজ্ঞ

✓ CAR ACCIDENTS ✓ WORK RELATED ACCIDENTS
✓ SLIP/TRIP & FALLS
✓ CONSTRUCTION ACCIDENTS

✓ গাড়ি দুর্ঘটনা ✓ কর্মস্থল-সংক্রান্ত দুর্ঘটনা
✓ পিছলে পড়া/হোঁচট খেয়ে পড়ে যাওয়া
✓ নির্মাণকাজ-সংক্রান্ত দুর্ঘটনা

``HAVE YOU BEEN IN AN Uber-Lyft CAR ACCIDENTS OR WAS A PASSENGER IN ONE"
আপনি কি উবার বা লিফট গাড়ি দুর্ঘটনায় পড়েছেন অথবা এমন দুর্ঘটনায় যাত্রী ছিলেন?

কেউ যদি আপনার ক্ষতির জন্য দায়ী হয়, তাহলে ন্যায্য ক্ষতিপূরণ পাওয়ার অধিকার আপনার আছে। আমরা অভিজ্ঞতা ও দক্ষতার সঙ্গে আপনার পাশে আছি।

Abu Ahmed, Esq. Usman Ahmed, Esq.

AHMED LAW FIRM Call Now: (718) 848-9595
104-09 113th Street, South Richmond Hill, NY 11419
www.ahmedattorneys.com

Queens Social Adult Day Care Center Inc
কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইন্ক



কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইন্ক একটি ডে-কেয়ার সার্ভিস সেন্টার। আমরা লিঙ্গ, জাতি অথবা ধর্ম বৈষম্যহীনভাবে সবধরণের গ্রাহক সেবা প্রদান করি। আমরা দুরারোগে অসুস্থ্য এবং প্রতিবন্ধী গ্রাহকদের, প্রবীণ ব্যক্তিদের নিরাপদ এবং উপযুক্ত ডে-কেয়ার সার্ভিস প্রদান করে থাকি। আমরা নিশ্চিত করি যেন গ্রহক মানসম্পন্ন সেবা আমাদের সেন্টার থেকে পেতে পারেন যাতে করে তাকে কোন নার্সিং হোমে যেতে না হয়। মেট্রোপলিটন এলাকায় আমাদের অভিজ্ঞ কর্মীরা সর্বাত্মক ডে-কেয়ার সেবা প্রদান করে থাকেন।

ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ফিল্ডট্রিপস্ (পিকআপ এন্ড ড্রপস্)
- ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা
  (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ওজু ও নামাজের ব্যবস্থা
- টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- সংগীত চর্চ্চা ও শোনার ব্যবস্থা

শিক্ষা কার্যক্রম

- কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- গ্রন্থাগার

শারিরীক স্বাস্থ্য কার্যক্রম

- ইয়োগা, তাইচি, ব্যয়াম ও জিমের ব্যবস্থা
- ফিজিক্যাল থেরাপী

মানসিক স্বাস্থ্য পরামর্শ

- রিলাক্সেশন স্কিল ট্রেনিং
- পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

বিনোদনমূলক কার্যক্রম

- পিকনিক
- যাদুঘর ভ্রমণ
- সমদ্র সৈকতে পার্টি
- নৌ-ভ্রমণ ও মৎস শিকার

আধ্যাত্মিক কার্যক্রম

- শান্ত সময়
- ধ্যান

অবসর কার্যক্রম

- কেরাম বোর্ড
- লুডু
- দাবা
- ধাঁধা
- অধ্যায়ন

We speak
Spanish, Urdu, Hindi & Arabic





আমরা ৭ দিনই খোলা
সকাল ৯টা থেকে রাত ৯টা

For details information please contact

ENGINEER MAHFUZUL HAQUE
MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain
148-41 Hillside Ave, Jamaica, NY 11435
718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com

ABRAMS
LAW GROUP
24/7
SERIOUS ACCIDENT AND INJURY ATTORNEYS
CALL NOW
718.997.9797
আমরা বাংলা কথা বলি
CAR ACCIDENTS
CONSTRUCTION ACCIDENTS
TRUCK ACCIDENTS
Millions of Dollars
RECOVERED FOR OUR CLIENTS
Melanie Abrams
NY Injury Attorney
Office Locations:
Forest Hills
Valley Stream
INJURED
আপনি কি দূর্ঘটনায় আহত হয়েছেন?
abramslawgroupny.com

জ্যামাইকার সাটফিন বুলেভার্ডে এই প্রথম বাংলাদেশি ডাক্তার
আমরা ইমিগ্রেশনের জন্য মেডিকেল করি
আমাদের সেবাসমূহ
- যত্নসহকারে পূর্ণাঙ্গ স্বাস্থ্যসেবা দেওয়া হয়
- প্রাইমারি কেয়ার/ইন্টারনাল মেডিসিন
- রক্ত, প্রস্রাব, ইকেজি, সনোগ্রাম, এলার্জি পরীক্ষার ব্যবস্থা আছে
- হজ ও ওমরাহ যাত্রীদের জন্য ফ্লু/ভ্যাকসিন
- জব, স্কুল, টিএলসি সম্পর্কিত শারীরিক পরীক্ষা (ফিজিক্যাল এক্সাম)
- হেলথ ইনসুযরেন্স ছাড়া রোগীদের বিশেষভাবে চিকিৎসার ব্যবস্থা আছে
- ফ্রি ব্লাড প্রেসার ও ডায়াবেটিস পরীক্ষার ব্যবস্থা আছে
- স্কুল ফর্ম পূরণ, WIC ফর্ম, PAP Smear পরীক্ষা, ড্রাগ টেষ্ট করা হয়
- স্কুল–কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- প্রেগন্যান্সি টেষ্ট করা হয়।
- অন্য সব ধরনের চিকিৎসা অত্যন্ত যত্নসহকারে করা হয় এবং পরামর্শ দেওয়া হয়।
- আমরা প্রায় সব ধরনের ইনসুরেন্স গ্রহণ করে থাকি।
আমাদের অফিস প্রায় ৭ দিনই খোলা।

আপনি জানেন কি?
- বাংলাদেশি ও ভারতীয় অভিবাসীদের হৃদরোগের আশঙ্কা অন্যান্য আমেরিকানদের চেয়ে বেশি।
- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখ, থাইরয়েড, এ্যাজমা (হাঁপানি), বাতের ব্যথা, চর্মরোগ, এলার্জি, যৌন রোগসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারীরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের আশঙ্কা সম্পর্কে জেনে নিন।


মোহাম্মদ এ. ওয়াহিদ, এমডি
বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ


রুবিনা আক্তার, এমডি
বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

WAHID MEDICAL PLLC
147-28, Hillside Avenue, Jamaica, NY-11435
Tel: 718-487-3671, Fax: 718-487-3715

Gehi & Associates
ATTORNEYS AT LAW
www.gehilaw.com
Grand Opening
আমরা এখন Jackson Height
ফ্রি কনসালটেশন
74-09 37th Ave, Suite 205, Jackson Heights, NY 11372 TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL 718-764-6911
*ইমিগ্রেশন *ব্যাংক্র্যাপসি *ক্রেডিট কার্ড মেটার *ডিভোস *সিটিজেনশিপ *চাইল্ড কাসটডি
*চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন *সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং
- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

WE ARE OPEN 7 DAYS a week
IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.
ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTING TO THEIR CREDITORS, PRIOR RESULTS DO NOT GUARANRTEE FUTURE OUTVCOME
CALL: 718-263-5999
*তুলনামূলকভাবে কম ফি *সন্ধ্যা এবং সাপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ


আমরা বাংলায় কথা বলি

আসিফ মুর্তজা

বিসমিল্লাহহির রাহমানির রাহিম

বাংলাদেশ সোসাইটি ইন্‌ক, নির্বাচন ২০২৬

BANGLADESH SOCIETY INC. ELECTION 2026

নির্বাচন ২৫ অক্টোবর, রবিবার ২০২৬

"সমৃদ্ধি, কল্যাণ, স্বচ্ছতা ও জবাবদিহিতার পরিষদ"

কুনু-ফিরোজ

পরিষদ

সিনিয়র সহ সভাপতি



আজমল হোসেন কুনু
সভাপতি
AJMOL HUSSAIN KUNU, PRESIDENT



ফিরোজ আহমেদ
সাধারণ সম্পাদক
FIROZ AHMED, GENERAL SECRETARY

মোশিনের প্রথম সারিত কুনু-ফিরোজ পরিষদে (A1 থেকে A21) পর্যন্ত অনুগ্রহ করে আপনার মূল্যবান ভোট দিন



সামাজিক কার্যক্রম ও সাংগঠনিক অভিজ্ঞতা

সভাপতি
ঢাকা জেলা এসোসিয়েশন ইউএসএ ইন্‌ক

প্রেসিডেন্ট
স্মার্ট ষ্টাফিং সার্ভিসেস ইন্‌ক

সেক্রেটারী
রোটারী ক্লাব অব বাংলাদেশী আমেরিকান

উপদেষ্টা
কুইন্স বাংলাদেশ সোসাইটি

সাবেক সভাপতি
দোহার উপজেলা সমিতি ইউএসএ ইন্‌ক

আজীবন সদস্য
বাংলাদেশ সোসাইটি ইন্‌ক, নিউইয়র্ক

প্রতিষ্ঠাতা
বায়তুল মামুর জামে মসজিদ ও রহা হেফজুখানা

আজীবন সদস্য
বাতুল আতিক মুসলিম সেন্টার, উডসাইড
উডসাইড বায়তুল জান্নাত মসজিদ
মসজিদ আবু হুরায়রা, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক

PLEASE CAST YOUR VOTE FOR
DULAL BEHEDO
SENIOR VICE PRESIDENT

PLEASE CAST YOUR VOTE IN FIRST ROW (A1 to A21) FOR KUNU-FIROZ PANEL

দুলাল বেহেদু সিনিয়র সহ সভাপতি

✓ আপনাদের মূল্যবান ভোট ও দোয়া প্রার্থী



✓ কুনু-ফিরোজ
পরিষদে আপনার মূল্যবান ভোট দিন

PLEASE VOTE FOR KUNU-FIROZ PANEL

প্রচারে: কেন্দ্রীয় নির্বাচন পরিচালনা কমিটি



Dr. GeeCee Pat

1st AIDE HOME CARE INC

A licensed home care agency, NY

DBA SARAH HOME CARE



Dr. Shahjadi Parvin
(Sarah)

PCA / HHA, NURSING NHTD.PCA CERTIFICATION OPWDD & SPECIAL CHILD SERVICE

Best Quality in Home Care Services

Call: (718) 440 - 9207

Email:info@1staidehc.com

Counties Served

Bronx, Kings, New York, Queens, Richmond, Westchester, Nassau

Contracted Insurance (MLTC)

1. Elderplan Homefirst,
2. Healthfirst
3. Anthem BCBS
4. Elderserve (River-spring)
5. Senior whole Health
6. Village Care Max
7. Centerlight
8. Hamaspik Choice
9. OPWDD/CHHA

Also we provide Social Adult Day Care Servoces & Special Child Services

We Speak Bengali, English, Hindi Urdu & Spanish

37-18 73rd St, Suite #401, Jackson Heights, NY-11372

Maa Foundation USA Inc.

A nonprofit organization 501 (c) (3) Approved

We are a Nonprofit Organization recognized as tax-exempt under section 501 (c)(3) of the Interrnal Revenue Code.

সম্পাদকীয়

মধ্যবর্তী নির্বাচন

ট্রাম্পের জনপ্রিয়তার পরীক্ষা, আমেরিকার ভবিষ্যতের লড়াই

আমেরিকার রাজনীতিতে নভেম্বরের নির্বাচন মানেই শুধু ভোটের হিসাব নয়। এই নির্বাচনে মানুষ অনেক সময় সরকারকে সরাসরি ক্ষমতা থেকে বিদায় না করেও বুঝিয়ে দেয়, ক্ষমতাসীনদের ওপর তাদের আস্থা কতটা কমেছে। ২০২৬ সালের মধ্যবর্তী নির্বাচন তেমনই এক সন্ধিক্ষণ। আগামী ৩ নভেম্বর ভোটাররা প্রতিনিধি পরিষদের সব ৪৩৫টি আসন এবং সিনেটের এক-তৃতীয়াংশ আসনের জন্য ভোট দেবেন। নির্বাচনের মধ্য দিয়ে নির্ধারিত হবে, প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বাকি দুই বছরের রাজনৈতিক পথ কতটা মসৃণ হবে, আর কতটা বাধার মুখে পড়বে।

প্রেসিডেন্ট নির্বাচনে জয়লাভের পর সাধারণত ক্ষমতাসীন দলের সামনে থাকে নিজের প্রতিশ্রুতি বাস্তবায়নের সুযোগ। কিন্তু আমেরিকার রাজনীতিতে সেই সুযোগ চিরস্থায়ী নয়। প্রেসিডেন্ট হোয়াইট হাউসে থাকেন, অথচ কংগ্রেসের নিয়ন্ত্রণ চলে যেতে পারে বিরোধী দলের হাতে। তখন আইন পাস, বাজেট অনুমোদন, প্রশাসনের জবাবদিহি—সবকিছুতেই শুরু হয় নতুন হিসাব। এবার সেই হিসাবের কেন্দ্রে ডোনাল্ড ট্রাম্প।

২০২৪ সালের নির্বাচনে ট্রাম্পের বিজয় রিপাবলিকান শিবিরকে নতুন আত্মবিশ্বাস দিয়েছিল। অভিবাসন নিয়ন্ত্রণ, সীমান্ত সুরক্ষা, সরকারি ব্যয় কমানো এবং আমেরিকার স্বার্থকে অগ্রাধিকার দেওয়ার প্রতিশ্রুতি দিয়ে তিনি ভোটারদের বড় একটি অংশকে আকৃষ্ট করেন। কিন্তু নির্বাচনী প্রচারের প্রতিশ্রুতি আর সরকার পরিচালনার বাস্তবতা এক নয়। ক্ষমতায় বসার পর প্রতিটি সিদ্ধান্তের ফলাফল এসে পড়ে সাধারণ মানুষের জীবনে। আর সেই ফলাফল ভালো না হলে ভোটাররা একসময় জবাব চাইতে শুরু করেন। এবারের নির্বাচনে অর্থনীতি সেই জবাবদিহির প্রধান ক্ষেত্র। পিউ রিসার্চ সেন্টারের অক্টোবরের জরিপ অনুযায়ী, নিবন্ধিত ভোটারদের ৮৪ শতাংশ বলেছেন, কংগ্রেস নির্বাচনে তাঁদের ভোটের সিদ্ধান্তের জন্য অর্থনীতি অত্যন্ত গুরুত্বপূর্ণ। দ্রব্যমূল্য, জ্বালানি, স্বাস্থ্যসেবার ব্যয় এবং পরিবারের দৈনন্দিন খরচ নিয়ে মানুষের উদ্বেগ বাড়ছে।

ওয়াশিংটনের অর্থনৈতিক পরিসংখ্যান দিয়ে সাধারণ মানুষের জীবন সব সময় বোঝা যায় না। অর্থনীতি প্রবৃদ্ধির কথা বলতে পারে, কর্মসংস্থানের হিসাব দেখাতে পারে। কিন্তু মাসের শেষে বাজারের বিল মেটাতে গিয়ে যদি একটি পরিবারকে হিসাব বদলাতে হয়, তাহলে সেই পরিবারের কাছে অর্থনৈতিক সাফল্যের সংজ্ঞা আলাদা। গ্যাস স্টেশনে, সুপারমার্কেটে কিংবা চিকিৎসকের বিল হাতে নিয়ে মানুষ যে বাস্তবতা অনুভব করেন, নির্বাচনের সময় সেটিই রাজনৈতিক সিদ্ধান্তে প্রভাব ফেলে।

ট্রাম্পের জন্য সমস্যা হলো, অর্থনীতির দায় এখন আর শুধু আগের প্রশাসনের ওপর চাপিয়ে দেওয়ার সুযোগ নেই। ক্ষমতাসীন হিসেবে তাঁকে নিজের নীতির ফলাফলের দায় নিতে হবে। আর ডেমোক্র্যাটদের জন্য সুযোগ হলো, তাঁরা যদি মূল্যস্ফীতি, স্বাস্থ্যসেবা, কর্মসংস্থান ও মধ্যবিত্তের জীবনযাত্রার ব্যয় নিয়ে বিশ্বাসযোগ্য বিকল্প তুলে ধরতে পারেন, তাহলে অসন্তোষকে ভোটে রূপান্তর করা সম্ভব।

৩ নভেম্বরের ভোটে রিপাবলিকানরা সংখ্যাগরিষ্ঠতা ধরে রাখতে পারবেন, নাকি ডেমোক্র্যাটরা কংগ্রেসের অন্তত একটি কক্ষের নিয়ন্ত্রণ নেবেন—তার উত্তর এখনো ভবিষ্যতের হাতে। কিন্তু একটি বিষয় পরিষ্কার: নির্বাচনের আসল বিচার শুধু কে জিতল, তা নয়। ভোটারদের জীবন কতটা বদলাল এবং ক্ষমতাসীনরা তাঁদের প্রত্যাশার কতটা জবাব দিলেন, সেটিও।

ভোটের দিন প্রার্থীরা প্রচারের মঞ্চ ছেড়ে যাবেন। কিন্তু ভোটারদের রায় তাঁদের সঙ্গে থাকবে—পরবর্তী দুই বছর, এবং তারও পরে।

মক্কায় দুই বাংলাদেশির মৃত্যুদণ্ড এবং জবাবদিহির প্রশ্ন

আবু আহমেদ ফয়জুল কবির





সৌদি আরবের মক্কায় দুই বাংলাদেশি নাগরিকের মৃত্যুদণ্ড কার্যকরের ঘটনা গভীর উদ্বেগের জন্ম দিয়েছে। সৌদি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের বিবৃতি অনুযায়ী, মসজিদে 'অনৈতিক' কর্মকাণ্ডের অভিযোগে দোষী সাব্যস্ত হওয়ার পর ১৪ অক্টোবর ২০২৬ তারিখে তাদের মৃত্যুদণ্ড কার্যকর করা হয়। কিন্তু জেদ্দায় বাংলাদেশ কনস্যুলেটের বক্তব্য, দণ্ড কার্যকরের আগে বাংলাদেশকে জানানো হয়নি। গণমাধ্যমের খবর থেকে বিষয়টি বাংলাদেশ কর্তৃপক্ষের নজরে আসে। গত ১৫ অক্টোবর সৌদি কর্তৃপক্ষের কাছে এর আনুষ্ঠানিক ব্যাখ্যা চেয়ে চিঠি পাঠিয়েছে বাংলাদেশ কনস্যুলেট। এ ঘটনা অপরাধের প্রকৃতি, বিচার প্রক্রিয়ার স্বচ্ছতা, মৃত্যুদণ্ডের যৌক্তিকতা এবং প্রবাসে বাংলাদেশের নাগরিকদের অধিকার সুরক্ষায় রাষ্ট্রের দায়িত্ব নিয়ে প্রশ্ন তুলেছে।

কোনো বেআইনি কর্মকাণ্ড সংঘটিত হলে তার তদন্ত ও বিচার হওয়া প্রয়োজন। কিন্তু অভিযোগের গুরুত্ব যত বেশি, বিচার প্রক্রিয়ার স্বচ্ছতা ও ন্যায়সংগততার প্রয়োজনও তত বেশি। পর্যাপ্ত তথ্য ছাড়া কাউকে নির্দোষ ঘোষণা করা যেমন দায়িত্বশীল অবস্থান নয়; তেমনি অভিযোগের প্রকৃতি ও বিচার প্রক্রিয়া সম্পর্কে পূর্ণাঙ্গ তথ্য ছাড়া মৃত্যুদণ্ডকে ন্যায়সংগত বলারও অবকাশ নেই। বিশেষত, মৃত্যুদণ্ডের মতো অপরিবর্তনীয় শাস্তির ক্ষেত্রে অপরাধের সুনির্দিষ্ট বিবরণ, প্রমাণের নির্ভরযোগ্যতা এবং শাস্তির আনুপাতিকতা নিয়ে প্রশ্ন তোলা জরুরি।

মৃত্যুদণ্ড এমন একটি শাস্তি, যা কার্যকর হয়ে গেলে ভুল সংশোধনের আর কোনো সুযোগ থাকে না। তাই নির্ভরযোগ্য প্রমাণ, স্বাধীন ও নিরপেক্ষ বিচার, আত্মপক্ষ সমর্থনের কার্যকর সুযোগ, উপযুক্ত আইনি সহায়তা এবং আপিলের অধিকার নিশ্চিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। জাতিসংঘের মানবাধিকার কমিটি আন্তর্জাতিক নাগরিক ও রাজনৈতিক অধিকারবিষয়ক চুক্তির ৬ অনুচ্ছেদের ব্যাখ্যায় মৃত্যুদণ্ড বহাল থাকা রাষ্ট্রগুলোর ক্ষেত্রে এর প্রয়োগ কঠোরভাবে সীমিত রাখা এবং ন্যায়সংগত বিচার নিশ্চিত করার ওপর গুরুত্ব দিয়েছে। সৌদি আরব এই চুক্তির রাষ্ট্রপক্ষ নয়; তাই চুক্তিটির বাধ্যবাধকতা সরাসরি তার ওপর প্রযোজ্য– এমন দাবি করা সমীচীন হবে না। তবে জীবনের অধিকার, ন্যায়সংগত বিচার এবং মৃত্যুদণ্ডের প্রয়োগ নিয়ে আন্তর্জাতিক মানবাধিকার মানদণ্ডের আলোকে এ ঘটনার প্রশ্নগুলো পর্যালোচনা করা প্রয়োজন। উপরন্তু বাংলাদেশের মতো সৌদি আরবও কনস্যুলার সম্পর্কবিষয়ক ভিয়েনা কনভেনশনের পক্ষভুক্ত, যার ৩৬ অনুচ্ছেদে বিদেশি নাগরিকের কনস্যুলার যোগাযোগ ও সহায়তার অধিকার-সংক্রান্ত বিধান রয়েছে। ফলে কনস্যুলেটকে মৃত্যুদণ্ড কার্যকর বিষয়ে অবহিত করা হয়নি– শুধু এ তথ্য অনুচ্ছেদটি লঙ্ঘিত হয়েছে বলে মনে করার জন্য যথেষ্ট না হলেও আটক ব্যক্তিদের তাদের অধিকার সম্পর্কে জানানো হয়েছিল কিনা; তারা কনস্যুলার সহায়তা চেয়েছিলেন কিনা এবং সে অনুরোধ যথাযথভাবে কার্যকর করা হয়েছিল কিনা– এসব প্রশ্ন প্রাসঙ্গিক।

বাংলাদেশ সরকারের উচিত দুই নাগরিকের বিরুদ্ধে সুনির্দিষ্ট অভিযোগ, তদন্তের বিবরণ, আদালতের পূর্ণাঙ্গ রায়, আত্মপক্ষ সমর্থনের সুযোগ এবং আপিলের প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত তথ্য সংগ্রহ করা। একই সঙ্গে বাংলাদেশ কর্তৃপক্ষ কখন বিষয়টি জানতে পেরেছিল; বিচার চলাকালে কনস্যুলেটের সঙ্গে কোনো যোগাযোগ হয়েছিল কিনা এবং মৃত্যুদণ্ড কার্যকরের আগে আইনি বা কূটনৈতিক হস্তক্ষেপের কোনো সুযোগ ছিল কিনা, তাও স্পষ্ট করা প্রয়োজন। সৌদি কর্তৃপক্ষের কাছে ব্যাখ্যা চাওয়ার পাশাপাশি বাংলাদেশ সরকারকে তার নিজস্ব উদ্যোগ ও সীমাবদ্ধতার বিবরণও জনগণের সামনে তুলে ধরতে হবে। কূটনৈতিক সংবেদনশীলতার অজুহাতে নাগরিকের জীবন ও অধিকার-সংক্রান্ত প্রশ্নগুলো অনুত্তরিত থাকা উচিত নয়।

আমাদের অবস্থান কোনো দেশের বিরুদ্ধে নয়; আমাদের অবস্থান ন্যায়বিচারের পক্ষে। সৌদি আরবের আইন ও বিচারব্যবস্থার প্রতি সম্মান রেখেও বলা প্রয়োজন, কোনো রাষ্ট্রের আইনগত ক্ষমতা থাকলেই তার প্রতিটি প্রয়োগ স্বচ্ছতা ও মানবাধিকার প্রশ্নের ঊর্ধ্বে চলে যায় না। একইভাবে অভিযুক্ত ব্যক্তি বিদেশে অবস্থান করছেন বলে তাঁর অধিকার রক্ষার দায়িত্ব থেকেও বাংলাদেশ অব্যাহতি পেতে পারে না। কোনো দেশের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক বজায় রাখা যেমন গুরুত্বপূর্ণ, তেমনি সেই দেশে নিজের নাগরিকের জীবন, মর্যাদা ও ন্যায়বিচার প্রশ্নে দায়িত্বশীল ভূমিকা পালন করা রাষ্ট্রের কর্তব্য।

দুই বাংলাদেশির জীবন আর ফিরিয়ে আনা সম্ভব নয়। কিন্তু তাদের মৃত্যুদণ্ড ঘিরে ওঠা প্রশ্নগুলোর উত্তর পাওয়া জরুরি।

রাষ্ট্রের দায়িত্ব শুধু প্রবাসীদের শ্রম ও উপার্জনের সুফল গ্রহণ করা নয়; তাদের জীবন, মর্যাদা ও অধিকার রক্ষা করাও। বিদেশে অপরাধে অভিযুক্ত হলেও একজন নাগরিক ন্যায়বিচারের অধিকার হারান না। বরং মৃত্যুদণ্ডের মতো অপরিবর্তনীয় শাস্তির ক্ষেত্রে সেই অধিকার নিশ্চিত করার গুরুত্ব আরও বেড়ে যায়। কোনো অভিযোগই ন্যায়বিচারের বিকল্প হতে পারে না; কোনো রাষ্ট্রের ক্ষমতাই জবাবদিহির ঊর্ধ্বে নয়। বিদেশের মাটিতে বাংলাদেশের নাগরিকদের জীবন ও অধিকার সুরক্ষায় রাষ্ট্রের দায়িত্বও এড়িয়ে যাওয়ার সুযোগ নেই।

তাই প্রবাসে বাংলাদেশের নাগরিকদের অধিকার রক্ষায় দূতাবাস ও কনস্যুলেটের ভূমিকা আরও কার্যকর করা জরুরি। বিদেশে কোনো বাংলাদেশি নাগরিক মৃত্যুদণ্ডের মুখোমুখি হলে রাষ্ট্র কীভাবে দ্রুত পদক্ষেপ নেবে; সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে কীভাবে যোগাযোগ করবে এবং আইনি সহায়তার ধারাবাহিকতা কীভাবে নিশ্চিত করবে– সে বিষয়ে কার্যকর কূটনৈতিক প্রটোকল থাকা উচিত। এ ধরনের ব্যবস্থা কেবল একটি ঘটনার প্রতিক্রিয়া নয়; প্রবাসী নাগরিকদের অধিকার সুরক্ষায় রাষ্ট্রের দীর্ঘমেয়াদি দায়িত্বের অংশ।

মানবাধিকারকর্মী

রবীন্দ্র কাল্ট এবং অন্ধ পূজারিগণ

কাকন রেজা



সামাজিকমাধ্যমে রবীন্দ্র-কাল্ট নিয়ে একটা লেখায় আমার এক সুহৃদ বলেছেন, আমি নাকি ভীষণ রকম রবীন্দ্র বিদ্বেষী। আরেকজন তো আমাকে মানুষের কাতারেই ফেললেন না। তাদের কাছে রবীন্দ্রনাথ আকাশসম। বিনয়ের সাথে বলতে চাই, সাহিত্য সম্পর্কে তাদের জ্ঞান এখনো প্রাক-প্রাথমিকের পর্যায়ে। রবীন্দ্রনাথ প্রচুর লিখেছেন, অস্বীকার করার জো নেই। কিন্তু প্রচুর লেখাই সবকিছুর পরিমাপক নয়। কোয়ালিটি প্রয়োজন, কোয়ান্টিটি নয়। বলতে পারেন রবীন্দ্রনাথ নোবেল পেয়েছেন, তো কী হয়েছে। রবীন্দ্র সাহিত্যের প্রভাব বিশ্বের সাহিত্য অঙ্গনে কতটা। বাংলা সাহিত্যই বা বিশ্বসাহিত্যে কতটা জায়গা করে নিতে পেরেছে। জবাবটা দিয়ে গেছেন, হুমায়ূন আহমেদ। তিনি তার এক লেখাতে বিশ্ব-সাহিত্যে বাংলার যতটা জায়গা রয়েছে তা প্রায় অদৃশ্যমান, তা জানান দিয়ে গেছেন। রবীন্দ্রনাথের নোবেল বাংলাকে বিশ্ব-সাহিত্যে প্রতিষ্ঠিত করতে পারেনি। আরেকটা কথা মনে করিয়ে দিই, রবীন্দ্রনাথ নোবেল পেয়েছেন বাংলা সাহিত্যে নয় তার গীতাঞ্জলি'র ইংরেজি অনুবাদে। তার নোবেল মূলত ইংরেজির সৌন্দর্য বর্ধন করেছে, বাংলার নয়। বিপরীতে ইংরেজি সাহিত্যেও রবীন্দ্রনাথ প্রবল হয়ে উঠতে পারেননি।

অনেকের কাছে রবীন্দ্রনাথ মানে 'দ্য স্কাই ইজ দ্য লিমিট'। মানে প্রচুর লিখলেই তার লিমিট হয়ে যায় স্কাই। তিনি আকাশে উঠে যান। তাহলে হালের কাশেম বিন আবু বাক্কার কী করেছেন, অনেক লিখেছেন, তারও তো লিমিট স্কাই হওয়ার কথা। জানি এ তুলনায় রবীন্দ্র পূজারিরা প্রচণ্ড রকম ক্ষিপ্ত হবেন। হন, অসুবিধা নেই।

তাদের বলি, হার্পার লি'র নাম শুনেছেন। বর্ণবাদ বিরোধী একজন লেখিকা। যুক্তরাষ্ট্রে জন্ম যার। মূলত ঔপন্যাসিক। খুব বেশি লিখেননি তিনি। তবু বিশ্ব-সাহিত্যে তার নাম প্রোজ্জ্বল। তার উপন্যাস 'টু কিল অ্যা মকিংবার্ড' মার্কিন তথা ইংরেজি সাহিত্যের একটি ক্লাসিক ওয়ার্ক। তিনি সাহিত্যের সেরা পুরস্কার পুলিৎজারে ভূষিত হয়েছিলেন।

আরেকজনের কথা বলি। এমিলি ব্রোনটে। অনেকে এমিলি ব্রনেট বলেও জানেন। তিনি জীবনে একটি মাত্র বই লিখেছিলেন, তাতেই খ্যাতি জুটেছে জগতজুড়ে। তার লেখা বই তথা উপন্যাসটির নাম 'উদারিং হাইটস'। ইংরেজি সাহিত্যে এই উপন্যাসটি ধ্রুপদি হিসেবে আজো গণ্য হয়। এমন আরো অনেকেরয়েছেন। তাদের একগাদা রচনা করে স্কাই লিমিটে পৌঁছতে হয়নি। অথচ রবীন্দ্র পূজারিরা রবীন্দ্রনাথের লেখার চাইতে লেখার সংখ্যার উপর বেশি নির্ভর করেন। রবীন্দ্রনাথের অনেক গার্বেজ রচনা রয়েছে। রয়েছে ননসেন্স রাইম।

না, আমি রবীন্দ্রনাথকে ছোট করতে বসিনি। রবীন্দ্রনাথকে ইতোমধ্যে লিলিপুট বানিয়ে ফেলেছে তার পূজারিরা। রবীন্দ্রনাথ রীতিমত কাল্টে পরিণত হয়েছেন। এরজন্য দায়ী রবীন্দ্রনাথ নিজেও। তিনি লেখক হওয়ার পাশাপাশি রাজনীতিতেও প্রভাবশালী হতে চেয়েছিলেন। জমিদার পরিবারের সন্তান বলেই হয়তো তিনি ক্ষমতাকে উপভোগ করতে চাইতেন, করতেন। রবীন্দ্র পূজারিরাও তাই। তারা রবীন্দ্রনাথকে রাজনৈতিক ভাবে ব্যবহার করতে চেয়েছেন, করেছেন।ভোগ করেছেন ক্ষমতা, ক্ষমতার লভ্যাংশ। যারফলেই রবীন্দ্রনাথকে নিয়ে বিতর্ক উঠেছে এবং উঠবে। একসময় রবীন্দ্রনাথ অপ্রাসঙ্গিক হয়ে উঠবেন ব্যক্তি হিসেবে। তার লেখা হয়তো টিকে থাকবে আরো কিছুকাল, কিন্তু ব্যক্তি রবীন্দ্রনাথ হয়ে উঠবেন চরম বিতর্কিত।

বাংলাদেশের কথা বলি, বাংলাদেশের বাংলার কথা। ঠাকুরবাড়ির লোকদের কাছে পূর্ববাংলার লোকরা ছিল বাঙাল। বাঙাল শব্দটা পশ্চিমবঙ্গের ঘটিরা ব্যঙ্গার্থে ব্যবহার করতো। সুনীল গঙ্গোপাধ্যায়ের 'একা এবং কয়েকজন' উপন্যাসটি পড়লেই বোঝা যাবে বাঙাল ও ঘটির মধ্যকার সাংস্কৃতিক দ্বন্দ্বটা। এই দ্বন্দ্বের মনস্তাত্ত্বিক শুরু হলো পশ্চিমবঙ্গের সোকল্ড এলিটরা। যারা ইংরেজদের তাবেদারি করতো, নকল সাহেব সাজতে চাইতো। রবীন্দ্রনাথ তাদেরই একজন। এজন্যই তারা সাতচল্লিশকে সঠিক ভাবে ওউন করতে পারে না।

বাংলাদেশের বাংলায় রবীন্দ্রনাথ খুব বেশি কাজে আসেননি। তার বাংলা আমাদের জীবনাচরণের বাংলা নয়। যেমন নয় বঙ্কিমের বাংলা। বাংলাকে সাহিত্যে আমাদের বাংলা করে তুলতে শুরু করেছিলেন জীবনানন্দ দাশ। নজরুল ইসলাম তার পূর্ণতা দেন। আমরা যেভাবে কথা বলি, যে শব্দ ব্যবহার করি তা রবীন্দ্রনাথের বাংলায় নেই। পশ্চিমবঙ্গের হালুম-হুলুম ঘটি বাংলার সাথে আমাদের বাংলার বরাবরই বিরোধ। পশ্চিমবঙ্গের রামপাঠাগুলো বরাবরই বাংলাদেশের বাংলাকে প্রকৃত বাংলা হিসেবে অস্বীকার করে এসেছে। হাল সময়ের উদাহরণ দিই। আমাদের আলোচিত-সমালোচিত গায়ক নোবেল যখন ভারতাধীন পশ্চিমবঙ্গের রিয়েলিটি শো 'সারেগামাপা'তে অংশ নেয়, তখকার কথা। একটা শোতে হোস্ট যিশু নোবেলকে বলছিলেন তোমাদের বাঙাল ভাষায় একটা গান গাও। তখন নোবেল বুঝে হোক আর না বুঝে হোক, চাইম ব্যান্ডের 'নাতি খাতি বেলা গেল, শুতি পারলাম না' গানটি গেয়েছিলেন।অর্থাৎ কথা পরিষ্কার, পশ্চিমবঙ্গের সোকল্ড এলিটরা বাংলাদেশের বাংলাকে বাংলা বলে মানে না। আমাদের বাংলা তাদের কাছে বাঙাল ভাষা। রবীন্দ্রনাথ সেই 'এলিট'দেরই পূর্বজ।

মজার বিষয় হলো, রবীন্দ্রনাথ খোদ পশ্চিমবঙ্গেই তুলোধুনো হন। উল্টোটা হয় আমাদের দেশে। আমাদের দেশের শিল্পীদের কেউ কেউ রবীন্দ্রনাথের পূজা করেন এবং রবীন্দ্র সঙ্গীতকে ইবাদতের সাথে তুলনা করেন। মুশকিল বাঁধে তখনই। মানুষকে ঈশ্বর বানানোর চেষ্টা হলে বাধা আসবেই। সমালোচনা হবেই। কিন্তু সেই সমালোচনা অসম্ভব ছিল বিগত ফ্যাসিস্টকালে। রবীন্দ্রনাথকে নিয়ে কথা বললেই হারে-রে-রে বলে তেড়ে আসতো একপাল রবীন্দ্র-পূজারি। কিন্তু ফ্যাসিস্টকাল অতিক্রান্ত হবার পর, আমাদের নিজস্ব সংস্কৃতিকে নিজেদের করে তুলতে চাইছে যখন কিছু তরুণ, তখন আবার নতুন করে বাধার সৃষ্টি হচ্ছে। রবীন্দ্রনাথের ছবিতে কালি দেয়া নিয়ে কথা হচ্ছে। বলা হচ্ছে এটা রাষ্ট্রদ্রোহ। কিন্তু যদি প্রশ্ন করি, রবীন্দ্রনাথ কি রাষ্ট্র? না, রবীন্দ্রনাথ বাংলাদেশ রাষ্ট্র নয়। তার একটা গান আমাদের জাতীয় সঙ্গীত হয়েছে, তাই বলে রবীন্দ্রনাথ বাংলাদেশ নামক রাষ্ট্র নন। রবীন্দ্রবিরোধীতা মানে রাষ্ট্রের বিরোধীতা নয়। খোদ ভারতে মহাত্মা গান্ধীকে অসুর বানানো হয় দুর্গাপূজায়, সেখানে কিন্তু রাষ্ট্রবিরোধীতার প্রশ্ন আসে না। অথচ আমাদের দেশের রবীন্দ্র-পূজারির আদলে ভারত-পূজারিরা রবীন্দ্র বিরোধীতাকে রাষ্ট্রবিরোধীতা বলতে চায়। আজব না?

পলিটিক্সের আতুর ঘর হলো কালচার। সংস্কৃতি থেকেই রাজনীতি। এটা যারা না বোঝেন, তারা রাজনীতিতে হোঁচট খান বারবার। ভারতীয় সংস্কৃতি আমাদের সংস্কৃতিকে গ্রাস করেছে একাত্তরের পর থেকেই। আমাদের ভাষা-আদব সব বদলে যেতে শুরু করে তখন থেকেই। ভাই হয়ে যায় দাদা, বোন দিদি। সম্ভাষণে সালামের বদলে উঠে আসে আদাব। মুসলমানদের আধুনিক হতে গেলে ড্রয়িংরুমে রাখতে হয় 'নটরাজ' এর মূর্তি। এমনি ভাবে আমাদের সোকল্ড কালচারাল এলিটরা 'মোর দ্যান স্মার্ট' হয়ে উঠতে শুরু করেন। আর সাথে আড়ালে চলে যেতে থাকে আমাদের নিজস্ব সংস্কৃতি। আমরা ঘরে-বাইরে যে কথা বলি, যে আচরণ করি, তার সাথে চাপিয়ে দেয়া সংস্কৃতির তেমন কোনো সাদৃশ্যই খুঁজে পায় না মানুষ। সেই সাদৃশ্যহীন সংস্কৃতি চব্বিশের জুলাইয়ের আগ পর্যন্ত বাংলাদেশে প্রবল দাপটে উপস্থিত ছিল। কিন্তু চব্বিশের পর তরুণরা যখন নিজেদের সাংস্কৃতিক পরিচয়ে পরিচিত হতে শুরু করলো। কীর্তনের বদলে কাওয়ালি শুরু হলো, তখন থেকেই আধিপত্যবাদীদের শঙ্কার শুরু। সেই শঙ্কা থেকেই আঘাত করতে শুরু করলো সাংস্কৃতিক আধিপত্যবাদীরা। শহিদ হলেন শরীফ ওসমান হাদি। শুরু হলো সংঘাত। নিজ সংস্কৃতি রক্ষার, অপর দিকে অন্য সংস্কৃতি চাপিয়ে দেয়ার। সেই সংঘাতের বর্তমান পর্যায়ে হাজির করা হয়েছে রবীন্দ্রনাথকে। বলতে পারেন তাদের অস্ত্র শেষের পর্যায়ে। এই কালচারাল ওয়ারে বাংলাদেশের নিজস্ব সংস্কৃতির বিজয় অবশ্যম্ভাবী। বাংলাদেশ জিন্দাবাদ।

দুটি মৃত্যু: শোক কার, দায় কার

ডা. সানজিদা শাহরিয়া



‘অনৈতিক কাজ’। মাত্র দুটি শব্দ। সৌদি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের বিবৃতির এই দুটি শব্দের ভারেই ১৪ অক্টোবর শেষ হয়ে গেছে দুটি জীবন—নজরুল ইসলাম আবদুল বাসির ও সিতি আখতারের। মক্কায় এই দুই বাংলাদেশির মৃত্যুদণ্ড কার্যকর হয়েছে। সৌদি কর্তৃপক্ষ বলছে, উপযুক্ত আদালতে তাঁদের বিচার হয়েছে এবং আপিলেও রায় বহাল ছিল। কিন্তু মক্কার একটি মসজিদে ঠিক কী ঘটেছিল, তা প্রকাশ করা হয়নি। আমরাও জানি না।

সৌদিপ্রবাসী এবং তাঁদের পরিবার—দুই ভিন্ন দেশে বসে যাঁরাই খবরটি জানছেন মুঠোফোন, টিভি কিংবা পত্রিকার পাতা থেকে, এই লেখা তাঁদের মনের বিশ্লেষণ নয়। মসজিদের পবিত্রতাকেও এখানে প্রশ্ন করা হচ্ছে না; কোটি মুসলমানের কাছে তা গভীর শ্রদ্ধার বিষয়। প্রশ্ন শাস্তির মাত্রা নিয়ে। যাঁদের কথা আমরা কখনো শুনিনি, যাঁরা আর নিজেদের পক্ষে কিছু বলতে পারবেন না, তাঁদের নিয়ে অনুমান করা অন্যায়। আমার প্রশ্ন বরং আমাদের নিয়ে: একটি সমাজ কেন এত কঠোর শাস্তি দাবি করে? দূরে বসে খবরটি পড়ে আমাদের মনে কী ঘটে? আর এই একটি ঘটনা কত মানুষের জীবনে কত গভীর ক্ষত রেখে যায়?

এই প্রশ্ন কোনো একটি দেশ বা ধর্মের নয়; পৃথিবীর প্রায় সব সমাজেই পবিত্রতা ও শাস্তির সম্পর্ক জটিল। সিগমুন্ড ফ্রয়েড টোটেম অ্যান্ড ট্যাবু গ্রন্থে মানবসমাজের আদি রীতিনীতি বিশ্লেষণ করে দেখিয়েছিলেন, যে ট্যাবু ভাঙে, সমাজ তাকে ছোঁয়াচে বিপদ হিসেবে দেখে; আর শাস্তির মধ্য দিয়ে গোষ্ঠী নিজের সীমানা ও ঐক্যকে নতুন করে নিশ্চিত করতে চায়। নৃবিজ্ঞানী মেরি ডগলাস আরেক দিক থেকে একই কথা বলেছেন: সমাজ যাকে ‘অশুচি’ বলে, তা আসলে নিজের জায়গার বাইরে থাকা কিছু। সীমানা যত পবিত্র, লঙ্ঘনের ভয় তত তীব্র। প্রতিটি সংস্কৃতিতেই উপাসনালয় সেই সীমানার সবচেয়ে স্পর্শকাতর জায়গা।

মনোবিশ্লেষক ফ্রানৎস আলেক্সান্ডার ও হুগো স্টাউব প্রায় এক শতাব্দী আগে একটি অস্বস্তিকর প্রশ্ন তুলেছিলেন: জনগণ কেন অপরাধীর কঠোর শাস্তি চায়? তাঁদের উত্তর ছিল, অন্যকে শাস্তি দিয়ে আমরা নিজের ভেতরের অবদমিত ইচ্ছাকেও শাসন করি। শাস্তি যখন অপরাধের অনুপাত ছাড়িয়ে যায়, তখন তা হয়তো অপরাধীর চেয়ে শাস্তি দাবি করা সমাজের মন সম্পর্কেই বেশি কথা বলে—সেই সমাজ আমাদেরটাও হতে পারে।

চিকিৎসা-নৃবিজ্ঞানী ন্যান্সি শেপার-হিউজ ও মার্গারেট লক দেহকে তিনভাবে পড়তে শিখিয়েছেন। একটি ব্যক্তির দেহ—রক্ত-মাংসের মানুষ, যাঁর ক্ষুধা, ক্লান্তি, ভালোবাসা ও ভয় আছে। একটি সামাজিক দেহ—যা পবিত্রতা ও শৃঙ্খলার প্রতীক। আর একটি রাষ্ট্রীয় দেহ—যার ওপর রাষ্ট্র নিজের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করে। মিশেল ফুকো দেখিয়েছিলেন, শাস্তিপ্রাপ্ত দেহ আসলে ক্ষমতার ঘোষণা: সেই দেহের মধ্য দিয়ে রাষ্ট্র সবাইকে জানিয়ে দেয়, সীমানা কোথায়। মক্কার ঘটনায় শেষ দুটি দেহের কথা বারবার উচ্চারিত হয়েছে—পবিত্র স্থান, পবিত্র সময়, রাজকীয় আদেশ। সবচেয়ে কম জায়গা পেয়েছে প্রথমটি: দুটি মানুষ নিজেই।

একজন প্রবাসী শ্রমিকের জীবনে এই নির্ধারকগুলো একসঙ্গে জমা হয়: ধারদেনা করে বিদেশযাত্রা, নিয়োগকর্তানির্ভর কাফালা ব্যবস্থা (আংশিক সংস্কারের পরও যার প্রভাব রয়ে গেছে), অচেনা ভাষার আইন-আদালত, বছরের পর বছর পরিবার থেকে বিচ্ছিন্নতা আর একাকিত্ব। চিকিৎসক-নৃবিজ্ঞানী পল ফারমার একে বলেছেন ‘কাঠামোগত সহিংসতা’—যেখানে কেউ হাত না তুললেও ব্যবস্থাটিই মানুষকে ক্ষতির দিকে ঠেলে দেয়।

এক প্রতিবেদন অনুযায়ী, চলতি বছরের জানুয়ারি থেকে সেপ্টেম্বর পর্যন্ত ৪,০৬০ প্রবাসী শ্রমিকের মরদেহ দেশে ফিরেছে—গড়ে প্রতিদিন ১৪টির বেশি; আর এ বছর শুধু সৌদি আরবেই মারা গেছেন প্রায় ২ হাজার বাংলাদেশি শ্রমিক। তবে এই সংখ্যাকে মৃত্যুদণ্ডের হিসাব ভাবলে ভুল হবে: একই প্রতিবেদন বলছে, এ বছরের ৬৬ শতাংশ মৃত্যু নথিতে ‘স্বাভাবিক মৃত্যু’ হিসেবে লেখা, আর ১৬ শতাংশের বেশি সড়ক বা কর্মক্ষেত্রের দুর্ঘটনা, আগুন, উঁচু থেকে পড়ে যাওয়া কিংবা বিদ্যুতায়িত হয়ে; বিদেশে মৃত্যুর কারণ বাংলাদেশ আলাদাভাবে যাচাইও করে না। তবু এই সংখ্যাগুলো একই কাঠামোগত ভঙ্গুরতার ছবি দেখায়।

একটি প্রতিবেদন থেকে জানা যায়, সৌদি কর্তৃপক্ষ জেদ্দা কনস্যুলেটকে প্রায় আড়াই হাজার বাংলাদেশি বন্দীর একটি তালিকা দিয়েছিল; সম্প্রতি দণ্ডিত দুজনের নাম তাতে থাকলেও মৃত্যুদণ্ডের কোনো উল্লেখ ছিল না। কনস্যুলেট আরও জানিয়েছে, তাঁদের কেউ কনস্যুলার সহায়তাও চাননি। তাঁরা কি জানতেন, কার কাছে, কীভাবে সাহায্য চাইতে হয়? প্রশ্ন জাগে, আদালতে দাঁড়ানোর আগেই কি তাঁরা এক অসম লড়াইয়ে পিছিয়ে ছিলেন? ক্ষমতা, অর্থ ও সুরক্ষার জোর থাকলে কি পরিণতি ভিন্ন হতে পারত?

এমন খবর দেশে পৌঁছালে আমাদের মনও আত্মরক্ষার কৌশল খোঁজে। এ ধরনের ঘটনায় সাধারণত শোনা যায়, ‘আইন ভাঙলে শাস্তি তো পেতেই হবে’—এভাবে যুক্তি দিয়ে মৃত্যুর ভার হালকা করা হয়। অনেকে নীরব থাকাই নিরাপদ মনে করেন, যেন কিছুই ঘটেনি। কখনো শোনা যায়, ‘ওরা দেশের মুখে কালি দিয়েছে’—তখন লজ্জা ঢেকে দেয় সহমর্মিতাকে। মনোবিশ্লেষক মেলানি ক্লাইনের ভাষায় এটি বিভাজন: মানুষটিকে পুরোপুরি ‘খারাপ’ বানিয়ে ফেলা, যাতে তাঁর জন্য কষ্ট পেতে না হয়। কিন্তু এই আত্মরক্ষা আমাদের কী কেড়ে নেয়? দুটি মৃত্যুকে মানুষের মৃত্যু হিসেবে অনুভব করার ক্ষমতা।

দুটি পরিবার আজ এমন এক শোক বইছে, সমাজ যাকে স্বীকৃতি দিতে চায় না। শোক-গবেষক কেনেথ ডোকা এর নাম দিয়েছেন ‘অস্বীকৃত শোক’। নৃবিজ্ঞানী রবার্ট হের্ৎস দেখিয়েছিলেন, শেষকৃত্যের আচার মৃতকে সম্মানের সঙ্গে বিদায় দেয় এবং জীবিতের শোককে একটি আকার দেয়। রাষ্ট্রই যখন দণ্ড কার্যকরের কথা আগে জানতে পারেনি, তখন পরিবার কি শেষ মুখ দেখা বা জানাজার কোনো সুযোগ পেয়েছিল? মরদেহ কোথায়, ফিরবে কি না—এ প্রশ্নগুলোও শোককে অসমাপ্ত রাখে। ফ্রয়েড সতর্ক করেছিলেন, যে শোক প্রকাশের পথ পায় না, তা অনেক সময় দীর্ঘস্থায়ী বিষণ্নতায় রূপ নেয়।

এই ঘটনার ক্ষত দুটি মৃত্যুতে থামে না। প্রথম আঘাত পরিবারের ওপর: উপার্জন হারানোর ধাক্কা, সন্তানদের অনিশ্চিত ভবিষ্যৎ, প্রতিবেশীর কানাকানি। সমাজবিজ্ঞানী আরভিং গফম্যান যাকে কলঙ্ক বলেছেন, তা অভিযুক্ত থেকে ছড়িয়ে পড়ে নির্দোষ স্বজনের গায়েও, আর মানুষকে ধীরে ধীরে সম্পর্ক, কাজ ও সেবা থেকে দূরে ঠেলে দেয়। দ্বিতীয় আঘাত প্রবাসী সম্প্রদায়ের ওপর: পররাষ্ট্র মন্ত্রণালয়ের হিসাবে সৌদি আরবে কর্মরত ৪০ লাখের বেশি বাংলাদেশির মনে সেই প্রশ্নটিই ঘুরে বেড়ায়, যা রিয়াদের ওই তরুণের মনে জেগেছিল। তৃতীয় আঘাত গোটা সমাজের ওপর, যে সমাজ নিজের মানুষের মৃত্যুকে লজ্জা দিয়ে ঢেকে দেয়, সেখানে সহমর্মিতার বন্ধন দুর্বল হয়। চিকিৎসা-নৃবিজ্ঞানীরা একে বলেন ‘সামাজিক যন্ত্রণা’—যে কষ্টের উৎস ব্যক্তি নয়, সমাজের ক্ষমতার বিন্যাস।

তাহলে করণীয় কী? প্রথমত, প্রতিরোধ: বিদেশযাত্রার আগের প্রশিক্ষণে গন্তব্য দেশের আইন, শাস্তি ও বিপদে সহায়তা পাওয়ার পথ সম্পর্কে বাস্তবসম্মত ধারণা দেওয়া। দ্বিতীয়ত, সুরক্ষা: শ্রমবহুল দেশগুলোর মিশনে আইনি সহায়তার পাশাপাশি মনোসামাজিক সহায়তা ডেস্ক, আর প্রবাসী সংগঠনগুলোকে পারস্পরিক সহায়তার নেটওয়ার্ক হিসেবে গড়ে তোলা। তৃতীয়ত, পুনর্বাসন: শোকগ্রস্ত পরিবারের জন্য কমিউনিটিভিত্তিক শোক-পরামর্শ, আর্থিক সহায়তা ও সন্তানদের শিক্ষার নিশ্চয়তা। আর গণমাধ্যমের দায়: দণ্ডিত মানুষ ও তাঁদের স্বজনদের মর্যাদা রক্ষা করে সংবাদ পরিবেশন, যাতে শিরোনাম কলঙ্কের নতুন উৎস না হয়ে ওঠে।

মনোবিশ্লেষণ রায় দেয় না, প্রশ্ন করে। সামাজিক স্বাস্থ্য সেই প্রশ্নকে মন থেকে সমাজের কাঠামোয় নিয়ে যায়, আর চিকিৎসা-নৃবিজ্ঞান দেখায়, সংস্কৃতি ও ক্ষমতা কীভাবে মানুষের দেহে নিজেদের অর্থ লিখে দেয়। তাই আসল প্রশ্নটি ‘তাঁরা অপরাধী ছিলেন কি না’ নয়। প্রশ্ন হলো, আমাদের মনের কোন ভয় আর সমাজের কোন ফাঁক দুটি মানুষের মৃত্যুকে স্বাভাবিক বলে মেনে নিতে সাহায্য করছে? সেই ভয় ও ফাঁক চিনতে পারলেই নজরুল ইসলাম আবদুল বাসির ও সিতি আখতারকে আবার মানুষ হিসেবে দেখতে পারব—সংবাদ শিরোনাম হিসেবে নয়।



সিজদার গুরুত্ব ও ফজীলত

মুফতী ইমতিয়াজ মাহমুদ



সিজদা এক অনন্য ও অদ্বিতীয় সম্মাননা, যা একমাত্র আল্লাহরই প্রাপ্য। মহান আল্লাহ বলেন, তোমরা আল্লাহকে সিজদা করো (সূরা ফুসসিলাত: ৩৭)। সিজদার মাধ্যমেই মানবজাতির পিতা আদম আলাইহিস সালামকে প্রথম অভ্যর্থনা জানানো হয়েছিল, আর এর দ্বারাই মানুষকে শ্রেষ্ঠত্ব দানের বিষয়টি সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়। এই নিবন্ধে সিজদার গুরুত্ব ও তাৎপর্য নিয়ে বিস্তারিত আলোচনা করা হলো।

আল্লাহ তায়ালা আদম আলাইহিস সালামকে সৃষ্টি করার পর ফেরেশতাদের তাঁকে সিজদা করার নির্দেশ দিয়েছিলেন (সূরা হা-মীম সিজদাহ: ১১)। ইবলিস ব্যতীত সকল ফেরেশতাই তাঁকে সিজদা করেছিল; ইবলিস অহংকারবশত এই আদেশ অমান্য করে পথভ্রষ্ট হয়ে যায়। আল্লাহ তাকে জিজ্ঞেস করলে সে যুক্তি দেখায় যে, আদম মাটির তৈরি আর সে আগুনের তৈরি, তাই মাটির তৈরি মানুষকে সে সিজদা করতে পারে না এভাবে সে অহংকার প্রদর্শন করে। ফলে আল্লাহ তার প্রতি চরম অসন্তুষ্ট হয়ে তাকে চিরতরে অভিশপ্ত ঘোষণা করেন।

মূলত আল্লাহ তায়ালা তাঁর ইবাদতের জন্যই মানবজাতিকে সৃষ্টি করেছেন। মানব জাতির প্রতি অসামান্য ভালোবাসার প্রতীক হিসেবেই সিজদার মতো গুরুত্বপূর্ণ সম্মান দিয়ে আদম আলাইহিস সালামকে বন্ধুরূপে বরণ করে নেওয়া হয়। এরপর ইবলিসের শয়তানি চিন্তা-চেতনা সম্পর্কে আদম আলাইহিস সালামকে সতর্ক করে তাঁকে তার থেকে দূরে থাকতে বলা হয় এবং জান্নাতের একটি নির্দিষ্ট বৃক্ষের ফল খেতে নিষেধ করা হয়। কিন্তু শয়তান মিথ্যা ও লোভনীয় প্রতিশ্রুতি দিয়ে আদম ও হাওয়া আলাইহিমাস সালামকে সেই নিষিদ্ধ ফল খাওয়াতে সক্ষম হয়। এরপর আল্লাহ তাঁদের প্রতি অসন্তুষ্ট হয়ে কিছুকালের জন্য পৃথিবীতে নির্বাসন দেন এবং শয়তানকেও অভিশপ্তরূপে পৃথিবীতে প্রেরণ করেন।

মূলত সিজদা কখনোই আদম আলাইহিস সালামের জন্য ইবাদত ছিল না, বরং তা ছিল মানব জাতির প্রতি অন্যদের সম্মান প্রদর্শনের একটি মাধ্যম। প্রকৃতপক্ষে সিজদা একমাত্র আল্লাহর প্রাপ্য এবং তাঁর প্রতি যাবতীয় ইবাদতের শ্রেষ্ঠাংশ। আল্লাহ মানবজাতির জন্য সালাতের মতো একটি ইবাদতের বিধান দিয়েছেন এবং সমগ্র বিশ্বের মানুষের সিজদার দিকনির্দেশনা হিসেবে বায়তুল্লাহ বা কাবা শরিফকে নির্ধারণ করেছেন। উল্লেখ্য, ইবলিস জান্নাত থেকে বহিষ্কৃত হলেও আল্লাহ তাকে মানুষকে ধোঁকা দেওয়া ও বিভ্রান্ত করার সীমিত ক্ষমতা দিয়েছেন, যা মূলত মানুষকে পরীক্ষা করার জন্যই। যে ব্যক্তি শয়তানের প্রবঞ্চনাকে ঘৃণাভরে প্রত্যাখ্যান করতে পারবে, সে তার শ্রেষ্ঠত্ব বহাল রেখে আল্লাহর প্রিয়পাত্র হয়ে জান্নাত লাভ করবে; আর যে শয়তানের পথ অনুসরণ করবে তাকে জাহান্নামে যেতে হবে।

পৃথিবী মানুষের জন্য একটি সাময়িক পরীক্ষাকেন্দ্র মাত্র। জান্নাত থেকে নেমে আসা মানুষ পৃথিবীর এই পরীক্ষাস্থলে সৎ কাজের মাধ্যমে পুনরায় জান্নাতে ফিরে যেতে পারবে, অন্যথায় ব্যর্থ হয়ে জাহান্নামে নিক্ষিপ্ত হবে। এই শিক্ষা দেওয়ার জন্যই আল্লাহ তায়ালা মানবজাতির কল্যাণে মহাগ্রন্থ আল-কুরআন অবতীর্ণ করেছেন এবং সিজদার বিষয়টি গুরুত্ব সহকারে বর্ণনা করেছেন।

সমগ্র সৃষ্টিজগৎই আল্লাহর প্রতি সিজদাবনত। আল্লাহ বলেন, নভোমণ্ডল ও ভূমণ্ডলে যা কিছু আছে, তারা ও তাদের ছায়াসমূহ সকাল-সন্ধ্যা ইচ্ছায় বা অনিচ্ছায় আল্লাহকেই সিজদা করে (সূরা রা'দ: ১৫)। অন্যত্র বলা হয়েছে, নভোমণ্ডল ও ভূমণ্ডলে যা কিছু আছে, সূর্য, চন্দ্র, নক্ষত্ররাজি, পর্বতরাজি, বৃক্ষলতা, জীবজন্তু ও বহু মানুষ আল্লাহকে সিজদা করে, আর বহু মানুষ যারা সিজদা করতে অস্বীকার করে তাদের উপর শাস্তি অবধারিত হয়ে গেছে, বস্তুত আল্লাহ যাকে লাঞ্ছিত করেন তাকে সম্মান দেওয়ার কেউ নেই (সূরা হজ্জ: ১৮)। আরেক আয়াতে বলা হয়েছে, তারা কি আল্লাহর সৃষ্ট বস্তুসমূহের প্রতি লক্ষ্য করে না, যাদের ছায়া ডানে-বামে ঢলে পড়ে বিনীতভাবে আল্লাহর প্রতি সিজদাবনত হয়; আসমান ও যমীনের সকল প্রাণী এবং ফেরেশতাগণ আল্লাহকে সিজদা করে এবং তারা অহংকার করে না, বরং তারা তাদের প্রতিপালককে ভয় করে এবং যা আদিষ্ট হয় তাই পালন করে (সূরা নাহল: ৪৮-৪৯)।

যারা বিনয় ও আনুগত্যের সাথে আল্লাহকে সিজদা করে তারা বিশেষভাবে আল্লাহর সন্তুষ্টি লাভ করে। আল্লাহ বলেন, কেবল তারাই আমার নিদর্শনসমূহে বিশ্বাস করে, যাদের তা স্মরণ করিয়ে দিলে তারা সিজদায় লুটিয়ে পড়ে এবং প্রতিপালকের পবিত্র মহিমা কীর্তন করে, তারা অহংকার করে না (সূরা সাজদা: ১৫)। আরেক আয়াতে বলা হয়েছে, যে ব্যক্তি রাত্রিকালে সিজদায় বা দাঁড়িয়ে আনুগত্য প্রকাশ করে, আখিরাতকে ভয় করে এবং প্রতিপালকের রহমতের আশা রাখে, সে কি তার সমান যে এমন করে না (সূরা যুমার: ৯)। এমনকি জড় বস্তুও আল্লাহর প্রতি সিজদাবনত— আল্লাহ বলেন, তারকা ও বৃক্ষলতা সিজদারত আছে (সূরা আর-রহমান: ৬)।

কিন্তু দুর্ভাগ্যজনক হলেও সত্য, মানুষের মধ্যে অনেকে আল্লাহকে সিজদা করে, আবার অনেকে করে না। এ প্রসঙ্গে আল্লাহ বলেন, এক দলকে আল্লাহ হেদায়েত দান করেছেন, আর আরেক দলের উপর ভ্রষ্টতা নির্ধারিত হয়ে গেছে, কারণ তারা আল্লাহকে ছেড়ে শয়তানকে বন্ধুরূপে গ্রহণ করেছে অথচ মনে করে তারা সুপথপ্রাপ্ত (সূরা আ'রাফ: ৩০)। এই পৃথিবী মানুষের জন্য এক কঠিন পরীক্ষাকেন্দ্র। আল্লাহ বলেন, তিনিই মৃত্যু ও জীবন সৃষ্টি করেছেন এটা পরীক্ষা করার জন্য যে, তোমাদের মধ্যে কে উত্তম কর্মশীল, তিনি পরাক্রমশালী ও ক্ষমাশীল (সূরা মুলক: ১-২)। অন্য আয়াতে বলা হয়েছে, মানুষ কি মনে করে যে শুধু ঈমান আনার দাবি করলেই তাদের পরীক্ষা ছাড়াই ছেড়ে দেওয়া হবে? আল্লাহ পূর্ববর্তীদেরও পরীক্ষা করেছিলেন, যাতে সত্যবাদী ও মিথ্যাবাদী চিহ্নিত হয় (সূরা আনকাবুত: ২-৪)।

মানুষ ও জিন ব্যতীত অন্য কোনো সৃষ্টির হিসাব বা পরীক্ষা হবে না, কারণ তাদের মানুষের মতো জ্ঞান-বুদ্ধি বা শক্র নেই। যারা জ্ঞান দ্বারা শয়তানের মোকাবিলা করে আল্লাহর নিদর্শন থেকে হেদায়েত লাভ করে, তারা পরকালেও আল্লাহর সিজদার মাধ্যমে সফলকাম হয়ে পরম সুখে অনন্তকালের জান্নাতে বসবাস করবে। পক্ষান্তরে যারা আল্লাহকে অস্বীকার করে, তাদের সম্পর্কে আল্লাহ বলেন, তাদের কী হলো যে তারা বিশ্বাস স্থাপন করে না এবং কুরআন পাঠ করা হলেও সিজদা করে না (সূরা ইনশিকাক: ২০-২১)। অন্যত্র বলা হয়েছে, তাদের রহমানকে সিজদা করতে বললে তারা প্রশ্ন করে রহমান আবার কে, আর তাতে তাদের বিমুখতাই বৃদ্ধি পায় (সূরা ফুরকান: ৬০)।

এই অস্বীকারকারীরা পরকালেও সিজদা করতে সক্ষম হবে না এবং জাহান্নামে নিক্ষিপ্ত হবে। আল্লাহ বলেন, যেদিন পায়ের গোছা উন্মোচিত করা হবে এবং তাদের সিজদার আহবান জানানো হবে, কিন্তু তারা তা করতে সক্ষম হবে না; তাদের দৃষ্টি অবনত থাকবে ও তারা লাঞ্ছনাগ্রস্ত হবে, অথচ সুস্থ অবস্থায় তাদের সিজদার আহবান জানানো হয়েছিল, অতএব যারা এই কালামকে মিথ্যা বলে তাদের আল্লাহ ধীরে ধীরে এমনভাবে পাকড়াও করবেন যা তারা জানতেও পারবে না (সূরা কলম: ৪২-৪৪)। হাদিসে এসেছে, কিয়ামতের দিন আল্লাহ যখন নিজের পরিচয় দেবেন এবং সাক বা পায়ের নলা উন্মোচিত হবে, তখন সকল প্রকৃত ঈমানদার সিজদায় লুটিয়ে পড়বে, কিন্তু যারা দুনিয়াতে লোক-দেখানোর জন্য সিজদা করত তাদের মেরুদণ্ড তক্তার মতো শক্ত হয়ে যাবে, ফলে তারা সিজদা করতে পারবে না (সহিহ বুখারি: ৭৪৩৯)।

মানুষ সৃষ্টির শ্রেষ্ঠ জীব। আল্লাহ তায়ালা মানুষকে তাঁর ইবাদত করার জন্য যথেষ্ট জ্ঞান-বুদ্ধি ও বিবেক-বিবেচনা দিয়ে পৃথিবীতে পাঠিয়েছেন। মানবজীবনের প্রতিটি ভালো কাজই ইবাদত, তবে তা অবশ্যই আল্লাহ ও তাঁর রাসুলের শেখানো পদ্ধতিতেই হতে হবে। সিজদা এমন একটি ইবাদত, যা একমাত্র আল্লাহর উদ্দেশ্যেই নিবেদিত। মানুষ জান্নাত থেকে পৃথিবীতে এসেছে এবং ইবাদতের মাধ্যমেই তাকে পুনরায় জান্নাতে ফিরে যেতে হবে।

সালাতের মধ্যে সিজদা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আল্লাহ বলেন, তোমরা তো উদাসীন, বরং আল্লাহকে সিজদা করো ও তাঁর উপাসনা করো (সূরা নাজম: ৬১-৬২)। হেদায়েতপ্রাপ্ত মানুষ বহুমুখী ইবাদতের মাধ্যমে আল্লাহর সন্তুষ্টি লাভের চেষ্টা করে, তন্মধ্যে সিজদার স্থান সর্বোচ্চ। সিজদার সময় মানুষ আল্লাহর সবচেয়ে নিকটবর্তী হয় এবং তার আল্লাহভীতি, বিনয় ও নম্রতা বহুগুণে বেড়ে যায়। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, বান্দা তার প্রতিপালকের সবচেয়ে নিকটবর্তী হয় যখন সে সিজদারত থাকে, অতএব তোমরা তখন বেশি বেশি দোয়া করো (সহিহ মুসলিম: ৪৮২)। আল্লাহ তাঁর প্রিয় নবীকে নির্দেশ দিয়ে বলেন, তুমি তোমার প্রতিপালকের প্রশংসা বর্ণনা করো এবং সিজদাকারীদের অন্তর্ভুক্ত হও, আর তোমার প্রতিপালকের ইবাদত করো যতক্ষণ না মৃত্যু তোমার কাছে আসে (সূরা হিজর: ৯৮-৯৯)।

যারা প্রকৃত অর্থে আল্লাহকে সিজদাকারী, তারা জান্নাতে প্রবেশ করবে; আর যারা নামমাত্র সিজদাকারী, যাদের সিজদায় আল্লাহ সন্তুষ্ট নন, তারা প্রথমে জাহান্নামে নিক্ষিপ্ত হলেও পরবর্তীতে আল্লাহর দয়া ও রহমতে ধীরে ধীরে জান্নাতে স্থান পাবে। আল্লাহ তায়ালা আমাদের সকলকে সকল প্রকার ভ্রান্তির ঊর্ধ্বে উঠে তাঁর সন্তুষ্টির পথে চলার তাওফিক দান করুন। আমীন।

খতীব, নূরে মদীনা জামে মসজিদ, সীতাকুণ্ড, চট্টগ্রাম

মৃত ব্যক্তির নিকট কুরআন তেলাওয়াতের বিধান



ওসামা বিন আমীন

কুরআন আল্লাহ তায়ালার পক্ষ থেকে জিবরীল আলাইহিস সালামের মাধ্যমে মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর উপর অবতীর্ণ এলাহি কিতাব। এই কিতাব তেলাওয়াত করলে প্রতিটি বর্ণের বিনিময়ে দশটি করে নেকী পাওয়া যায় (তিরমিযি: ২৯১০)। তেলাওয়াতকারী ও হাফেজ জান্নাতের সর্বোচ্চ স্থান লাভ করবে এবং সম্মানিত ফেরেশতাদের সাথে অবস্থান করবে। কিন্তু এই গ্রন্থের বিধি-বিধান মূলত জীবিত ব্যক্তির জন্য প্রযোজ্য, মৃত ব্যক্তির উপর শরিয়তের বিধান কার্যকর নয়। এই নিবন্ধে জীবিত ও মৃত ব্যক্তির নিকট কুরআন তেলাওয়াতের বিধান নিয়ে আলোচনা করা হলো।

আল্লাহ তায়ালা বলেন, যখন কুরআন তেলাওয়াত করা হয়, তখন তোমরা তা মনোযোগ দিয়ে শোনো এবং চুপ থাকো, যাতে তোমরা অনুগ্রহপ্রাপ্ত হতে পারো (সূরা আরাফ: ২০৪)। জীবিত ব্যক্তির কুরআন তেলাওয়াত শোনায় কোনো বাধা নেই, এমনকি মুমূর্ষু ব্যক্তি শুনতে চাইলে তার পাশে বসে তেলাওয়াত করা যায়। আব্দুল্লাহ ইবনে মাসউদ রাযিয়াল্লাহু আনহু বর্ণনা করেন, নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁকে কুরআন তেলাওয়াত করতে বলেছিলেন এবং সূরা নিসার একটি আয়াতে পৌঁছালে তাঁর চোখ অশ্রুসিক্ত হয়ে যায় (সহিহ বুখারি: ৫০৫৫, সহিহ মুসলিম: ৮০০)। অন্য হাদিসে নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আবু মুসা রাযিয়াল্লাহু আনহুর তেলাওয়াত শুনে তাঁর সুন্দর কণ্ঠের প্রশংসা করেছিলেন (সহিহ বুখারি: ৫০৪৮)।

মুমূর্ষু ব্যক্তির জন্য করণীয় হলো তাকে কালেমার তালকিন দেওয়া। নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, তোমরা তোমাদের মৃত্যুপথযাত্রীকে লা ইলাহা ইল্লাল্লাহর তালকিন দাও (সহিহ মুসলিম: ৯১৬-৯১৭)। যার শেষ বাক্য মৃত্যুর সময় এই কালেমা হবে, সে একসময় জান্নাতে প্রবেশ করবে (সহিহ ইবনে হিব্বান: ৩০০৪)। তবে এতে চাপ সৃষ্টি করা যাবে না, কেননা এতে ব্যক্তি বিরক্ত হয়ে কালেমা অস্বীকারও করে বসতে পারে। শায়খ উসাইমিন রাহিমাহুল্লাহ বলেন, মুমূর্ষু ব্যক্তির অবস্থা অনুযায়ী তালকিন দিতে হবে।

তবে মুমূর্ষু ব্যক্তির নিকট সূরা ইয়াসিন তেলাওয়াতের প্রচলিত বিধান সম্পর্কিত হাদিসগুলো দুর্বল বা জাল। মাকিল ইবনে ইয়াসার রাযিয়াল্লাহু আনহু বর্ণিত হাদিসে বলা হয়েছে, তোমরা তোমাদের মৃতদের কাছে সূরা ইয়াসিন তেলাওয়াত করো (সুনানে আবু দাউদ: ৩১২১), কিন্তু শায়খ আলবানি রাহিমাহুল্লাহ ও শায়খ বিন বায রাহিমাহুল্লাহসহ একাধিক মুহাদ্দিস এই হাদিসকে দুর্বল আখ্যায়িত করেছেন, কেননা এর সনদে অপরিচিত রাবি রয়েছেন। উবাই ইবনে কাব রাযিয়াল্লাহু আনহু বর্ণিত আরেকটি হাদিস, যেখানে সূরা ইয়াসিন তেলাওয়াতে জান্নাতের শরাব পানের কথা এসেছে, তা শায়খ আলবানির মতে সম্পূর্ণ জাল, কেননা এর বর্ণনাকারী মুখাল্লাদ হাদিস জালকারী হিসেবে পরিচিত ছিলেন। একইভাবে আবুদ্দারদা রাযিয়াল্লাহু আনহুর নামে বর্ণিত হাদিসটিও জাল, কেননা এতে মারওয়ান নামক একজন রাবি রয়েছেন যাকে ইমাম বুখারি, মুসলিম ও আবু হাতিম মুনকারুল হাদিস বলেছেন। মুমূর্ষু ব্যক্তির নিকট সূরা বাকারা বা অন্য সূরা তেলাওয়াতের বর্ণনাসমূহও দুর্বল। শাবি রাহিমাহুল্লাহ বর্ণিত হাদিসে মুজালিদ নামক রাবি রয়েছেন, যাকে ইমাম আহমাদ, বুখারি, নাসায়ি ও দারাকুতনিসহ অনেকে দুর্বল বলেছেন। ইমাম মালেক রাহিমাহুল্লাহ মুমূর্ষু ব্যক্তির নিকট কুরআন তেলাওয়াতকে মাকরুহ মনে করতেন, কেননা এ বিষয়ে বর্ণিত হাদিস দুর্বল এবং এটি সালাফে সালেহীনের আমল নয়।

কবরের নিকট কুরআন তেলাওয়াতের বিষয়টিও একইভাবে ভিত্তিহীন। ইমাম মালেক রাহিমাহুল্লাহ বলেন, আমি কাউকে এরূপ আমল করতে দেখিনি। ইমাম শাফেয়ি রাহিমাহুল্লাহ কবরের নিকট কুরআন তেলাওয়াতকে বিদআত বলতেন। ইবনে তাইমিয়া রাহিমাহুল্লাহ বলেন, মৃত্যুর পর লাশের নিকট কুরআন তেলাওয়াত করা বিদআত। তিনি আরও বলেন, কেবল আর্থিক ইবাদতের মাধ্যমেই মৃতরা উপকৃত হতে পারে, আর নফল সালাত, সিয়াম বা কুরআন তেলাওয়াতের সওয়াব মৃতদের কাছে পাঠানো সালাফে সালেহীনের নীতি নয়। ইবনুল কাইয়্যিম রাহিমাহুল্লাহ বলেন, মৃত ব্যক্তির নামে কবরের পাশে বা অন্য কোথাও কুরআন পাঠ করা বিদআত। উবাইদ রহমান ইবনুল আলা বর্ণিত হাদিসটিও অপরিচিত রাবির কারণে গ্রহণযোগ্য নয়, যদিও এতে ইমাম আহমাদ রাহিমাহুল্লাহর একটি ঘটনা জড়িত রয়েছে যেখানে তিনি প্রথমে কবরের নিকট তেলাওয়াতকে বিদআত বলেছিলেন, পরে একটি বর্ণনা শুনে দ্বিধায় পড়েছিলেন— তবে বিশেষজ্ঞরা বলেন তার চূড়ান্ত অবস্থান ছিল এটি মাকরুহ।

মুমূর্ষু ব্যক্তি মারা গেলে জীবিতদের কিছু করণীয় রয়েছে। প্রথমে তার চোখ বন্ধ করে দিতে হবে এবং তার জন্য দোয়া করতে হবে, কেননা তখন ফেরেশতারা সেই দোয়ায় আমিন বলেন। নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আবু সালামার মৃত্যুর পর দোয়া করেছিলেন, হে আল্লাহ, আপনি তাকে ক্ষমা করুন, তার কবরকে প্রশস্ত করুন এবং সেখানে আলোর ব্যবস্থা করুন (সহিহ মুসলিম)। এরপর গোসল, কাফন, ঋণ পরিশোধ, জানাজার সালাত ও দাফন সম্পন্ন করতে হবে। মৃতের জন্য তিন দিন শোক পালন করা যায়, তবে স্ত্রী স্বামীর জন্য চার মাস দশ দিন ইদ্দত পালন করবে, আর বিলাপ-মাতম করা যাবে না।

কুরআন তেলাওয়াত একটি মহান ইবাদত, যা জীবিত থাকাকালীন নিজে শেখা ও অপরকে শেখানোর মাধ্যমে ব্যক্তির আমলনামায় জমা হতে থাকে। কিন্তু মুমূর্ষু ব্যক্তির পাশে সূরা ইয়াসিন পাঠ করার যে প্রচলিত রীতি সমাজে দেখা যায়, তার কোনো সহিহ ভিত্তি ইসলামে নেই। জীবিত মুসলিম কুরআনের যেকোনো সূরা পাঠ ও শ্রবণ করতে পারে এবং তাতে নেকী পাওয়া যাবে, কিন্তু মৃত ব্যক্তির পাশে বা কবরের পাশে কুরআন তেলাওয়াত সম্পূর্ণভাবে বিদআত। আল্লাহ তায়ালা আমাদের সকলকে কুরআন ও সহিহ হাদিস অনুযায়ী আমল করার তাওফিক দান করুন। আমীন।

প্রিন্সিপাল, আন্- নাজম একাডেমি, কক্সবাজার

WWW.MOINLAW.COM

LAW OFFICES

Toll Free: 1-866-MOIN-LAW
Cell: 917-282-9256
(To schedule appointment only)



এক্সিডেন্ট কেইসেস-মেডিক্যাল ম্যালপ্রেক্টিস

বিনামূল্যে পরামর্শ

প্রয়োজনে এটর্নী বাসায় বা হাসপাতালে আসবেন

- গাড়ী এক্সিডেন্ট
- কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
- বিল্ডিং এ দূর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- ট্রিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- বিকলাঙ্গ শিশুর জন্ম
- লেড পয়জনিং
- IMMIGRATION

(Consultation fee applies)

ক্লায়েন্টেদের জন্য আমরা মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি

Prior Result Does Not Guarantee future outcome of any cases
Moin Choudhury is admitted in the United States Supreme Court and Michigan State Supreme Court only.
Michael Taub is admitted in New York State Only.

আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরকিায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

-যারা এক বছর বা তার আগে গ্রীনকার্ডের জন্য এপ্লাই করে অপেক্ষা করছেন তাদের জন্য রয়েছে সুখবর।

-আমরা এখন H1B ও EB5 এর ব্যাপারেও সহায়তা করি।

স্বনামধন্য আমেরকিান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



FRANCHISE BROKER ACADEMY
Member

Captor USA, Inc.
Franchise & Business Consulting Firm
37-16, 73rd Street, Suite #402, Jackson Heights, NY 11372
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, (646) 707 9067; Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com
New address 37-16, 73 street, Suite # 402, Jackson Heights, NY 11372

H1B | L1A VISA
EB5 | E2 VISA
POLITICAL ASYLUM

হটলাইন : +১ ২০১ ৪৫৬ ৩১০৩
সপ্তাহে ৭ দিনই খোলা

কানাডার বিরুদ্ধে হস্তক্ষেপের অভিযোগ

প্রথম পৃষ্ঠার পর

২০২৫ সালে ট্রাম্পের দ্বিতীয় মেয়াদ শুরু হওয়ার পর থেকে দুই দেশের মধ্যে বাণিজ্য যুদ্ধ চলছে। মার্কিন শুল্কের জবাবে কানাডাও আমদানি কর বসিয়েছে। তবে মার্কিন দূতাবাসের দাবি, শুল্ক নিয়ে কানাডার প্রকাশ্য মন্তব্যগুলো আগামী ৩রা নভেম্বরের মধ্যবর্তী নির্বাচনকে প্রভাবিত করার চেষ্টা। ফ্যাক্ট শিটে বিশেষভাবে কানাডার শিল্পমন্ত্রী মেলানি জোলির নাম উল্লেখ করা হয়েছে। আগস্ট মাসে তিনি বলেছিলেন, রাজনৈতিক চাপ প্রয়োগের জন্য তারা মার্কিন অঙ্গরাজ্যগুলোর পণ্যকে লক্ষ্যবস্তু করছেন। সেপ্টেম্বরে বোস্টন ও শিকাগোতে ডেমোক্রেট কর্মকর্তাদের সঙ্গেও বৈঠক করেছিলেন তিনি।

তবে হস্তক্ষেপের অভিযোগ অস্বীকার করে জোলি জানান, তার এই বৈঠকগুলোর উদ্দেশ্য ছিল কানাডার অর্থনীতিকে শক্তিশালী করা এবং বিনিয়োগ আকর্ষণ করা। মার্কিন দূতাবাস অন্টারিওর প্রিমিয়ার ডাগ ফোর্ডের মার্কিন পণ্যের ওপর পাল্টা ব্যবস্থা নেয়ার আহ্বান এবং শুল্কের বিরুদ্ধে তার সরকারের বিজ্ঞাপন প্রচারেরও সমালোচনা করেছে। এছাড়া, ফ্যাক্ট শিটে ১১ জন কানাডীয় নাগরিকের বিরুদ্ধে ২০১২ থেকে ২০২৪ সালের মধ্যে অবৈধভাবে মার্কিন নির্বাচনে ভোট দেয়ার অভিযোগ আনা হয়েছে। যদিও এর সঙ্গে কানাডা সরকারের কোনো সম্পৃক্ততার প্রমাণ দেয়া হয়নি।

লিবারেল এমপি অ্যান্থনি হাউসফাদারের ফ্লোরিডায় এক ডেমোক্রেট প্রার্থীর পক্ষে প্রচার চালানোর বিষয়টিও তুলে ধরা হয়েছে। কানাডায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত পিট হোয়েকস্ট্রা জানান, তারা কানাডার দিকে নজর রাখছেন এবং কোনো হস্তক্ষেপ দেখা গেলে যুক্তরাষ্ট্র তার জবাব দেবে। ট্রাম্প ক্ষমতায় ফেরার পর থেকে দুই মিত্র দেশের সম্পর্কে ফাটল ধরেছে। ট্রাম্প একাধিকবার কানাডাকে যুক্তরাষ্ট্রের ৫১তম অঙ্গরাজ্য বানানোর হুমকি দেন। এছাড়া, আলবার্টার বিচ্ছিন্নতাবাদীরাও ট্রাম্প প্রশাসনের সমর্থন চেয়েছিল। এসব নিয়ে কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নি স্পষ্ট করে জানান, তারা আশা করেন যুক্তরাষ্ট্রসহ বিদেশি সরকারগুলো তাদের নির্বাচনে নাক গলাবে না।

মিশিগানে সাইয়েদ উত্তেজনা, কানসাসে

প্রথম পৃষ্ঠার পর

লক্ষ্য ছিল সাবেক কংগ্রেস সদস্য রজার্সকে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও তাঁর ব্যাপক অজনপ্রিয় অর্থনৈতিক নীতির সঙ্গে সম্পৃক্ত করা। একই সঙ্গে মধ্যপন্থী ভোটারদের কাছে নিজের রাজনৈতিক অবস্থান নিয়ে থাকা উদ্বেগ দূর করার চেষ্টাও ছিল তাঁর।

অন্যদিকে, মিশিগানে বর্তমানে ডেমোক্র্যাটদের শাসন থাকা সত্ত্বেও রিপাবলিকান প্রার্থী রজার্সের জন্য ট্রাম্পের ঐতিহাসিকভাবে কম জনসমর্থন বড় বাধা হয়ে দাঁড়িয়েছে। ফলে ভোটারদের কাছে এল-সাইয়েদকে সিনেটর হিসেবে অযোগ্য প্রমাণ করাই তাঁর জয়ের অন্যতম প্রধান কৌশল।

কানসাসের বিতর্ক ছিল তুলনামূলকভাবে শান্ত ও সৌহার্দ্যপূর্ণ। সেখানে ডেমোক্র্যাট যাজক অ্যাডাম হ্যামিলটন রাজনৈতিক বামপন্থার সঙ্গে নিজের ঘনিষ্ঠতার অভিযোগ থেকে বারবার দূরত্ব বজায় রাখার চেষ্টা করেন। তাঁর লক্ষ্য রিপাবলিকান সিনেটর রজার মার্শালকে পরাজিত করা। অন্যদিকে, মাইক রজার্সের তুলনায় মার্শাল প্রকাশ্যেই ট্রাম্পের সমর্থক ভোটারদের আকৃষ্ট করার ওপর বেশি জোর দেন।

দুটি গুরুত্বপূর্ণ বিতর্কের উল্লেখযোগ্য দিকগুলো নিচে তুলে ধরা হলো এল-সাইয়েদের দেশপ্রেম ও আনুগত্য নিয়ে তীব্র বিতর্ক বিতর্কে রিপাবলিকান প্রার্থী মাইক রজার্স এমন একটি প্রশ্ন তোলেন, যা মার্কিন রাজনীতিতে ব্যাপক বিতর্কের জন্ম দিতে পারে। তাঁর প্রশ্ন, মিশিগানে জন্ম নেওয়া মুসলিম প্রার্থী আবদুল এল-সাইয়েদ আদৌ যুক্তরাষ্ট্রের প্রতি অনুগত কি না।

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এর আগে এল-সাইয়েদকে 'জিহাদি' আখ্যা দিয়ে তাঁর বিরুদ্ধে ভিত্তিহীন অভিযোগ তুলেছিলেন। সেই প্রেক্ষাপটেই রজার্সের এই বক্তব্য সামনে আসে।

রজার্সের অভিযোগ, মিশিগানের এই ডেমোক্র্যাট প্রার্থী মিসরের প্রতিষ্ঠিত ইসলামপন্থী সংগঠন মুসলিম ব্রাদারহুডের কাছ থেকে অর্থসহায়তা পেয়েছেন। তাঁর আরও দাবি, এল-সাইয়েদের কিছু দাতা ইরান-সমর্থিত হামাস ও হিজবুল্লাহর মতো উগ্রপন্থী সংগঠনকে সমর্থন করেন।

রজার্স বলেন, "আপনি যদি যুক্তরাষ্ট্রের সিনেটে যেতে চান, তাহলে আমাদের জানতে হবে—আপনি কি আমেরিকার পক্ষে, নাকি বিদেশের এই সন্ত্রাসী গোষ্ঠীগুলোর পক্ষে? আপনি হাসতে পারেন, সুন্দর করে কথা বলতে পারেন; কিন্তু আমি আপনাকে বলছি, এটি আমাদের জাতীয় নিরাপত্তার জন্য একটি ঝুঁকি।"

সিনেটে নির্বাচিত হলে এল-সাইয়েদ হবেন যুক্তরাষ্ট্রের ইতিহাসে প্রথম মুসলিম সিনেটর। এল-সাইয়েদ বলেন, "সংবিধানের প্রতি আমার অঙ্গীকার নিয়ে প্রশ্ন তোলা আপনার মতো একজনের কাছ থেকে সত্যিই নিম্নমানের আচরণ। আমি আমেরিকাকে নিয়ে গর্বিত। একজন আমেরিকান হিসেবে আমি গর্বিত। আমাদের প্রত্যেকে নিজের পছন্দমতো প্রার্থনা করার অধিকার নিশ্চিত করেছে যে সংবিধান, তা নিয়েও আমি গর্বিত।"

'প্রতারণার ধারাবাহিকতা' বনাম 'মাগা বিঙ্গো'

প্রগতিশীল রাজনীতির অনুসারী আবদুল এল-সাইয়েদ মিশিগানের ভোটারদের তুলনায় অতিমাত্রায় বামপন্থী—এমন ধারণা প্রতিষ্ঠার চেষ্টা করেন রিপাবলিকান প্রার্থী মাইক রজার্স। একই সঙ্গে ডেমোক্র্যাটিক পার্টির প্রাথমিক বাছাইপর্বে প্রতিদ্বন্দ্বী গোষ্ঠীগুলোর মধ্যে যে বিভাজন প্রকাশ্যে এসেছিল, তা আবারও উসকে দেওয়ার চেষ্টা করেন তিনি।

রজার্সের দাবি, এল-সাইয়েদ ডেমোক্র্যাটিক সোশ্যালিস্টস অব আমেরিকার (ডিএসএ) সঙ্গে 'একাত্ম' এবং তিনি 'সরকারের আকার বাড়াতে ও কর বাড়াতে' চান। তবে এল-সাইয়েদ নিজেকে একজন পুঁজিবাদী হিসেবে পরিচয় দেন এবং তিনি ডিএসএর সদস্য নন। অবশ্য সংগঠনটির একাধিক সদস্য তাঁকে সমর্থন করেন। তাঁদের মধ্যে রয়েছেন নিউইয়র্কের কংগ্রেস সদস্য আলেকজান্দ্রিয়া ওকাসিও-কর্টেজ, যিনি গত সপ্তাহে মিশিগানের আপার পেনিনসুলা অঞ্চলে এল-সাইয়েদের সঙ্গে নির্বাচনী প্রচারণায় অংশ নেন।

ডেমোক্র্যাটদের অভ্যন্তরীণ বিভাজনকে কাজে লাগানোর চেষ্টাও করেন রজার্স। প্রাথমিক বাছাইপর্বে এল-সাইয়েদের কাছে পরাজিত প্রার্থী হেইলি স্টিভেন্সের হতাশ সমর্থকদের নিজের পক্ষে টানার চেষ্টা করেন তিনি।

সমাপনী বক্তব্যে রজার্স বলেন, "আপনি হেইলি স্টিভেন্সের ভোটার। এই নির্বাচনী প্রক্রিয়ার পর আপনি বলছেন, 'আরে, আমি আর তাঁকে সমর্থন করতে পারছি না। তিনি অতিমাত্রায় উগ্র।' তাহলে শুনুন, আমাদের দলে আপনার জন্যও জায়গা রয়েছে।"

যুক্তরাষ্ট্রের সীমান্তে কঠোর নিরাপত্তাব্যবস্থার পক্ষে থাকার বিষয়ে এল-সাইয়েদের বক্তব্যের সমালোচনা করে রজার্স বলেন, "আবারও সেই প্রতারণার ধারাবাহিকতা দেখা যাচ্ছে।" বিতর্কজুড়ে তিনি বারবার এই বক্তব্যে ফিরে আসেন।

পুলিশের অর্থায়ন বন্ধ করার পক্ষে থাকার অভিযোগ অস্বীকার করেন এল-সাইয়েদ। এর জবাবে রজার্স বলেন, "এই লোকটি প্রতি ৩০ সেকেন্ড পরপর নতুন নতুন মিথ্যা তথ্য হাজির করছেন।" অন্যদিকে, এল-সাইয়েদ একাধিকবার পাল্টা অভিযোগ করেন, রজার্সই অসত্য কথা বলছেন এবং তিনি ট্রাম্পের অনুসৃত পুরোনো কৌশল—মূল বিষয় থেকে মানুষের মনোযোগ সরিয়ে দেওয়ার চেষ্টা করছেন।

বিতর্ক চলাকালে এল-সাইয়েদ বারবার দর্শকদের বাড়িতে বসে 'মাগা বিঙ্গো' খেলার কথা বলেন। তাঁর ইঙ্গিত ছিল, রজার্স আগে থেকে ঠিক করে রাখা রাজনৈতিক জনপ্রিয় শব্দ ও স্লোগানগুলো একের পর এক ব্যবহার করছেন। 'মাগা' হলো ট্রাম্পের 'মেক আমেরিকা গ্রেট এগেইন' স্লোগানের সংক্ষিপ্ত রূপ। তবে এল-সাইয়েদ সতর্ক করে বলেন, "আপনারা যখন মাগা বিঙ্গোতে জিতছেন, তখন আমরা সবাই হারছি।"

ট্রাম্পের প্রভাব

মধ্যবর্তী নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী অন্য রিপাবলিকান প্রার্থীদের মতো রজার্সের সামনেও বড় চ্যালেঞ্জ হলো—ট্রাম্পের সবচেয়ে অজনপ্রিয় নীতিগুলো থেকে নিজেকে কিছুটা দূরে রাখা, অথচ প্রেসিডেন্টের সমর্থকদেরও ক্ষুব্ধ না করা। কারণ জয় পেতে হলে বিপুলসংখ্যক ট্রাম্প-সমর্থক ভোটারের উপস্থিতি তাঁর জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

রজার্স শুরুতেই কিছুটা জটিল অবস্থান নেন। তিনি স্বীকার করেন, মিশিগানের অর্থনীতি কঠিন পরিস্থিতির মধ্য দিয়ে যাচ্ছে এবং সাধারণ মানুষ আর্থিকভাবে 'কষ্টে রয়েছেন'। তবে তাঁর যুক্তি, ডেমোক্র্যাটরা সিনেটে নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করতে পারলে পরিস্থিতি আরও খারাপ হবে। রজার্সের এই বক্তব্য ট্রাম্পের দাবির সম্পূর্ণ বিপরীত, যেখানে প্রেসিডেন্ট যুক্তি দিয়ে আসছেন যে আমেরিকানরা অর্থনীতির এক 'স্বর্ণযুগ' পার করছেন।

শুল্কনীতির ক্ষেত্রেও সতর্ক অবস্থান নেন রজার্স। তাঁর দাবি, কিছু শুল্ক মেক্সিকো ও চীন থেকে যুক্তরাষ্ট্রে কর্মসংস্থান ফিরিয়ে আনতে সহায়তা করছে। তবে কানাডার সঙ্গে বাণিজ্যযুদ্ধের পরিকল্পনা যথাযথভাবে চিন্তাভাবনা করে করা হয়নি বলে মন্তব্য করেন তিনি। সীমান্তবর্তী অঙ্গরাজ্য মিশিগানের অর্থনীতির জন্য বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। রজার্সের আরও দাবি, কংগ্রেসের নিয়ন্ত্রণ ডেমোক্র্যাটদের হাতে গেলে কর ও জীবনযাত্রার ব্যয় বাড়বে, যার মধ্যে পেট্রলের দামও রয়েছে।

রজার্স যখন অভিযোগ করেন যে তাঁর প্রতিদ্বন্দ্বী শুধু বারবার 'ডোনাল্ড ট্রাম্প' নামটিই উচ্চারণ করেন, তখন এল-সাইয়েদ রিপাবলিকান প্রার্থীর সবচেয়ে বড় দুর্বলতার দিকে আঙুল তোলেন। তিনি জীবনযাত্রার ব্যয় বেড়ে যাওয়ার জন্য ইরানের বিরুদ্ধে ট্রাম্পের যুদ্ধের সিদ্ধান্তকে দায়ী করেন।

এল-সাইয়েদ বলেন, "হ্যাঁ, আমি ডোনাল্ড ট্রাম্পকেই দায়ী করব, কারণ এটি ডোনাল্ড ট্রাম্পের অর্থনীতি। আমরা এই অর্থনীতির মধ্যেই বসবাস করছি। আমাদের পেট্রলের জন্য বেশি অর্থ দিতে হচ্ছে, নিত্যপ্রয়োজনীয় পণ্যের জন্য বেশি খরচ করতে হচ্ছে, আর শিক্ষা বিভাগের অর্থায়ন কমিয়ে দেওয়া হচ্ছে।" তিনি আরও বলেন, "আমাদের ডোনাল্ড ট্রাম্পের অধ্যায় পেছনে ফেলে সামনে এগিয়ে যেতে হবে। তবে তার অর্থ হলো, আমাদের ডোনাল্ড ট্রাম্পের বিরুদ্ধে দৃঢ়ভাবে দাঁড়াতে হবে।"

কানসাসের বিতর্কে ট্রাম্পের চেয়ে বেশি গুরুত্ব পেলেন শুমার

এদিকে, অন্য একটি অঙ্গরাজ্য কানসাসে ডেমোক্র্যাট সিনেট প্রার্থী সম্পূর্ণ ভিন্ন কৌশল নিয়েছিলেন।

রিপাবলিকানদের শক্ত ঘাঁটি হিসেবে পরিচিত কানসাসে ২০২৪ সালের নির্বাচনে ট্রাম্প ১৬ শতাংশ পয়েন্টের ব্যবধানে জয়ী হয়েছিলেন। এমন একটি অঙ্গরাজ্যে ডেমোক্র্যাট প্রার্থী অ্যাডাম হ্যামিলটনের মূল লক্ষ্য ছিল প্রতিদ্বন্দ্বী রজার মার্শালকে ট্রাম্পের সঙ্গে সম্পৃক্ত করে আক্রমণ করা নয়; বরং নিজেকে রাজনৈতিকভাবে মধ্যপন্থী প্রার্থী হিসেবে প্রতিষ্ঠা করা।

প্রকৃতপক্ষে, ট্রাম্পের চেয়ে ডেমোক্র্যাট সিনেট নেতা চাক শুমারের নামই বিতর্কে বেশি বার উচ্চারিত হয়েছে। মার্শাল বারবার বোঝানোর চেষ্টা করেন, হ্যামিল্টন চাক শুমারের রাজনৈতিক কর্মসূচিকে সমর্থন করেন এবং তা বাস্তবায়নে সহায়তা করছেন।

হ্যামিল্টন বলেন, "আমার মনে হয়, চাক শুমারের নাম ৫০ বার উল্লেখ করা হয়েছে! ... এখন পর্যন্ত হয়তো ২০ বার। বিষয়টি আমার কাছে বেশ কৌতূহলোদ্দীপক। আমি তো আগেই বলেছি, ডেমোক্র্যাটরা সিনেটের নিয়ন্ত্রণ পেলেও আমি চাক শুমারকে সিনেটের সংখ্যাগরিষ্ঠ দলের নেতা হিসেবে সমর্থন করব না।'

অন্যদিকে, মিশিগানে রজার্স যেভাবে ট্রাম্পের কাছ থেকে দূরত্ব বজায় রাখার চেষ্টা করেছেন, মার্শাল তার চেয়ে অনেক কম দূরত্ব বজায় রেখেছেন। বরং তিনি বেশির ভাগ সময়ই ট্রাম্পের প্রতি জোরালো সমর্থন জানিয়েছেন।

ইরানে নভেম্বরে মার্কিন ইসরায়েলি হামলা!

প্রথম পৃষ্ঠার পর

সঙ্গে কোনো ধরনের আলোচনা চালানোর কথা অস্বীকার করেছেন এবং বলেছেন যে, খুব শীঘ্রই একটি ফলাফল বেরিয়ে আসবে।

বুধবার (২১ অক্টোবর) প্রকাশিত প্রতিবেদনে মার্কিন কর্মকর্তা ও বিষয়টি সম্পর্কে অবহিত ব্যক্তিদের বরাত দিয়ে বলা হয়েছে, আগামী ৩ নভেম্বর যুক্তরাষ্ট্রের মধ্যবর্তী নির্বাচনের পর ইরানে স্বল্পস্থায়ী কিন্তু তীব্র সামরিক অভিযান চালানোর পরিকল্পনা নিয়ে আলোচনা চলছে। তবে হামলার চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হয়েছে—এমন কোনো নিশ্চিত তথ্য প্রতিবেদনে নেই।

অন্যদিকে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প নতুন করে হামলার অনুমোদন দেবেন কি না, তা নিয়েও যথেষ্ট অনিশ্চয়তা রয়েছে। চলতি বছর তিনি একাধিকবার বড় ধরনের সামরিক অভিযান পুনরায় শুরুর পরিকল্পনায় ভেটো দিয়েছেন। চলতি মাসেও এমনটি ঘটেছে, যখন মার্কিন ও ইসরায়েলি সামরিক বাহিনী হামলা চালানোর জন্য প্রায় পুরোপুরি প্রস্তুত ছিল।

দ্য নিউইয়র্ক টাইমস-এর প্রতিবেদন অনুযায়ী, সম্ভাব্য হামলার লক্ষ্যবস্তুর তালিকায় ইরানের জ্বালানি স্থাপনা, পারমাণবিক অবকাঠামো এবং ক্ষেপণাস্ত্র ও ড্রোনের মজুত থাকতে পারে। প্রতিবেদনে উদ্ধৃত কর্মকর্তাদের ধারণা, বড় পরিসরে নতুন করে হামলা চালানো হলে ইরানের অর্থনীতির ওপর ব্যাপক চাপ তৈরি হতে পারে। এর মাধ্যমে তেহরানকে কূটনৈতিক সমঝোতায় ছাড় দিতে বাধ্য করার কৌশল নেওয়া হতে পারে বলে তাঁরা মনে করছেন। তবে এগুলো সম্ভাব্য সামরিক পরিকল্পনা ও কর্মকর্তাদের মূল্যায়ন; হামলার লক্ষ্যবস্তু বা কৌশল চূড়ান্ত হয়েছে—এমন স্বাধীনভাবে নিশ্চিত তথ্য নয়।

প্রতিবেদনে বলা হয়েছে, সম্ভাব্য অভিযানের প্রস্তুতির অংশ হিসেবে যুক্তরাষ্ট্র ও ইসরায়েল সামরিক মহড়া বাড়িয়েছে। ইরানের পশ্চিম প্রতিবেশী ইরাকের আকাশসীমার ওপর দিয়ে উড্ডয়ন করে হামলার কৌশল অনুশীলনের কথাও উল্লেখ করা হয়েছে। এ ধরনের মহড়া সম্ভাব্য অভিযানের প্রস্তুতির ইঙ্গিত হতে পারে। তবে মহড়া পরিচালনা করাই যে হামলার চূড়ান্ত সিদ্ধান্তের প্রমাণ, তা নয়।

প্রতিবেদনটিতে বলা হয়েছে, প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প চাইলে নভেম্বরের আগেই, অর্থাৎ চলতি মাসেও হামলার নির্দেশ দিতে পারেন—যদিও এমন সম্ভাবনাকে কম বলে উল্লেখ করা হয়েছে। একই সঙ্গে ট্রাম্প শেষ পর্যন্ত ইরানে কোনো সামরিক অভিযান অনুমোদন না-ও করতে পারেন বলে প্রতিবেদনে বলা হয়েছে। অর্থাৎ, নির্বাচনের পর হামলার পরিকল্পনা নিয়ে আলোচনা চলার দাবি থাকলেও সামরিক পদক্ষেপের সময় ও বাস্তবায়ন এখনো অনিশ্চিত।

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, তেহরানের বিরুদ্ধে ওয়াশিংটন 'সামরিক ও আর্থিকভাবে অত্যন্ত ভালো অবস্থানে' রয়েছে। তিনি এই পরিস্থিতিকে 'ইরানের সঙ্গে একটি ছোট সংঘাত' হিসেবে বর্ণনা করেছেন।

জয়েন্ট বেস অ্যান্ড্রুজে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে ট্রাম্পের কাছে জানতে চাওয়া হয় যে, তিনি কি ইরানীদের সঙ্গে আলোচনার আশা ছেড়ে দিয়েছেন কি না। জবাবে তিনি বলেন, 'না, এমন নয় যে আমরা আলোচনা করছি না—তবে কোনো না কোনোভাবে একটি সমাধান বেরিয়ে আসবেই। খুব দ্রুতই তা ঘটবে।'

আসন্ন মার্কিন মধ্যবর্তী নির্বাচনের দিকে ইঙ্গিত করে তিনি আরও বলেন, 'অনেকেই মনে করছেন যে নির্বাচনের পরেই হয়তো কিছু ঘটবে; দেখা যাক কী হয়।' ট্রাম্প আরও বলেন, 'তবে আমি এটুকু বলতে পারি, ইরানের বিষয়ে আমরা যা করেছি, তা সত্যিই অসাধারণ।'

তবে সম্ভাব্য হামলার পরিকল্পনার খবরকে বাস্তব হামলার ঘোষণা হিসেবে দেখা উচিত নয়। এ মুহূর্তে গুরুত্বপূর্ণ প্রশ্ন হলো—ওয়াশিংটন ও তেল আবিব সামরিক চাপকে আলোচনায় ছাড় আদায়ের উপায় হিসেবে ব্যবহার করবে, নাকি শেষ পর্যন্ত নতুন সংঘাতে জড়াবে।

আটকে যাচ্ছে ডিভি লটারি চালুর আদেশ?

প্রথম পৃষ্ঠার পর

আদেশের বিরুদ্ধে আপিলের নোটিশ দাখিল করে। আপিল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত ওই নিষেধাজ্ঞার ওপর স্থগিতাদেশ চেয়ে আলাদা একটি প্রস্তাবও দেয় সরকার। ২০২৫ সালের নভেম্বরে পররাষ্ট্র দপ্তর ঘোষণা করেছিল যে, তারা ডিভি-২০২৭ এর আবেদন প্রক্রিয়ায় পরিবর্তন আনছে এবং বাস্তবসম্মত হওয়ামাত্রই নিবন্ধনের শুরুর তারিখ ঘোষণা করবে।

কিন্তু আদালতের রায় অনুযায়ী, গত ১লা অক্টোবর ২০২৭ অর্থবছর শুরু হওয়ার পরও নিবন্ধন প্রক্রিয়া শুরু হয়নি। বিচারক জানান, এটি কার্যকরভাবে কর্মসূচিটি বাতিল করার শামিল, কারণ লটারিতে অংশ নেয়া ছাড়া কেউ ডাইভারসিটি ভিসার জন্য আবেদন করতে পারেন না। তিনি আরও বলেন, সাময়িক স্থগিতাদেশ কেন অনির্দিষ্টকালের জন্য বাড়ানো হলো, তার কোনো কারণ জানায়নি পররাষ্ট্র দপ্তর। এর ফলে আদালত এই সিদ্ধান্তে পৌঁছাতে বাধ্য হয়েছে যে, কর্মসূচি স্থগিত করার এই সিদ্ধান্তটি ছিল খামখেয়ালি ও অযৌক্তিক।

বিচারক ওহতা জানান, রেড ইগল ল প্রাথমিক নিষেধাজ্ঞার শর্তগুলো পূরণ করেছে। কর্মসূচি বন্ধ থাকলে আইনি প্রতিষ্ঠানটি গ্রাহক হারাবে এবং আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হবে, যা মামলা দিয়েও পূরণ করা সম্ভব নয়। তিনি বলেন, কর্মসূচিটি পুনরায় চালু করা হলে সরকারের ওপর অন্যায্য কোনো বোঝা চাপবে না এবং এটি কেন্দ্রীয় আইন মেনে চলার মাধ্যমে জনস্বার্থই রক্ষা করবে। সরকার যুক্তি দিয়েছিল, নিবন্ধনের সময় পেরিয়ে যাওয়ার পর আদালত লটারি শুরুর আদেশ দিতে পারে না। তবে বিচারক সেই যুক্তি খারিজ করে দিয়ে জানান, দেরিতে নিবন্ধন শুরু হলেও তা কংগ্রেসের বেঁধে দেয়া নিয়ম মেনেই পরিচালিত হবে। যদি আপিলে ট্রাম্প প্রশাসন হেরে যায় তবে উভয় পক্ষের সম্মতিতে ও আদালতের অনুমোদিত নতুন সময়সীমা অনুযায়ী, আগামী ২৯শে অক্টোবরের মধ্যে পররাষ্ট্র দপ্তরকে নিবন্ধনের সময়কাল ঘোষণা করতে হবে। ১লা নভেম্বর থেকে ৩০ দিনের জন্য নিবন্ধন প্রক্রিয়া উন্মুক্ত করতে হবে এবং নির্বাচিতদের ডিসেম্বরের মধ্যে তা জানাতে হবে।

বাংলাদেশিদের জন্য সিদ্ধান্ত এখনও অনিশ্চিত

ডিভি-২০২৭ নিয়ে আদালতের নির্দেশ এলেও বাংলাদেশিদের অংশগ্রহণের প্রশ্নটির এখনও সমাধান হয়নি। মার্কিন পররাষ্ট্র মন্ত্রণালয় এ কর্মসূচির জন্য দেশভিত্তিক যোগ্যতার তালিকা প্রকাশ করেনি। ফলে বাংলাদেশ এবার আবেদন করতে পারবে কিনা, তা নিশ্চিত করে বলার সুযোগ নেই।

ডাইভারসিটি ভিসা কর্মসূচিতে বাংলাদেশ দীর্ঘদিন ধরে অযোগ্য দেশগুলোর তালিকায় রয়েছে। এর পেছনে যুক্তরাষ্ট্রের অভিবাসনসংক্রান্ত একটি নির্দিষ্ট নিয়ম কাজ করে। নিয়ম অনুযায়ী, আগের পাঁচ বছরে কোনো দেশ থেকে ৫০ হাজারের বেশি মানুষ যুক্তরাষ্ট্রে অভিবাসী হিসেবে গেলে সেই দেশের নাগরিকরা ডিভি কর্মসূচিতে আবেদন করার যোগ্যতা হারান।

বাংলাদেশিরা সর্বশেষ ২০১২ সালের দিকে এ কর্মসূচিতে আবেদন করার সুযোগ পেয়েছিলেন। এর পর বাংলাদেশ থেকে যুক্তরাষ্ট্রে অভিবাসীর সংখ্যা নির্ধারিত সীমা ছাড়িয়ে যাওয়ায় দেশটিকে ডিভি লটারি থেকে বাদ দেওয়া হয়।


তিন লাখের বেশি ভিসা বাতিল

এদিকে, ডিভি লটারির নিবন্ধন নিয়ে অনিশ্চয়তার মধ্যেই যুক্তরাষ্ট্রে অভিবাসন নীতির কঠোর প্রয়োগের আরেকটি চিত্র সামনে এসেছে। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের দ্বিতীয় মেয়াদে তাঁর প্রশাসন তিন লাখের বেশি ভিসা বাতিল করেছে বলে গত মঙ্গলবার জানিয়েছে মার্কিন পররাষ্ট্র দপ্তর।

গত ১০ আগস্ট প্রকাশিত এক হালনাগাদ তথ্যে দপ্তরটি জানিয়েছিল, ২০২৫ সালের জানুয়ারিতে ট্রাম্পের দ্বিতীয় মেয়াদ শুরু হওয়ার পর তখন পর্যন্ত এক লাখ ৭৫ হাজারের বেশি ভিসা বাতিল করা হয়েছিল। সাম্প্রতিক সপ্তাহগুলোতে বাতিলের সংখ্যা আরও দ্রুত বেড়েছে।

ট্রাম্প প্রশাসনের বক্তব্য, অভিবাসন নিয়ন্ত্রণ জোরদার করা এবং অভিবাসীদের নিজ দেশে ফেরত পাঠানোর অভিযান যুক্তরাষ্ট্রের অভ্যন্তরীণ নিরাপত্তা রক্ষার অংশ। মার্কিন পররাষ্ট্র দপ্তরের মুখপাত্র টমি পিগট সামাজিক মাধ্যম এক্সে সর্বশেষ পরিসংখ্যান প্রকাশ করে বলেন, আগের যে কোনো প্রশাসনের তুলনায় ট্রাম্প প্রশাসন অনেক দ্রুত বিপুলসংখ্যক ভিসা বাতিল করেছে।

এসব পদক্ষেপের সমালোচনা করেছেন অধিকারকর্মীরা। তাদের মতে, ভিসা বাতিলের কিছু ঘটনা যথাযথ আইনি প্রক্রিয়া ও বাক্স্বাধীনতার অধিকার ক্ষুণ্ন করছে। তাদের আশঙ্কা, এ ধরনের নীতির কারণে জাতিগত সংখ্যালঘুরা নিজেদের পরিচয়ের জন্য বৈষম্যের শিকার হতে পারেন।



ELECTION COMMISSION 2026
BANGLADESH SOCIETY INC.
বাংলাদেশ সোসাইটি ইন্‌ক

86-24 Whitney Avenue, Elmhurst, New York 11373 • Tel: 646-247-2657
commissioner@bangladeshsocietyinc.com • https://commission.bangladeshsocietyinc.com

A Not-For-Profit, Tax Exempt 501(c)(3) Socio-Cultural Organization. Established: 1975 * Tax ID: 80-0508683

বিজ্ঞপ্তি

এতদ্বারা বাংলাদেশ সোসাইটির সকল সম্মানিত সদস্য/সদস্যাবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সোসাইটির নির্বাহী কমিটির ২০২৭-২৯ মেয়াদের জন্য নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। নিম্নে বর্ণিত সময়সূচী ও ৫টি কেন্দ্রের নির্ধারিত জিপকোড অনুযায়ী ভোটিং মেশিনের মাধ্যমে নির্বাচনী কার্যক্রম পরিচালনা করা হবে। এতে আপনাদের আন্তরিক সহযোগিতা একান্ত কাম্য।

POLLING CENTERS WITH ZIP CODE

- **WOODSIDE: 58 Manor, 58-02 37th Ave., Woodside, NY 11377**

10035,11552,11372,11377,10029,10027,10037,11105,11369,11370,11101,11102,11104,11379,11106,11373,11103,10002,11727,10009,11374,11703,11358,10030,11367,11355,10038,10013,10019,11368,11354,11371,10044,10069,11357,11378,10005,11758,11717,10026,10036,11106,11419,11577,11050,11473,11030,11514,10023,11021,10025,11369,11743,11793,11492,10003,11366,10023,12209,11579,11518,14225,11732,10010,10036,10011,11356,11362,10018,10550,11722,11507,10016,10040,02453,11787,11360,11377,11563,11469,10229,11376,11476,11028,11570,11312,10028,11477,11077,10024,11782,11026,11725,10001,11109,11757,11016,11612,10128,11363,11337,10039,11754,11023,10014,11443,11797,11726,11370,11041,11102,11609,09120,10280,20155

- **OZONE PARK: Majestic Marquise, 88-03 101st Ave., Ozone Park, NY 11416**

11208,11416,11419,11417,11414,11421,11420,11418,11692,11385,11415,11416,11239,11420,11417,11419

- **BROOKLYN: Kalam's Hall, 96 Chrch Ave., Brooklyn, NY 11218**

11234,11221,11210,11219,11218,11204,11207,11216,11203,11201,11236,10303,11230,11226,11226,11215,10314,11206,11232,11220,11229,11233,11224,10302,11228,11213,11209,11205,11238,11212,10304,11223,11214,11235,10301,11249,10312,12218,10305,11237,11225,11231,11217,11691,10310,11234,11693,11258,11221,11211,11218,11246,11216,11288,11255,11372

- **BRONX: Golden Palace Banquet Hall, 1451 Unionport Rd, Bronx, NY 10462**

10462,10472,10461,10467,10451,10456,10473,19111,10469,10468,10460,10453,7508,10708,10465,08817,10458,10426,7666,19115,11467,46222,7522,10464,07666,10457,19152,10552,10454,7502,10459,48091,07522,6040,07603,1735,10601,7604,06607,14211,10472,12542,10463,14226,10466,12205,21043,13205,11472,10705,10562,6902,10474,10603,06854,8401,12309,10452,39206,14215,21042,07407,10455,10913,06484,10704,10605,07512,6042,07067,12208,08091,12206,8406,08078,19149,6605,14416,07047,10416,10710,10523,06906,10701,10470,10421,19026,14125,17406,10703,07106,11803,7470,6461,10801,14417,13088,10476,12203,08205,10950,08046,13346,10439,07660,19082,7072,10962,06850,12533,10965,12189,12110,12550,18102,6759,20164,10201,08724,10805,06604,08872,14221,7501,07212,18452,07032,10409,34103,12586,10475,12601,7424,10471,07652,08863,10443,06905,19135,06516,10522,48212,07644,14043,07105,11452,12180,6095,70502,14850,07035,19027,22192,10595,30017,12603,10954,07055,6897,06109,06605,06033,10583,14220,10485,10707,7013

- **JAMAICA: Angan Party Hall, 89-16 175th St, Suite# CF2, Jamaica, NY 11432**

11432,11423,11429,11040,11580,11435,11433,11001,11427,11412,11554,11375,11413,11428,11590,11361,11434,11436,11756,11729,11720,11010,11364,11426,11801,11004,11003,11411,11581,11520,11422,11738,11779,11706,11714,11731,11710,11433,11565,11424,11746,11365,11741,11342,11510,11784,11432,11572,11550,11798,11776,11545,11423,11596,11542,11791,11430,11501,11704,11507,11412,11994,11735,11767,11901,11437,11788,11343,11575,11967,11425,11763,11431,11451,11345,11368,11598,11753,11175,11553,11566,11576,11747,11153,11568,11790

1. No voter will be allowed to cast his or her vote without photo ID. The following forms of identification may be accepted: Driver's License, State ID, NYC ID, Green Card, Work Authorization Card and Passport.
2. Campaigning, placement of posters, banners or distribution of flyers etc. are prohibited within 200 ft. of the polling area. Commission will remove poster/banner within this area and may back charge to the related candidate(s).
3. No radio speaker or any noise-making devices will be allowed in the vicinity of the polling area.
4. In the event of any unauthorized and unlawful conduct by any candidate or any other person in the election center on the Election Day, the local law enforcement agency will be notified immediately.
5. Only Disabled with wheelchair voter may nominate one assistant to cast his/her vote.
6. No candidate will enter to the center without Commission's permission. Candidate may check the center one time for a period of max.10 minutes. If malfunction of voting machine is detected the candidate will be allowed to check.
7. Life members may get access to voting center directly by showing LM CARD to cast their vote.
8. Voters of one center cannot cast vote in another center (including candidates/life members/polling agent). Only presiding officer, polling officer will be allowed to cast their votes at their working center.
9. Each Voter's Name & Year of Birth on the Photo ID must match with the Name & Year of Birth on the voter list.
10. The Election Commission shall decide any matter that is undefined, unclear and contradict in either part of the election by-laws or the constitution. Commission reserves all rights to make any necessary modifications to these clauses and add additional clauses if necessary.

নির্বাচনের তারিখ: ২৫শে অক্টোবর, ২০২৬ রবিবার (সকাল ৯টা থেকে রাত ১০টা)

নির্বাচন সংক্রান্ত যাবতীয় তথ্যের জন্য নির্বাচন কমিশনের সাথে যোগাযোগ করতে অনুরোধ করা যাচ্ছে

Election Commission 2026/ নির্বাচন কমিশন ২০২৬

Abu Nasher	Badrul H. Khan	Mohammed Shamsuddin Azad	Mohammed Ruhul Amin Sarker	Ahbab Chowdhury	Mithu Hamid	Mia Mohammad Dulal
Chief Election Commissioner	*Election Commissioner*	*Election Commissioner*	*Election Commissioner*	*Election Commissioner*	*Election Commissioner*	*Election Commissioner*
646-247-2657	*(646) 824-4814*	*(917) 335-4184*	*(718) 705-2228*	*(917) 969-1991*	*(347) 891-9905*	*(718) 974-2933*

For more information visit : https://commission.bangladeshsocietyinc.com

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সুরেন্স গ্রহণ করি।

Appointment:

718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:	JAMAICA OFFICE:
30-04, 36th Avenue	170-12 Highland Avenue
LIC, NY 11106	Jamaica Estates, NY- 11432
Tel: 718-383-4500	www.drmrahman.com

Wasi Choudhury & Associates LLC

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

SERVICES
- Tax Preparation
  Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- Represent Taxpayers before the IRS / State Tax Authority
- Accounting
  Payroll, Sales Tax, etc.
- Immigration
  (No Legal Advice)
- New Business Setup & more...

IRS e-file
IRS AUTHORIZED E-FILE PROVIDER

Member: naea NYSSEA

Wasi Choudhury, EA
Admitted to Practice before the IRS
সাবেক সিনিয়র ভাইস প্রেসিডেন্ট ও ট্রাস্টি
বাংলাদেশ সোসাইটি ইন্ক



Tel: 718-440-6712
718-205-3460
Fax: 718-205-3475
Email: wasichoudhury@yahoo.com

ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন

প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে বাংলাদেশ সোসাইটি ইন্ক এর সদস্য পদ গ্রহণ / নবায়ন করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার অনুরোধ রইল।

37-22, 61st St., 1st Fl, Woodside, NY 11377

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী



এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।
বিনামূল্যে ব্লাড সুগার মনিটর
২৫% ছাড় কুপন সহ যে কোন পন্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়।
ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই



- প্রতিদিন সর্বোচ্ছ কম মূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়
- সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ কেয়ার, প্রসাধনী সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ এন্ড বিউটি কেয়ার
- ফটোকপি ৫ সেন্ট, ■ ফ্যাক্স সার্ভিস ■ ৯৯ সেন্ট এ উপহার কার্ড ■ ফিল্ম প্রসেসিং

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহন করে থাকি।

আমাদের অন্য কোন শাখা নেই আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসকিপশন সংগ্রহ করে থাকি।

PARKCHESTER FAMILY PHARMACY (347) 851-2688

১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড ব্রঙ্কস, নিউইয়র্ক - ১০৪৬২

Tax & Immigration Services



MOHAMMED PIER
Lic. Realestate Asso, Broker
EA, IRS, RTRP & notary Public
Cell: 917-678-8532

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary

INCOME TAX
Income Tax Serice & Direct Deposit
quick Refund & Electronic Filling

IMMIGRATION SERVICES
Citizenship & Family Application
Affidavit of Support & all forms
available

REAL ESTATE
For Buying & Selling houses
mortgage services

IRS e-file

PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

জব হেল্প এন্ড এপ্লিকেশন প্রসেসিং সার্ভিসেস

Job Help & Application Processing Services

917-500-3937

আমাদের সার্ভিসসমূহ

- পোস্টাল জব
- ফেডারেল জব
- স্টেট জব
- এম.টি.এ জব
- সিটি জব
- রেজুমী তৈরি
- কাভার লেটার
- সিটিজেনশীপ এপ্লিঃ প্রঃ
- নিউ পাসপোর্ট/ রিনুয়েল
- ডুয়েল সিটিজেনশীপ
- ফুড স্ট্যাম্প
- ডিজএবিলিটি (SSI)
- স্যোসাল সিকিউরিটি (SS)
- রিটায়ারম্যান্ট বেনিফিড



Md. Ali
B.Sc. LLB
Chittagong University
Retired Govt. Officer
Bangladesh

বিশ্বাসযোগ্যতা
দক্ষতা
সেবাই আমাদের
প্রতিশ্রুতি

148-45, Hillside Ave, 2nd Fl, Suite 204
Jamaica, NY 11435

জান্নাত, বিসমিল্লাহ, জমজম ড্রাগস ও আস-সালাম ফার্মেসি

JANNAT Rx PHARMACY

সম্পূর্ণ
বাংলাদেশী মালিকানাধীন প্রতিষ্ঠান

জ্যাকসন হাইটস

জান্নাত ফার্মেসি
72-03 35th Ave, (Corner of 72nd St.)
Jackson Heights, NY 11372
Tel: 718-732-4288, 718-835-2041
Fax: 718-732-4287
Email: jannatpharmacy@gmail.com

উডসাইড

বিসমিল্লাহ ফার্মেসি
6409 Broadway,
Woodside NY 11377
Phone: 718-685-2017

জ্যামাইকা

আস-সালাম ফার্মেসি
(সাটফিন বুলেবার্ড, এফ ট্রেনের সাবওয়ে
এবং তাজমহল রেস্টুরেন্টের নিকটে)
১৪৭-২৬, হিলসাইড এভিনিউ,
জ্যামাইকা, নিউইয়র্ক, ১১৪৩৫
Phone: 718-291-0717

ব্রঙ্কস

জমজম ড্রাগস ফার্মেসি
3105 Bainbridge Ave Bronx,
NY 10467
Phone: (347) 899-8930

আপনার সেবায় আমরা নিয়োজিত
Now We Accept EBT,
Food Stamp & OTC Card
Sim Activation
Bill Pay & Flexiload
বাংলাদেশের ফোনে ফ্লেক্সিলোড

বাংলায় ঔষধ সেবনের নির্দেশনা
Free Delivery
10% Senior Discount
Halal Vitamin & Supplements
5c Copy $1 Fax
Phone Card & Flexiload
Huge 99c Sections

Open: Monday-Saturday, 10:00 am to 8:00

Akash Medical Care
আকাশ মেডিক্যাল কেয়ার



Akash Ferdaus MD
Internal & Geriatric Medicine

হার্টের ডাক্তার
Sudhesh Srivastava MD
Cardiologist

পায়ের ডাক্তার
Dr. M Nayeem
Podiatric Surgeon

- Complete Physical & Follow up
- DMV/TLC, School Physical
- Flu Shots, Hajj & Umrah Vaccine
- Blood, Urine Test, EKG
- Immigration Physical
- Podiatric Surgery
- COVID Test & COVID Vaccine
- All Types of Vaccine

FOR APPOINTMENT
718-431-0009
Hours:
Mon-Sat 10 AM to 8 PM

79 Church Avenue, Brooklyn, NY 11218

প্রধানমন্ত্রীর কাছে যাওয়ার চেষ্টা, বিভাগীয় কমিশনারকে প্রত্যাহার

ঢাকা ডেস্ক

রাজশাহী বিভাগীয় কমিশনার (অতিরিক্ত সচিব) ইউসুফ আলীকে প্রত্যাহার করে জনপ্রশাসন মন্ত্রণালয়ে সংযুক্ত করা হয়েছে। মঙ্গলবার তাঁকে তাৎক্ষণিকভাবে সেখান থেকে অবমুক্ত (স্ট্যান্ড রিলিজ) করা হয়।

আদেশ জারির পর তিনি রাজশাহী ছাড়েন। ইউসুফ আলী অতিরিক্ত সচিব পদমর্যাদায় রাজশাহী বিভাগের বিভাগীয় কমিশনার হিসেবে দায়িত্ব পালন করছিলেন। তার পরিবর্তে ভারপ্রাপ্ত বিভাগীয় কমিশনার হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে রেজাউল আলম সরকারকে।

মঙ্গলবার সন্ধ্যা সাড়ে ৬টায় রাজশাহী সফর শেষে শাহ মখদুম বিমানবন্দরে পৌঁছান প্রধানমন্ত্রী তারেক রহমান। সামরিক বিমানে চট্টগ্রামের উদ্দেশে রওনা হওয়ার আগে তিনি রাজনৈতিক নেতাকর্মী ও প্রশাসনিক কর্মকর্তাদের সঙ্গে হাত মেলান। এ সময় বিভাগীয় কমিশনার ইউসুফ আলী প্রধানমন্ত্রীর সঙ্গে হাত মেলানোর পর প্রটোকল ভেঙে ঝুঁকে তাঁর দিকে এগিয়ে যাওয়ার চেষ্টা করেন। এর পরপরই ইউসুফ আলীকে বদলি করা হয়।

সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া একটি ভিডিওতে দেখা যায়, বিমানবন্দরে বিদায় জানানোর সময় বিভাগীয় কমিশনার ইউসুফ আলী হাত মেলানোর সময় প্রধানমন্ত্রীর দিকে ঝুঁকে কিছুটা এগিয়ে যান। দেখে মনে হচ্ছে, তিনি প্রটোকলের (রাষ্ট্রাচার) সারি ভেঙে প্রধানমন্ত্রীর কাছে যাওয়ার চেষ্টা করছিলেন। রাষ্ট্রাচার ভেঙে তিনি এমনটি করেছেন বলে আলোচনা চলছে।

শারদীয় দুর্গোৎসবের মহানবমী উপলক্ষে ঢাকার বাইরে পূজামণ্ডপ পরিদর্শনে বের হন প্রধানমন্ত্রী। এর অংশ হিসেবে মঙ্গলবার তিনি রাজশাহীতে যান।



নিউইয়র্কে সেলিম-আলী পরিষদের নির্বাচনী জনসভা

নিজস্ব প্রতিবেদক

নিউইয়র্কে প্রবাসী বাংলাদেশিদের সংগঠন বাংলাদেশ সোসাইটি ইনকের আসন্ন নির্বাচন সামনে রেখে সভাপতি পদপ্রার্থী আতাউর রহমান সেলিম ও সাধারণ সম্পাদক পদপ্রার্থী মোহাম্মদ আলীর নেতৃত্বাধীন 'সেলিম-আলী' পরিষদের প্যানেল পরিচিতি ও নির্বাচনী জনসভা অনুষ্ঠিত হয়েছে।

গত ১৬ অক্টোবর সন্ধ্যায় নিউইয়র্কের জ্যামাইকার অঙ্গন পার্টি হলে এ সভার আয়োজন করে জ্যামাইকা নির্বাচন কমিটি। এতে কুইন্স, ব্রুকলিন ও ব্রঙ্কসসহ নিউইয়র্কের বিভিন্ন এলাকার প্রবাসী বাংলাদেশি ও ভোটাররা অংশ নেন।

সভায় বক্তারা প্রবাসীদের ঐক্য সুদৃঢ় করা, বাংলাদেশ সোসাইটির উন্নয়ন কার্যক্রম এগিয়ে নেওয়া এবং কমিউনিটির কল্যাণে কার্যকর উদ্যোগ গ্রহণের ওপর গুরুত্ব দেন। তারা আসন্ন নির্বাচনে সেলিম-আলী পরিষদের প্রার্থীদের সমর্থন দেওয়ার আহ্বান জানান।

প্রধান অতিথির বক্তব্যে সভাপতি পদপ্রার্থী আতাউর রহমান সেলিম ও সাধারণ সম্পাদক পদপ্রার্থী মোহাম্মদ আলী ভোটারদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। নির্বাচিত হলে বাংলাদেশ সোসাইটিকে আধুনিক ও ডিজিটাল প্ল্যাটফর্মে রূপান্তর, ওয়ান-স্টপ সেবা চালু এবং স্থায়ী কমিউনিটি সেন্টার প্রতিষ্ঠার পরিকল্পনার কথা জানান তারা।

এ ছাড়া নতুন অভিবাসী ও আন্তর্জাতিক শিক্ষার্থীদের সমস্যা সমাধান, কর্মসংস্থান ও কারিগরি দক্ষতা বৃদ্ধিতে বিশেষ কর্মসূচি চালু, নতুন প্রজন্মের মধ্যে বাংলা ভাষা ও দেশীয় সংস্কৃতির চর্চা বাড়ানো এবং প্রবীণ প্রবাসীদের জন্য মেন্টরশিপ ও মানসিক স্বাস্থ্য পরামর্শসেবা চালুর প্রতিশ্রুতি দেন প্যানেলের নেতারা।

অনুষ্ঠানে সেলিম-আলী পরিষদের সিনিয়র সহসভাপতি পদপ্রার্থী মো. মহিউদ্দীন দেওয়ান, সহসভাপতি পদপ্রার্থী মো. কামরুজ্জামান কামরুল, সহসাধারণ সম্পাদক পদপ্রার্থী হারুন চেয়ারম্যান, কোষাধ্যক্ষ পদপ্রার্থী নওশাদ হায়দার, সাংগঠনিক সম্পাদক পদপ্রার্থী ডিউক খান, সাংস্কৃতিক সম্পাদক পদপ্রার্থী অনিক রাজ, জনসংযোগ ও প্রচার সম্পাদক পদপ্রার্থী রিজু মোহাম্মদ, সমাজকল্যাণ সম্পাদক পদপ্রার্থী মুনসুর আহমেদ, সাহিত্য সম্পাদক পদপ্রার্থী রুমানা আহমেদ, ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক পদপ্রার্থী হাসান খান, স্কুল ও শিক্ষা বিষয়ক সম্পাদক পদপ্রার্থী এ এস এম মাইন উদ্দীন (বাবলু), মহিলা ও শিশু বিষয়ক সম্পাদক পদপ্রার্থী শাহনাজ হোসেন এবং যুব ও তথ্যপ্রযুক্তি বিষয়ক সম্পাদক পদপ্রার্থী জাহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী উপস্থিত ছিলেন।

এ ছাড়া কার্যকরী সদস্য পদপ্রার্থী মো. উজ্জ্বল বিপুল, সারোয়ার খান বাবু, মো. এ মান্নান, শামীম আহমেদ, মো. আব্দুল মালেক খান ও কাজী রবিউজ্জামানসহ প্যানেলের অন্য সদস্যরা উপস্থিত প্রবাসীদের সঙ্গে মতবিনিময় করেন।

এর আগে ১৯ অক্টোবর সন্ধ্যায় জ্যামাইকার ধানসিঁড়ি রেস্টুরেন্টের সামনে সেলিম-আলী পরিষদের সমর্থনে বারবিকিউ পার্টি ও নির্বাচনী আড্ডার আয়োজন করে একই কমিটি।

নিউইয়র্কে শীতের জ্বালানি খরচে সরকারি সহায়তা, আবেদন শুরু ২ নভেম্বর

উত্তর আমেরিকা অফিস

নিউইয়র্কে শীতকালে ঘর গরম রাখার খরচ মেটাতে সরকারি সহায়তা কর্মসূচি 'হোম এনার্জি অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম'র আবেদন আগামী ২ নভেম্বর থেকে শুরু হচ্ছে। আগের বছরের তুলনায় এবার আগেভাগেই আবেদন গ্রহণ করা হবে। পাশাপাশি সরবরাহ করা জ্বালানি ব্যবহারকারী যোগ্য পরিবারগুলোর জন্য সহায়তার পরিমাণও বাড়ানো হয়েছে।

জানা গেছে, সহায়তা পাওয়ার যোগ্যতা নির্ধারণে পরিবারের সদস্যদের নাগরিকত্ব বা অভিবাসন-সংক্রান্ত যোগ্যতা, মোট আয় এবং সরকারি সহায়তা পাওয়ার বিষয় বিবেচনা করা হবে। পরিবারের অন্তত একজন সদস্যকে যুক্তরাষ্ট্রের নাগরিক অথবা যোগ্য অভিবাসী হতে হবে। একই সঙ্গে পরিবারের আয় নির্ধারিত সীমার মধ্যে থাকতে হবে। এ ছাড়া খাদ্য সহায়তা কর্মসূচি, সরকারি সাময়িক আর্থিক সহায়তা অথবা নির্দিষ্ট শ্রেণির সম্পূরক নিরাপত্তা আয় পাওয়ার বিষয়ও যোগ্যতার শর্তের অন্তর্ভুক্ত।

সহায়তার পরিমাণ নির্ভর করবে পরিবারের আবাসন ও জ্বালানির ধরনের ওপর। সরকারি ভর্তুকিপ্রাপ্ত আবাসন বা দলগত আবাসনে ভাড়ার সঙ্গে ঘর গরম রাখার খরচ অন্তর্ভুক্ত থাকলে যোগ্য পরিবার ২১ ডলার পেতে পারে।

প্রচারণায় প্রার্থীদের

প্রথম পৃষ্ঠার পর

একাংশের মধ্যে উঠছে প্রার্থীদের ব্যক্তিত্ব, বিচক্ষণতা ও পেশাদারত্ব নিয়েও প্রশ্ন।

সমালোচকদের মতে, নির্বাচনী প্রচারণায় প্রযুক্তি ব্যবহার দোষের কিছু নয়। বরং সঠিকভাবে ব্যবহার করতে পারলে এআই প্রচারণাকে আরও আকর্ষণীয় ও কার্যকর করতে পারে। কিন্তু কেবল চমক তৈরি করতে গিয়ে ভিডিওর মান, বক্তব্যের স্বাভাবিকতা ও উপস্থাপনার বিষয়টি উপেক্ষা করলে তা উল্টো প্রার্থীর ভাবমূর্তিতে প্রভাব ফেলতে পারে। বিশেষ করে নেতৃত্বের মতো দায়িত্বশীল পদের প্রার্থীদের ক্ষেত্রে প্রচারণার প্রতিটি কাজেই চিন্তাভাবনা ও রুচির পরিচয় থাকা প্রয়োজন বলে মনে করছেন তারা।

কমিউনিটির কয়েকজনের প্রশ্ন, নির্বাচনের আগেই যদি কোনো প্রার্থী প্রচারণার কনটেন্ট তৈরিতে পরিকল্পনা, যাচাই-বাছাই ও পেশাদারত্বের পরিচয় দিতে ব্যর্থ হন, তাহলে নির্বাচিত হওয়ার পর গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে তার বিচক্ষণতা কেমন হবে? সোসাইটির অর্থ, সাংগঠনিক কার্যক্রম, সদস্যদের অধিকার ও কমিউনিটির বিভিন্ন সমস্যা সমাধানে তিনি কতটা দায়িত্বশীল ভূমিকা রাখতে পারবেন—এমন প্রশ্নও সামনে আসছে।

সমালোচকদের আরও আশঙ্কা, সংগঠনের নেতৃত্ব যদি কেবল পদ-পদবি, সভা-সমাবেশে উপস্থিতি কিংবা ছবি তোলার মধ্যেই সীমাবদ্ধ থাকে, তাহলে সাধারণ সদস্যদের প্রত্যাশা পূরণ হবে না। তাদের মতে, নেতৃত্বের মূল্যায়ন হওয়া উচিত কাজের পরিকল্পনা, সিদ্ধান্ত গ্রহণের সক্ষমতা, জবাবদিহি, সদস্যদের সঙ্গে যোগাযোগ এবং কমিউনিটির জন্য বাস্তব অবদানের ভিত্তিতে।

প্রসঙ্গত, বাংলাদেশ সোসাইটির বহুল আলোচিত নির্বাচন অনুষ্ঠিত হবে আগামী ২৫ অক্টোবর রোববার। নিউইয়র্ক সিটির উডসাইড, ওজোনপার্ক, ব্রুকলীন, ব্রঙ্কস ও জ্যামাইকার ৫টি কেন্দ্রে সকাল ৯টা থেকে ভোট গ্রহণ চলবে টানা রাত ১০টা পর্যন্ত।

জব জব জব

আপনি কি আমেরিকাতে একটি সরকারী জব খুজছেন? আপনার কি হাইস্কুল ডিপ্লোমা, ব্যাচেলর অথবা মাষ্টার ডিগ্রী আছে? বাংলাদেশ অথবা ইউএস থেকে যদি থাকে তাহলে আর দেরী না করে আমাদের টিমে যোগ দিন এবং আপনার পছন্দমত ফিল্ডে একটি প্রফেশনাল জবের জন্য চেষ্টা করুন।

সিভিল সার্ভিস পরীক্ষায় (সিটি, স্টেট এবং ফেডারেল জবের) আপনাদের সর্বোচ্চ স্কোর পাওয়ার জন্য আমাদের সর্বাত্তক প্রচেষ্টা থাকে এবং সেভাবেই আমরা প্রার্থীকে প্রস্তুত করে নেই। (ম্যাথ, ইংরেজী এবং অন্যান্য ট্রিকি প্রশ্নাবলী সমৃদ্ধ আমাদের নিজস্ব প্রিপারেশন গাইড ব্যাংক)। আমেরিকার অন্য স্টেট থেকেও আমাদের টিমে যোগ দিতে পারেন।

তাছাড়া প্রফেশনাল রিজুমি, কভার লেটার এবং ফেইস টু ফেইস ইন্টারভিউ-এর জন্য তৈরী করা হয়। যাদের একাউন্টিং বেকগ্রাউন্ড তাদেরকে কুইকবুক, পিচট্রি, পেরুল ও একাউন্টিং-এর টিউটরিংসহ সবাইকে কম্পিউটার বেসিক শিখানো হয়।

আগ্রহী প্রার্থীরা আজই যোগাযোগ করুন - ৭১৮-৫৩০-২৬০৫
email: roudro123@yahoo.com

এম এ জামান (বর্তমানে নিউইয়র্ক স্ট্যাট গভ-এ কর্মরত)
সাকসেস মাল্টিপারপাস এ্যান্ড ক্যারিয়ার কনসালটিং ফার্ম (প্রতিষ্ঠাতা)
সার্টিফাইড বিজনেস ক্যারিয়ার স্কুল টিচার, দ্যা স্টেট ইউনিভার্সিটি অফ নিউইয়র্ক (জব ডেভলপার)
প্রাক্তন সাবস্টিটিউট টিচার, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ এডুকেশন এবং
লেকচারার ইন একাউন্টিং, এম এল আই, নিউ ইয়র্ক, কুইন্স

MITU DISABILITY CENTER
MITU PHYSICAL THERAPY P.C.
MITU HOME CARE LLC.



RONJAN
(Disability Consultant)
646-730-8416

আপনি যদি অসুস্থ হন তাহলে প্রতি মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন



JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

MITU DISABILITY CENTER
• স্টেট ডিসএ্যাবিলিটি (TANF)
• ফেডারেল ডিসএ্যাবিলিটি (SSI, SSDI)
• এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
• ইমিগ্রেশনের বিষয়ে সাহায্য করা হয়।


পরীক্ষা ছাড়াই আমেরিকার সিটিজেনশীপ

N-648 WAIVER

MITU PHYSICAL THERAPY P.C.
আমরা যেকোন ধরনের ব্যাথা / জয়েন্ট পেইনের জন্য থেরাপী দিয়ে থাকি। ঘাড়ের ব্যাথা, পিঠের ব্যাথা, হার্টের ব্যাথা, গোড়ালীর ব্যাথা, নার্ভের ব্যাথা, অবস হওয়া, ঝিনঝিন করা, মাথা ধরা এবং সাইয়া টিকার ব্যাথা নিরাময়ের চিকিৎসা দিয়ে থাকি।
Nagah A. Alaidy
(ফিজিক্যাল থেরাপিষ্ট)

MITU HOME CARE LLC.
আপনি প্রতি সপ্তাহে আয় করুন
আপনার মা-বাবা, শ্বশুর-শাশুড়ী, আত্মীয়-স্বজন, প্রতিবেশী, বন্ধু-বান্ধব অথবা যেকোন রোগীকে স্বাস্থ্য সেবা দিয়ে অর্থ উপার্জন করুন। আমেরিকায় রোগীকে সেবা করার সম্পূর্ণ খরচ সরকার বহন করে থাকে।

3747, 73rd Street, Suite # 215
Jackson Heights, NY 11372
(Kings Plaza)
Phone: 718-701-2666, 646-730-8416, Fax: 718-225-1025
Email: bonijronjan@yahoo.com


Md.Kamroul Hasan
President & Ceo

YOURHOMESOLD GUARANTEED REALTY
Our Name is Our Promise

YOUR HOME SOLD GUARANTEED OR WELL BUY IT
আমরা বাড়ি বেচা কেনা, ট্যাক্সি লিজিং এবং টিএলসি ইনস্যুরেন্স করে থাকি।

HASAN BROKERAGE INC.
TLC সহ সকল প্রকার ইনস্যুরেন্স করা হয়

PHONE: 718-612-8825
EMAIL:hasanbrokerage@gmail.com
ADDRESS: 2115 Starling Leasing,
2nd Floor, Bronx, NY 10462

HASAN TAXI SERVICES INC



বিসমিল্লাহির রাহমানির রাহিম

BANGLADESH SOCIETY INC. ELECTION 2026

বাংলাদেশ সোসাইটি ইন্‌ক, নির্বাচন ২০২৬

নির্বাচন ২৫ অক্টোবর, রবিবার-২০২৬

আপনাদের সাথে নিয়ে আরও তিন বছর আরও অগ্রগতি, আরও অর্জন
নতুন প্রজন্মের জন্য আরও সমৃদ্ধ বাংলাদেশ সোসাইটি



সেলিম-আলী পরিষদের



সহ সভাপতি পদপ্রার্থী

PLEASE CAST YOUR VOTE IN 2ND ROW (B1 to B21) FOR SALIM-ALI PANEL



সামাজিক কার্যক্রম ও সাংগঠনিক অভিজ্ঞতা

সহ সভাপতি
বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক

সাবেক সাধারণ সম্পাদক
জ্যাকসন হাইটস বাংলাদেশী বিজনেস এসোসিয়েশন জেবিবিএ)

সাবেক সভাপতি
প্রবাসী সিরাজগঞ্জ জেলা সমিতি ইউএসএ ইন্‌ক

উপদেষ্টা
জ্যাকসন হাইটস এলাকাবাসী
নর্থবেঙ্গল ফাইন্ডেশন ইউএসএ ইন্‌ক
জামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটি

সত্ত্বাধিকারী
খামার বাড়ি গ্রুপ
রিলায়েবল হোম কেয়ার

আজীবন সদস্য
জ্যাকসন হাইটস ইসলামিক সেন্টার মসজিদ
আল আরাফা ইসলামিক সেন্টার মসজিদ

PLEASE CAST YOUR VOTE FOR
MD. KAMRUZ ZAMAN
VICE PRESIDENT

মেশিনের দ্বিতীয় সারিতে সেলিম-আলী পরিষদে (B1 থেকে B21) পর্যন্ত অনুগ্রহ করে আপনার মূল্যবান ভোট দিন

মোঃ কামরুজ্জামান কামরুল

আপনাদের মূল্যবান ভোট ও দোয়া প্রার্থী



সেলিম- আলী পরিষদ
আপনাদের ভোট ও দোয়া প্রার্থী
B

PLEASE VOTE FOR
SALIM-ALI PANEL

প্রচারেঃ সেলিম-আলী পরিচালনা কমিটি

একসিডেন্ট ও ইনজুরি কেইসেস
অভিজ্ঞ আমেরিকান ট্রায়াল আইনজীবি দ্বারা পরিচালিত
আইনী প্রতিষ্ঠান
LAW OFFICES OF
SURDEZ & PEREZ, P.C.




SURDEZ & PEREZ, P.C.

We Specialize in Personal Injury and Negligence Cases
Call us:
718-482-7766, 917-562-1368
প্রয়োজনে আমরাই পৌঁছে যাব আপনার কাছে



কেবলমাত্র কেইসে সাফল্য লাভের পরই
আমরা ফি গ্রহণ করে থাকি

আমাদের কার্যক্রম ও পরামর্শের ক্ষেত্রসমূহ:
- গাড়ী দূর্ঘটনা
- বাস,ট্রেন অথবা মোটর সাইকেল
- ব্রেইন ইনজুরি
- এলিভেটর একসিডেন্ট
- স্কুল লায়াবিলিটি
- খেলার মাঠে দূর্ঘটনা
- বার্ণ ইনজুরি
- নির্মাণ কাজে দূর্ঘটনা
- পিছলে পড়ে গেলে
- লেড পয়জনিং
- কুকুর কামড়ালে
- ডাক্তারের ভূল চিকিৎসা

আমাদের বৈশিষ্ট্যসমূহ:
অভিজ্ঞতা সম্পন্ন ট্রায়াল এটর্ণী দ্বারা পরিচালিত একটি আইনী প্রতিষ্ঠান। সততা ও নিষ্ঠা। ক্লায়েন্টের পক্ষে রায়ের জন্য দক্ষতার সাথে সর্বাত্মক চেষ্টা। দ্রুত কেস সেটেলমেন্টের নিশ্চয়তা

যে কোন পরামর্শের জন্য যোগাযোগ করুন



Mohammed Ali
718-482-7766
917-562-1368
alimd@surdezlaw.com
alimd1040@yahoo.com

32-72 Steinway Street, Suite# 401
Astoria, NY 11103

www.surdezperezlaw.com

IMMIGRATION
ইমিগ্রেশন TRANSLATION TAX FILING HELP

ইমিগ্রেশন
ট্রান্সলেশন
ট্যাক্স



Shamim Shahed
Certified Paralegal
Legal Investigator

- ফ্যামিলি ইমিগ্রেশন
- অ্যাসাইলাম
- অ্যাক্সিডেন্ট
- পারসোনাল ইনজুরি
- ডিভোর্স (আনকনটেস্টেড)

631-805-1051
TD BANK এর উল্টোপাশে, ইন্ডিয়া শাড়ি প্যালেস ISP-এর ২য় তলায়
Primavera 37-07 74th Street, Suite #3
Jackson Heights, NY 11372
We Work with
BHATTA LAW & ASSOCIATES

Foot Specialist
ALAM PODIATRY
পায়ের রোগ বিশেষজ্ঞ চিকিৎসক
70-17 37 Ave, Jackson Heights, NY 11372
166-05 Highland Ave, Suite L1, Jamaica, NY 11432

OUR SERVICES
- Diabetic Foot Exam
- Heel Injection
- Ingrown Toenail
- Fungal Toensails
- Fracture Management
- Diabetic Shoes
- Foot Surgery
- Vascular and nerve Testing
- On-site X-ray Avaialbe

We Accept all Major insurance Plan

Dr, Sadi Alam, DPM
নিউ ইয়র্কে বাংলাদেশি চিকিৎসকের পরামর্শ নিন



CONTACT US
347-509-4470
www.alampodiatry.com

Accepting New Patients

মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?
Low Income, No Problem
MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS CORP.



- ট্যাক্সী ক্যাব এবং বিজনেস ওনারদের জন্য বিশেষ প্রোগ্রাম
- এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট
- যারা হোম কেয়ারে কাজ করেন তাদের বিশেষ সুবিধা

646-920-4799

আপনাদের সেবাই আমাদের লক্ষ্য
- ব্যক্তিগত পরামর্শ
- ইন্টারেষ্ট রেট কম
- ইনভেষ্টমেন্ট
- ফ্রি এপ্রোভাল
- ফাষ্ট ক্লোজিং
- দ্রুত এবং বিশ্বস্ত



139-27 Queens Blvd, Jamaica, NY 11435
Akib Hussain

We Speak বাংলা, English, हिन्दी العربية

ALAM MEDICAL

লং আইল্যান্ডে ডিয়ার পার্কে
আপনার পরিবারের স্বাস্থ্যসেবা এখন হাতের নাগালে।

Dr. Rehana Alam
DO, DPM
Board certified family medicine physician



আমাদের সেবাসমূহ :

- হেলথ চেকআপ।
- দীর্ঘস্থায়ী (ক্রনিক) রোগ নির্ণয় ও ব্যবস্থাপনা (ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ ও অন্যান্য)।
- রোগ প্রতিষেধক টিকা প্রদান।
- শিশু ও কিশোর-কিশোরীদের স্বাস্থ্যসেবা।
- নারীদের স্বাস্থ্য পরীক্ষা ও সেবা, যার মধ্যে রয়েছে জরায়ুর ক্যান্সার নির্ণয়ের জন্য প্যাপ স্মিয়ার, গর্ভধারণ পরামর্শ ও মেনোপজ ব্যবস্থাপনা সহায়তা।

আমাদের সাথে যোগাযোগ করুন

Contact us 631-778-4048 1755 Deer Park Ave, Deer Park, NY 11729
www.alammedical.com

PEOPLENTECH
A Global Leader in IT Training, Consulting, and Job Placement Since 2005



EARN 100K TO 200K PER YEAR

- Selenium Automation Testing
- SQL Server Database Administration
- Business Analyst

PROVIDED JOBS TO 7000+ STUDENTS.
100% JOB PLACEMENT
RECORD FOR THE LAST 17 YEARS.

Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleNTech Alumni from Partner University: www.wust.edu

Washington University of Science and Technology

Authorized Employment Agency by: NYC Consumer and Worker Protection

Certified Training Institute by: SCHEN, NYS Education Department Licensed

If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:
info@piit.us 1-855-JOB-PIIT(1-855-562-7448) www.piit.us

AGRA PALACE RESTAURANT & PARTY HALL
আগ্রা প্যালেস রেষ্টুরেন্ট এণ্ড পার্টি হল

বিয়ে, জন্মদিন, বেবী শাওয়ার, গ্রাজুয়েশন, অভিষেক, সভা-সেমিনারসহ সকল ধরনের অনুষ্ঠানের জন্য একটি অভিজাত রেষ্টুরেন্ট ও পার্টি হল।



- সুন্দর ও মনোরম পরিবেশ।
- সু-সজ্জিত বিশাল পার্টি হল।
- অভিজ্ঞ ও দক্ষ শেফ এর তত্ত্বাবধানে তৈরী হালাল খাবার পরিবেশনা।
- ছোট বড় সকল ধরনের অনুষ্ঠানের জন্য আসন সংখ্যা ৫০ থেকে ৪৫০।

INDOOR & OUTDOOR CATERING AVAILABLE



বুকিং ও বিস্তারিত জানতে যোগাযোগ করুন

agra Palace
Restaurant & Party Hall

ADDRESS: 116-33 Queens Blvd, Forest Hills, New York, NY 11375
Contact : (917) 362-1336, 929-521-2019 , 718-261-8880

বাংলাদেশ সোসাইটি ইন্‌ক, নির্বাচন ২০২৬

কুনু-ফিরোজ পরিষদ
KUNU - FIROZ PANEL

মেশিনের প্রথম সারিতে কুনু-ফিরোজ (A1 থেকে A21) পর্যন্ত
অনুগ্রহ করে আপনার মূল্যবান ভোট দিন
আসুন পরিবর্তনের পক্ষে রায় দেই, যোগ্য নেতৃত্বকে জয়ী করি

PRESIDENT সভাপতি	A1 AJMOL HUSSAIN KUNU আজমল হোসেন কুনু	
SR.VICE-PRESIDENT সিনিয়র সহ-সভাপতি	A2 DULAL BEHEDO দুলাল বেহেদু	
VICE-PRESIDENT সহ-সভাপতি	A3 ABUL KALAM BHUIYAN আবুল কালাম ভূঁইয়া	
GENERAL SECRETARY সাধারণ সম্পাদক	A4 FIROZ AHMED ফিরোজ আহমেদ	
ASST. GENERAL SECRETARY সহ-সাধারণ সম্পাদক	A5 M0HAMMED NOASHED HOSSAIN মোঃ নওশেদ হোসেন	
TREASURER কোষাধ্যক্ষ	A6 MOFIJUL ISLAM BHUIYAN RUMI মফিজুল ইসলাম ভূঁইয়া রুমি	
ORGANIZING SECRETARY সাংগঠনিক সম্পাদক	A7 MD JAMIL ANSARY মোঃ জামিল আনসারী	
CULTURAL SECRETARY সাংস্কৃতিক সম্পাদক	A8 RUSHDI AHMED CHOWDHURY (BABU) রুশদী আহমেদ চৌধুরী (বাবু)	
PUBLIC RELATION & PUBLICITY SECRETARY জনসংযোগ ও প্রচার সম্পাদক	A9 SYED GOWSUL HUSSAIN সৈয়দ গৌছুল হোসেন	
SOCIAL WELFARE SECRETARY সমাজকল্যান সম্পাদক	A10 KOYES AHMED কয়েছ আহমদ	
LITERATURE SECRETARY সাহিত্য সম্পাদক	A11 MD. A AKHTER BABUL মোঃ আখতার বাবুল	
SPORTS & ENT. SECRETARY ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক	A12 MORSHED ALAM মোরশেদ আলম	
SCHOOL & EDU. SECRETARY স্কুল ও শিক্ষা সম্পাদক	A13 MD. MAIN UDDIN (NOTU) মোঃ মাইন উদ্দিন (নটু)	
WOMEN & CHILDREN AFFAIRS SECRETARY মহিলা ও শিশু বিষয়ক সম্পাদক	A14 BEGUM MEHER CHOWDHURY বেগম মেহের চৌধুরী	
YOUTH & IT SECRETARY যুব ও তথ্যপ্রযুক্তি সম্পাদক	A15 KAZI HASAN কাজী হাসান	
EXECUTIVE MEMBER কার্যকরী সদস্য	A16 BASHAR BHUIYAN বাশার ভূঁইয়া	
	A17 SIDDEQUE PATWARY সিদ্দিক পাটোয়ারী	
	A18 PROF. MD ABDUL BASIR প্রফেসর মোঃ আব্দুল বাছির	
	A19 MASHUDUL HAQUE SANU মাসুদুল হক ছানু	
	A20 MOHAMED KAWSAR ALAM মোহাম্মদ কাউছার আলম	
	A21 MONIRUL ISLAM MONIR মনিরুল ইসলাম মনির	

PLEASE CAST YOUR VOTE IN FIRST ROW (A1 to A21) FOR KUNU-FIROZ PANEL

মেশিনের প্রথম সারিতে কুনু-ফিরোজ পরিষদে (A1 থেকে A21) পর্যন্ত অনুগ্রহ করে আপনার মূল্যবান ভোট দিন

কুনু-ফিরোজ পরিষদের নির্বাচনী ইশতেহার

আমাদের অঙ্গীকার, কমিউনিটির অগ্রযাত্রা

বাংলাদেশ সোসাইটি ইনক, নিউইয়র্কের আসন্ন নির্বাচনে কুনু-ফিরোজ পরিষদ বাংলাদেশী-আমেরিকান কমিউনিটির সার্বিক কল্যাণ, অধিকার প্রতিষ্ঠা, সামাজিক মর্যাদা, শিক্ষা, কর্মসংস্থান এবং ভবিষ্যৎ প্রজন্মের উন্নয়নকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করছে। আমরা বিশ্বাস করি, বাংলাদেশ সোসাইটি শুধু একটি সংগঠন নয়; এটি যুক্তরাষ্ট্রে বসবাসরত বাংলাদেশীদের ঐক্য, সম্প্রীতি, অধিকার ও কল্যাণের একটি গুরুত্বপূর্ণ প্ল্যাটফর্ম।

এই লক্ষ্য বাস্তবায়নে আমাদের নির্বাচনী কর্মসূচি নিম্নরূপ: ৭টি অগ্রাধিকারমূলক নির্বাচনী ইশতেহার

- ✓ **বাংলাদেশ কমিউনিটি সেন্টার প্রতিষ্ঠা:** নিউইয়র্কে বাংলাদেশি কমিউনিটির দীর্ঘদিনের প্রত্যাশা পূরণে একটি আধুনিক ও স্থায়ী বাংলাদেশ কমিউনিটি সেন্টার প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করা হবে। বাংলাদেশ সোসাইটির নিজস্ব তহবিল, সাধারণ সদস্যদের সহযোগিতা এবং প্রবাসের বিশিষ্ট ব্যক্তিবর্গ ও দাতাদের আর্থিক অনুদানের মাধ্যমে এই প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে কার্যকর পদক্ষেপ নেওয়া হবে।
- ✓ **ধর্ম-বর্ণ নির্বিশেষে সাশ্রয়ী ফিউনারেল হোম সেবা:** মানবিক মর্যাদা ও সামাজিক দায়বদ্ধতার জায়গা থেকে মুসলিম, হিন্দু, বৌদ্ধ, খ্রিষ্টানসহ সকল ধর্ম ও সম্প্রদায়ের মানুষের জন্য সাশ্রয়ী ও সহজলভ্য ফিউনারেল হোম সেবা চালুর উদ্যোগ গ্রহণ করা হবে। সংকটের সময় যেন কোনো পরিবার অসহায় বোধ না করে, সে লক্ষ্যে প্রয়োজনীয় সহযোগিতা ও সেবার ব্যবস্থা গড়ে তোলা হবে।
- ✓ **নিউইয়র্কে 'বিমান বাংলাদেশ এয়ারলাইন্স' এর ফ্লাইট পুনরায় চালুর উদ্যোগ:** প্রবাসী বাংলাদেশিদের দীর্ঘদিনের প্রত্যাশা পূরণে নিউইয়র্ক থেকে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের সরাসরি ফ্লাইট পুনরায় চালুর বিষয়ে সংশ্লিষ্ট সরকারি ও বেসরকারি কর্তৃপক্ষের সঙ্গে কার্যকর যোগাযোগ, আলোচনা ও সমন্বিত উদ্যোগ গ্রহণ করা হবে।
- ✓ **ইমিগ্রেশন সহায়তা, আইনি পরামর্শ হেল্পলাইন ও কনস্যুলেট সেবা:** প্রবাসী বাংলাদেশিদের ইমিগ্রেশন সংক্রান্ত সমস্যা ও জটিলতা নিরসনে অভিজ্ঞ ও বিশ্বস্ত ইমিগ্রেশন আইনজীবীদের সমন্বয়ে একটি সহায়তা হেল্পলাইন চালু করা হবে। এর মাধ্যমে কমিউনিটির সকলে নির্ভরযোগ্য তথ্য, প্রাথমিক আইনি দিকনির্দেশনা এবং প্রয়োজনীয় পরামর্শ গ্রহণের সুযোগ পাবেন। এছাড়া প্রত্যেক বরোতে কনস্যুলেট সেবা ব্যবস্থা করা হবে।
- ✓ **সিটি, স্টেট ও ফেডারেল পর্যায়ে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা:** জব সেমিনারের মাধ্যমে যোগ্য বাংলাদেশী-আমেরিকান তরুণ-তরুণী ও পেশাজীবীদের জন্য নিউইয়র্ক সিটি, স্টেট এবং ফেডারেল সরকারের বিভিন্ন চাকরির সুযোগ সম্পর্কে তথ্য ও দিকনির্দেশনা প্রদান করা হবে। পাশাপাশি চাকরির আবেদন, ইন্টারভিউ প্রস্তুতি এবং পেশাগত দক্ষতা বৃদ্ধিতে সহায়তা করা হবে। বর্তমান সময়ের চাহিদা বিবেচনায় স্বল্প খরচে আইটি ও কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) বিষয়ে প্রশিক্ষণের সুযোগ তৈরির উদ্যোগ নেওয়া হবে।
- ✓ **মূলধারার রাজনীতি ও সামাজিক নেতৃত্বে বাংলাদেশি কমিউনিটিতে নতুন প্রজন্মের অংশগ্রহণ বৃদ্ধি:** বাংলাদেশি-আমেরিকান তরুণ প্রজন্মকে যুক্তরাষ্ট্রের মূলধারার রাজনীতি, সামাজিক কর্মকাণ্ড, নীতিনির্ধারণী প্রক্রিয়া এবং নেতৃত্বের বিভিন্ন পর্যায়ে সম্পৃক্ত করতে বাংলাদেশ সোসাইটির উদ্যোগে প্রতিবছর 'ইয়ুথ কনভেনশন' আয়োজন করবে। একই সঙ্গে সকল জাতি, ধর্ম ও সম্প্রদায়ের মানুষের সঙ্গে পারস্পরিক সহযোগিতা ও সম্প্রীতি প্রতিষ্ঠার মাধ্যমে বাংলাদেশি কমিউনিটির সামাজিক অবস্থান ও গ্রহণযোগ্যতা আরো সুদৃঢ় করা হবে।
- ✓ **মেধাবী শিক্ষার্থীদের উচ্চশিক্ষায় সহায়তা:** বাংলাদেশি-আমেরিকান পরিবারের মেধাবী ও সম্ভাবনাময় শিক্ষার্থীদের উচ্চশিক্ষার পথ সুগম করতে বিশেষ শিক্ষা সহায়তা কর্মসূচি গ্রহণ করা হবে। আমেরিকার স্বনামধন্য কলেজ ও বিশ্ববিদ্যালয়ে ভর্তির প্রস্তুতির জন্য বাংলাদেশ সোসাইটির উদ্যোগে এবং অনুদানের মাধ্যমে উন্নতমানের কোচিং, শিক্ষামূলক দিকনির্দেশনা ও সহায়তার ব্যবস্থা করা হবে।
- ✓ **আমাদের লক্ষ্য ও ভবিষ্যৎ পরিকল্পনা:** আমরা এমন একটি বাংলাদেশ সোসাইটি গড়ে তুলতে চাই, যেখানে থাকবে স্বচ্ছতা, জবাবদিহিতা, কার্যকর নেতৃত্ব এবং সকল সদস্যের সমান মর্যাদা।

আমাদের অঙ্গীকার শুধু নির্বাচনী প্রতিশ্রুতিতে সীমাবদ্ধ নয়। আমরা বাস্তবসম্মত পরিকল্পনা, সম্মিলিত উদ্যোগ এবং ধারাবাহিক কার্যক্রমের মাধ্যমে বাংলাদেশি কমিউনিটির জন্য দৃশ্যমান ও দীর্ঘমেয়াদি ইতিবাচক পরিবর্তন নিশ্চিত করতে চাই।

VOTING CENTER ভোট কেন্দ্র

WOODSIDE
58 Manor
58-02 37th Ave
Woodside, NY 11377

BRONX
Golden Palace
1451 Unionport Rd
Bronx, NY 10462

JAMAICA
Angan Party Hall
89-16 175th St
Jamaica, NY 11432

BROOKLYN
Kalam's Hall
69 Church Ave
Brooklyn, NY 11218

OZONE PARK
Majestic Marquise
88-03 101st Ave
Ozone Park, NY 11416

INSTRUCTION FOR VOTING / মেশিনে ভোট দেয়ার নিয়মাবলী

1. Touch the picture or name to select the candidate. The candidate's ballot number will change from red to green.
2. If you want to change your mind for any reason, first touch again on the picture or name of the selected candidate. You will see that the ballot number has changed from green to red again.
3. Carefully check that you have selected the candidates of your choice correctly. Make sure ballot numbers of your selected candidates have turned green.
4. When your candidate selection is complete, touch the green hand symbol above to cast the ballot. This will complete the voting of the candidates of your choice.
5. There will be no chance of amending or re-voting once the ballot cast is complete.

১. প্রার্থী নির্বাচন করতে ছবি বা নামের উপর স্পর্শ করুন। প্রার্থীর ব্যালট নাম্বারটি লাল থেকে সবুজ হয়ে যাবে।

২. কোন কারনে আপনার মত পরিবর্তন করতে চাইলে প্রথমে নির্বাচন করা প্রার্থীর ছবি বা নামের উপর আবারো স্পর্শ করুন।দেখতে পাবেন ব্যালট নাম্বারটি সবুজ থেকে পুনরায় লাল হয়ে গেছে।

৩. আপনি আপনার পছন্দের প্রার্থীদের সঠিকভাবে নির্বাচন করেছেন কিনা তা সতর্কতার সাথে পরীক্ষা করুন। লক্ষ্য রাখবেন আপনার নির্বাচিত প্রার্থীদের ব্যালট নাম্বারটি সবুজ হয়েছে কিনা।

৪. যখন আপনার প্রর্থী নির্বাচন করা সম্পন্ন হবে, ব্যালট কাস্ট করার জন্য উপরে থাকা সবুজের উপর সাদা হাত দেওয়া চিহ্নটিতে স্পর্শ করুন। এতেই আপনার পছন্দের প্রার্থীদের ভোট দান সম্পন্ন হবে।

৫. ব্যালট কাস্ট সম্পন্ন হওয়ার পর সংশোধনী বা পুনরায় ভোট প্রধানের কোন সুযোগ থাকবে না।

ভোট দেওয়ার জন্য নিম্নে উল্লেখিত যেকোন একটি আইডি সঙ্গে আনতে হবে
(১) ড্রাইভার লাইসেন্স/স্টেট আডি (২) বাংলাদেশী অথবা আমেরিকান পাসপোর্ট
(৩) গ্রীনকার্ড/ওয়ার্ক অথরাইজেশন কার্ড

NY HOME CARE SERVICE INC.

লাইসেন্সপ্রাপ্ত হোম কেয়ার এজেন্সি



আপনার Caregiver-এর জন্য আরও ভালো Salary চান?

কিন্তু Insurance পরিবর্তন করতে চান না?

সমস্যা নেই! আপনার বর্তমান Insurance-এর মাধ্যমেই ভালো পেমেন্টের সুযোগ থাকতে পারে

আমরা দিচ্ছি সর্বোচ্চ আয়ের নিশ্চয়তা

CENTERLIGHT Healthcare PACE · Anthem · VILLAGECAREMAX · VNS Health · Senior Whole Health · HamaspikMedicare · elderplan · RiverSpring LIVING



ফয়সাল আজিজ
প্রধান নির্বাহী কর্মকর্তা (CEO)
এন ওয়াই হোম কেয়ার সার্ভিস ইনক্

আপনার ঘণ্টাপ্রতি সর্বোচ্চ পেমেন্ট কত হতে পারে জানতে

যোগাযোগ করুন

718-874-0047

ই-মেইল: **info@nyhcs.org**

ওয়েবসাইট: **www.nyhcs.org**



এম. আজিজ
প্রেসিডেন্ট
এন ওয়াই হোম কেয়ার সার্ভিস ইনক্
ট্রাস্টি বোর্ডের সদস্য ও সাবেক প্রেসিডেন্ট
বাংলাদেশ সোসাইটি ইউএসএ

প্রধান কার্যালয়: 37-18 73rd Street, Suite 402, Jackson Heights, NY 11372

মানসম্মত সেবা | বিশ্বস্ত সহযোগী | মানসিক শান্তি

বিসমিল্লাহির রাহমানির রাহিম

BANGLADESH SOCIETY INC. ELECTION 2026

বাংলাদেশ সোসাইটি ইন্‌ক, নির্বাচন ২০২৬

নির্বাচন ২৫ অক্টোবর, রবিবার-২০২৬

আপনাদের সাথে নিয়ে আরও তিন বছর আরও অগ্রগতি, আরও অর্জন
নতুন প্রজন্মের জন্য আরও সমৃদ্ধ বাংলাদেশ সোসাইটি



সেলিম-আলী পরিষদের



কার্যকরী সদস্য পদপ্রার্থী

PLEASE CAST YOUR VOTE IN 2ND ROW (B1 to B21) FOR SALIM-ALI PANEL



মোঃ উজ্জল বিপুল

PLEASE VOTE FOR MD. UZZAL BIPUL EXECUTIVE MEMBER

মেশিনের দ্বিতীয় সারিতে সেলিম-আলী পরিষদে (B1 থেকে B21) পর্যন্ত অনুগ্রহ করে আপনার মূল্যবান ভোট দিন

আপনাদের মূল্যবান ভোট ও দোয়া প্রার্থী



মোঃ মহিউদ্দীন দেওয়ান
সিনিয়র সহ-সভাপতি পদপ্রার্থী



মোঃ কামরুজ্জামান কামরুল
সহ-সভাপতি পদপ্রার্থী



হারুন চেয়ারম্যান
সহ-সাধারণ সম্পাদক পদপ্রার্থী



দওশাদ হায়দার
কোষাধ্যক্ষ পদপ্রার্থী



ভিউক খান
সাংগঠনিক সম্পাদক পদপ্রার্থী



অনিক রাজ
সাংস্কৃতিক সম্পাদক পদপ্রার্থী



রিজু মোহাম্মদ



মুনসুর আহমেদ



রুমানা আহমেদ
সাহিত্য সম্পাদক পদপ্রার্থী



হাসান খান
ক্রীড়া ও স্বাস্থ্যকর সম্পাদক পদপ্রার্থী



এএসএম মঈন উদ্দীন (বাবলু)
স্কুল ও শিক্ষা সম্পাদক পদপ্রার্থী



শাহনাজ হোসেন
মহিলা ও শিশু বিষয়ক সম্পাদক পদপ্রার্থী



জাহাঙ্গীর শহীদ সেহরাওয়ার্দী
দুঃস্থ ও জনহিতৈষি সম্পাদক পদপ্রার্থী



সারওয়ার খান বাবু
কার্যকরী সদস্য পদপ্রার্থী



মোঃ এ মান্নান
কার্যকরী সদস্য পদপ্রার্থী



শামীম আহমেদ
কার্যকরী সদস্য পদপ্রার্থী



মোঃ আবুল মালেক খান
কার্যকরী সদস্য পদপ্রার্থী



কাজী রবিউজ্জামান
কার্যকরী সদস্য পদপ্রার্থী

সেলিম- আলী পরিষদ
আপনাদের ভোট ও দোয়া প্রার্থী
B
PLEASE VOTE FOR
SALIM-ALI PANEL

প্রচারেঃ সেলিম-আলী পরিচালনা কমিটি

RESTORATION HOMECARE AGENCY



আমাদের PCA বৃদ্ধ মা-বাবাসহ সব ধরনের
হোমকেয়ার রোগীদের সেবা দিতে বদ্ধপরিকর

সেবা সমূহঃ LHSCA PCA

RESTORATION HOMECARE AGENCY

রিষ্টোরেশন হোম কেয়ার এজেন্সি

আজই আমাদের সাথে যোগাযোগ করুন

HEAD OFFICE

170-10 HILLSIDE AVE, JAMAICA NY 11432
917-300-6463, 516-744-7111
essentialcareny@gmail.com

বিসমিল্লাহির রাহমানির রাহিম

বাংলাদেশ সোসাইটি ইন্‌ক, নির্বাচন ২০২৬

BANGLADESH SOCIETY INC. ELECTION 2026

নির্বাচন ২৫ অক্টোবর, রবিবার ২০২৬

"সমৃদ্ধি কল্যাণ, সততা, স্বচ্ছতা ও জবাবদিহীতার পরিষদ"



আজমল হোসেন কুনু
সভাপতি
AJMOL HUSSAIN KUNU, PRESIDENT


কুনু-ফিরোজ পরিষদ



ফিরোজ আহমেদ
সাধারণ সম্পাদক
FIROZ AHMED, GENERAL SECRETARY

সামাজিক কার্যক্রম ও সাংগঠনিক অভিজ্ঞতা

- ☑ সভাপতি: বৃহত্তর সিলেট গণদাবী পরিষদ যুক্তরাষ্ট্র ইনক।
- ☑ সিনিয়র সহ-সভাপতি: কুইন্স বাংলাদেশ সোসাইটি নিউইয়র্ক।
- ☑ প্রতিষ্ঠাতা পরিচালক: এবি টিভি ও এবি মিডিয়া গ্রুপ।
- ☑ সাবেক সভাপতি, সাধারণ সম্পাদক, উপদেষ্টা, সাবেক ভারপ্রাপ্ত প্রধান নির্বাচন কমিশনার: বাংলাদেশ বিয়ানীবাজার সামাজিক ও সাংস্কৃতিক সমিতি ইউএসএ ইনক।
- ☑ আজীবন সদস্য: শাহজালাল মসজিদ এস্টোরিয়া, বাংলাবাজার জামে মসজিদ ব্রঙ্কস, ফুলতলী ইসলামিক সেন্টার জ্যামাইকা, ফুলতলী জামে মসজিদ ওজনপার্ক, ওজনপার্ক জামে মসজিদ ও বাংলাদেশ সোসাইটি ইনক।



মাসুদুল হক ছানু

কার্যকরী সদস্য পদপ্রার্থী

আপনাদের মূল্যবান ভোট ও দোয়া প্রার্থী

PLEASE CAST YOUR VOTE FOR
MASHUDUL HAQUE SANU
EXECUTIVE MEMBER

☑ কুনু-ফিরোজ পরিষদে আপনার মূল্যবান ভোট দিন ☑



প্রচারে: কেন্দ্রীয় নির্বাচন পরিচালনা কমিটি

মেশিনের প্রথম সারিতে কুনু-ফিরোজ পরিষদে (A1 থেকে A21) পর্যন্ত অনুগ্রহ করে আপনার মূল্যবান ভোট দিন

PLEASE CAST YOUR VOTE IN FIRST ROW (A1 to A21) FOR KUNU-FIROZ PANEL

RAISE HEALTH

প্রদান করছেন কুইন্স জুড়ে বিশেষজ্ঞ হৃদরোগের চিকিৎসা

Northwell's Cardiovascular Institute এর শীর্ষ বিশেষজ্ঞরা কুইন্স জুড়ে বিভিন্ন স্থানে রয়েছেন।



Kumar Sarkar, MD



Naseem Hossain, DO

ডা. Sarkar এবং ডা. Hossain গ্লেনডেল, জ্যাকসন হাইটস এবং রিগো পার্ক জুড়ে সাংস্কৃতিক বোঝাপড়ার ভিত্তিতে উন্নত মানের হৃদরোগের চিকিৎসা প্রদান করেন।

তাঁরা বিস্তৃত পরিষেবা প্রদান করেন—হৃদরোগর প্রতিরোধমূলক যত্ন নেওয়া থেকে শুরু করে আধুনিক রোগ সনাক্তকরণ ও চিকিৎসা—, পাশাপাশি বাংলাদেশি সম্প্রদায়ের বিশেষ স্বাস্থ্য সংক্রান্ত প্রয়োজনীয়তার দিকেও গুরুত্ব দেন।

অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করতে (929) 930-1127 নম্বরে কল করুন

Northwell℠

গ্লেনডেল | জ্যাকসন হাইটস | রেগো পার্ক



অঙ্গন পার্টি হল

ANGAN PARTY HALL

89-16, 175 Street
Jamaica NY 11432





- বিয়ে
- বিবাহ বার্ষিকী
- আকিকা
- বেবি শাওয়ার
- জন্মদিন
- সভা-সেমিনার
- গ্র্যাজুয়েশন পার্টি

জ্যামাইকায় অবস্থিত ৬০০০ বর্গফুটের
সম্পূর্ণ নতুন অঙ্গন পার্টি হল থেকে
শুরু হোক আপনার স্মৃতিগুলো

এখানে রেগুলার ইভেন্টসহ
যেকোন অনুষ্ঠানের
বুকিং নেওয়া হয়

929-512-6426

ইমেইল:
anganhallny@gmail.com

৫ বছর পর মায়ের সঙ্গে কথা বললেন সু চির ছেলে

উত্তর আমেরিকা ডেস্ক

মিয়ানমারের কারাবন্দী গণতন্ত্রপন্থী নেত্রী অং সান সু চির সঙ্গে পাঁচ বছর পর প্রথমবারের মতো ফোনে কথা বলেছেন তাঁর ছোট ছেলে কিম অ্যারিস। যুক্তরাজ্যের পররাষ্ট্র দপ্তরের উদ্যোগে আয়োজিত ২০ মিনিটের এই কথোপকথনকে সু চির পরিবারের সঙ্গে যোগাযোগের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অগ্রগতি হিসেবে দেখা হচ্ছে। তবে ছেলের সঙ্গে কথা বলতে পারলেও এখনো মুক্তি পাননি ৮১ বছর বয়সী এই নেত্রী।

ব্রিটিশ সংবাদমাধ্যম দি ইনডিপেনডেন্টকে কিম অ্যারিস জানান, দীর্ঘদিন পর মায়ের কণ্ঠ শুনতে পারা



অং সান সু চি


তাঁর কাছে ভাষায় প্রকাশ করার মতো নয়। তিনি বলেন, 'মায়ের সঙ্গে অবশেষে কথা বলতে পারাটা ছিল অসাধারণ। তাঁর কণ্ঠ শুনে মনে হয়েছে, তিনি শক্ত আছেন। আমাদের সঙ্গে কথা বলতে পেরে তিনিও আনন্দিত হয়েছেন।'

বর্তমানে মিয়ানমারের রাজধানী নেপিদোতে গৃহবন্দী রয়েছেন সু চি। তাঁর ডান হাতের টেন্ডনে প্রদাহজনিত সমস্যা রয়েছে বলে জানিয়েছেন কিম। বাড়িটির চারপাশে পুলিশ মোতায়েন রয়েছে। বাড়ির বাগানে যাওয়ার সুযোগ থাকলেও জায়গাটি মূলত ঝোপঝাড়ে ভরা বলে জানান তিনি।

মায়ের সঙ্গে যোগাযোগের সুযোগ করে দেওয়ায় সংশ্লিষ্টদের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে কিম বলেছেন, 'আমার মায়ের বয়স ৮১ বছর। তাঁকে অন্যায়ভাবে আটক রাখা হয়েছে। একটি কথোপকথন তাঁর কাছ থেকে কেড়ে নেওয়া বছরগুলো ফিরিয়ে দিতে পারে না।'









NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE

NEW YORK SENIOR ADULT DAY CARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার

WE HAVE MOST PROMINENT MLTC CONTACT

healthfirst Health Insurance for New Yorkers
CenterLight Health System
Anthem
Hamaspik MANAGED CARE
MetroPlusHealth
SWH Senior Whole Health





FUHAD HUSSAIN
LIFE & HEALTH INSURANCE AGENT



MOHAMMAD ZAHID ALAM
CHIEF FINANCIAL OFFICER



SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO

- We Provide Transportation for Pick-Up and Drop Off
- Both Halal and Vegetarian Food Option

সর্বোচ্চ সেবার নিশ্চয়তা

CALL US NOW:
718-516-3425

A SISTER CONCERN OF SHAH NAWAZ GROUP
SNG SHAH NAWAZ GROUP

Design by: ihopeprint.com, 929-538-7903

CONTACT US:

Off: 718-516-3425
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
78-06 101 Ave, Suite C
Ozone Park, NY 11416



প্রকৃতিপ্রেমী আনসার উদ্দিন পাঠানকে ফ্রাংকলিন টাউনশিপের সম্মাননা

নিউইয়র্ক প্রতিনিধি

বাংলাদেশের সাবেক অতিরিক্ত আইজিপি ও আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল বাংলাদেশের তদন্ত সংস্থার সমন্বয়ক (গ্রেড-১) আনসার উদ্দিন খান পাঠানকে প্রকৃতি ও বন্যপ্রাণীর প্রতি তাঁর ভালোবাসা এবং বন্যপ্রাণী আলোকচিত্রের মাধ্যমে প্রকৃতির সৌন্দর্য তুলে ধরার জন্য সম্মাননা জানিয়েছে যুক্তরাষ্ট্রের নিউজার্সি অঙ্গরাজ্যের ফ্রাংকলিন টাউনশিপ।

১৪ অক্টোবর, বুধবার, নিউইয়র্কে প্রথম আলো উত্তর আমেরিকা আয়োজিত এক অনুষ্ঠানে যুক্তরাষ্ট্র সফররত সাবেক এই জ্যেষ্ঠ পুলিশ কর্মকর্তার হাতে সম্মাননাপত্র তুলে দেন ফ্রাংকলিন টাউনশিপের কাউন্সিলওম্যান শেপা উদ্দিন।

ফ্রাংকলিন টাউনশিপের পক্ষ থেকে দেওয়া সম্মাননাপত্রে আনসার উদ্দিন খান পাঠানের দীর্ঘ কর্মজীবন, নেতৃত্ব, আইনশৃঙ্খলা রক্ষায় দায়িত্ব পালন এবং প্রকৃতি ও বন্যপ্রাণীর প্রতি গভীর অনুরাগের কথা উল্লেখ করা হয়েছে। এতে বলা হয়, আইন প্রয়োগকারী সংস্থার একজন জ্যেষ্ঠ কর্মকর্তা হিসেবে শৃঙ্খলা, ন্যায়বিচার ও নেতৃত্বের পরিচয় দেওয়ার পাশাপাশি তিনি বন্যপ্রাণী আলোকচিত্রী হিসেবেও নিজেকে প্রতিষ্ঠিত করেছেন। প্রকৃতির স্বাভাবিক পরিবেশে প্রাণীদের বৈচিত্র্য, সৌন্দর্য ও জীবনের ক্ষণস্থায়ী মুহূর্তগুলো ক্যামেরায় ধারণের মাধ্যমে তিনি প্রকৃতির প্রতি মানুষের আগ্রহ ও উপলব্ধি বাড়িয়ে তুলছেন।

সম্মাননাপত্রে তাঁর এই আলোকচিত্রচর্চাকে প্রকৃতি ও পরিবেশ সংরক্ষণের প্রতি এক ধরনের অঙ্গীকার হিসেবেও তুলে ধরা হয়েছে।

অনুষ্ঠানে বক্তব্য দিতে গিয়ে কাউন্সিলওম্যান শেপা উদ্দিন বলেন, প্রাণী ও প্রকৃতি নিয়ে কাজ করার মধ্য দিয়ে আনসার উদ্দিন খান পাঠান পৃথিবীকে রক্ষার দায়িত্ব পালন করছেন। তাঁর মতে, প্রকৃতি ও বন্যপ্রাণীর প্রতি ভালোবাসা কেবল ব্যক্তিগত আগ্রহের বিষয় নয়; এর সঙ্গে পরিবেশের ভারসাম্য রক্ষা এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য পৃথিবীকে বাসযোগ্য রাখার দায়িত্বও জড়িত।

প্রথম আলো উত্তর আমেরিকার সম্পাদক ইব্রাহীম চৌধুরীর উপস্থাপনায় অনুষ্ঠিত সম্মাননা অনুষ্ঠানে আরও বক্তব্য দেন নাসির খান পল, সাংবাদিক মনজুরুল হক, মাহবুব রহমান, ফরিদা ইয়াসমীন, জেবুন্নেসা জ্যোৎস্না, ড সুমাইয়া চৌধুরী, শেলী জামান খান, ভায়লা সালিনা ও রাশিদা আখতারসহ অন্যরা।

বক্তারা আনসার উদ্দিন খান পাঠানের কর্মজীবন এবং প্রকৃতি ও বন্যপ্রাণীর প্রতি তাঁর অনুরাগের কথা তুলে ধরেন। একজন জ্যেষ্ঠ পুলিশ কর্মকর্তা হিসেবে দীর্ঘদিন দায়িত্ব পালনের পাশাপাশি প্রকৃতির নিবিড় পর্যবেক্ষক ও আলোকচিত্রী হিসেবে তাঁর ভূমিকা অনুষ্ঠানে বিশেষভাবে আলোচিত হয়।

সম্মাননা গ্রহণ করে আনসার উদ্দিন খান পাঠান তাঁকে স্বীকৃতি দেওয়ার জন্য ফ্রাংকলিন টাউনশিপ কর্তৃপক্ষ এবং অনুষ্ঠান আয়োজনের জন্য প্রথম আলো উত্তর আমেরিকার প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান।

প্রকৃতি ও বন্যপ্রাণীর প্রতি ভালোবাসাকে কেন্দ্র করে আয়োজিত এ সম্মাননা অনুষ্ঠান প্রবাসী বাংলাদেশিদের মধ্যে প্রকৃতি সংরক্ষণ, পরিবেশ সচেতনতা এবং বন্যপ্রাণীর প্রতি দায়িত্বশীল দৃষ্টিভঙ্গি গড়ে তোলার গুরুত্বও তুলে ধরে।

SECURITY CAMERA
আপনার বাসা, ব্যবসা প্রতিষ্ঠান ও কর্মস্থলে সিকিউরিটি ক্যামেরা লাগিয়ে, দেশ-বিদেশে যেখানেই থাকুন বাসায় বসে আপনার মোবাইল ফোনে লাইভ ভিডিও দেখুন



কোন মাসিক ফি ও হিডেন চার্জ নেই।
আমরা সবসময় ফোন রিসিভ করি
কম্পিউটার রিপিয়ার, সাউন্ড সিস্টেম ও অফিস নেটওয়ার্ককিং এর কাজ করি।
PH-929-257-2015
JOY SECURITY SYSTEM INC
170-05 Hillside Ave Jamaica, NY-11432

জ্যামাইকা মুসলিম সেন্টারের সন্নিকটে বাংলাদেশি ডাক্তারদের দ্বারা পরিচালিত
মেডিকেল অফিস
We offer Quality Health Care
৮৭-৩১ ১৬৮ প্লেস, জ্যামাইকা নিউইয়র্ক-১১৪৩২
87-31, 168 Place, Jamaica NY 11432
৭১৮-২৯৭-৩২২০, ৭১৮-২৯৭-৩২২৬
718-297-3220, 718-297-3226



ডা: নাহরীণ মামুন এম.ডি
Board Certificed Internal Medicine
& Women Health Expert
বাংলাদেশি মহিলা ডাক্তার
সময়: সোম, বুধ, শুক্র ও শনিবার সকাল ৯.৩০টা থেকে পূর্বের সময়ানুযায়ী

আমাদের সেবা সমূহ:
- শারীরিক চেক আপ
- টি.এল.সি টেস্ট
- ডায়াবেটিস
- উচ্চ রক্তচাপ
- হাই কোলেষ্টরেল



ডা: মো: ইউসুফ আল মামুন এম.ডি
Board Certified Geriatrics & Internal Medicine
(এসিস্ট্যান্ট প্রফেসর, কুইন্স হসপিটাল সেন্টার)
সময়: মঙ্গল ও বৃহস্পতিবার বিকাল ৫টা থেকে ৮টা, শনিবার দুপুর ১২টা থেকে ৫টা

ডা: আহমেদ কে আসলাম এম.ডি
হৃদরোগ বিশেষজ্ঞ (সকল প্রকার হার্ট ডিজিজের চিকিৎসা করেন)

আমরা সকল প্রকার ইন্স্যুরেন্স গ্রহন করি
যাদের ইন্স্যুরেন্স নেই তাদের হ্রাসকৃত মূল্যে চিকিৎসা করা হয়
Help with insurance problems and new applications
মেডিকেইড ও ফ্যামিলি হেলথ প্লাস পাওয়ার ব্যাপারে সাহায্য করে থাকি

All kinds of Medical Managements
PAP Smear, Blood Test, EKG Pregnancy Test, TB Test, TLC, Vaccinations
মহিলাদের সবধরনের শারীরিক চেকআপ, রক্তপরীক্ষা, ইকেজি, প্রেগনেন্সী টেস্ট
যক্ষা টেস্ট, টিকা এবং হজ্ব যাত্রীদের টিকা সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

JOY TECH ELECTRONICS & COMPUTER
সেলস এবং রিপেয়ার



Laptop এবং Desktop কম্পিউটার রিপেয়ার।
Cellphone, TAB, iPad রিপেয়ার ও আনলক করা হয়।
GSM আনলক সেলফোন বিক্রয়।
সবধরনের Accesories পাওয়া যায়
সিম কার্ড এক্টিভেশন / সব ফোন বিল পে করা হয়।



ultra mobile | SIMPLE MOBILE | h2o | T-Mobile | UNIVISION mobile | Lycamobile
Ph : (347) 730-5984 | Cell: (646) 707-7733
37-22 73RD ST, SUITE # 1D, JACKSON HEIGHTS, NY 11372

নিউইয়র্ক সিটির রেজিস্ট্রার কাজী
MATRIMONIAL SERVICE
NYC REGISTERED
মাওলানা নজরুল ইসলাম
খতিব মসজিদ আর রাইয়ান (MUNA Center of Jamaica)



MATRIMONIAL SERVICE
কাজী অফিস নিউইয়র্ক
MAULANA NAZRUL ISLAM
Khatib
Masjid AR-Raiyyan
196-43 Foothill Ave, Hollswood, NY 11423 11423
NYC REGISTERED
কাজী অফিস নিউইয়র্ক
MAULANA NAZRUL ISLAM
Khatib Masjid AR-Raiyyan
I Speak Bangla,Urdu,Arabic,English
Email: islam1072@gmail.com Phone: 347-251-2937
196- 43 Foothill Ave, Hollis, NY 11423

বিসমিল্লাহির রাহমানির রাহিম

হবিগঞ্জ পৌরসভার দক্ষিণ শ্যামলী আবাসিক এলাকায়

৩ তলা বাড়ি জমিসহ বিক্রয় করা হবে

বাড়ির মালিক: মোহাম্মদ আতিকুর রহমান আতিক

সাবেক সংসদ সদস্য পদপ্রার্থী, হবিগঞ্জ-৩

বাড়ির কাগজপত্র রেডি
(যে কোন সময় রেজিষ্ট্রি করা যাবে)

যে সকল কাগজপত্র রেডি আছে

- ☑ ২০২৬ সাল পর্যন্ত খাজনা (ভূমি উন্নয়ন করা) পরিশোধ করা আছে।
- ☑ নামজারি করা আছে।
- ☑ সিএস খতিয়ান আছে।
- ☑ আরএস খতিয়ান আছে।
- ☑ জমির বায়া দলিল আছে।
- ☑ জমির দলিল আছে।
- ☑ গ্যাস সংযোগ আছে।
- ☑ বিদ্যুৎ সংযোগ আছে।
- ☑ পানি সংযোগ আছে।
- ☑ বাড়ির তিন দিকে বাউন্ডারি ওয়াল করা আছে।
- ☑ হবিগঞ্জ পৌরসভা কর্তৃক ৫ তলা ফাউন্ডেশন অনুমোদন আছে।

আগ্রহী ক্রেতাগণ যোগাযোগ করুন

যোগাযোগ: মোবাইল: ০১৭১৪২৪৬৭৪৯ (কবির)
০১৮১৯২২৭৬১০ (হোয়াটস্ এ্যাপ), ০১৩২৪৩১৬০৯৬ (আতিক)

বাসা ভাড়া

জামাইকার ইনউড স্ট্রিট এবং লেকউড এভিনিও এ অবস্থিত প্রাইভেট হাউজের ফাস্ট ফ্লোরে চমৎকার সুন্দর রেনুভেটেড একটি ২ বেডরুমের বাসা ভাড়া হবে। যোগাযোগ (718) 839-5812 (টেক্সট করুন)। 31026

অফিস ভাড়া

জামাইকা ১৬৪ স্ট্রিট ও ৮৭ রোডে (হিলসাইড এভিনিও-তে ওয়ালগ্রীন এর পেছনে) এ অবস্থিত অফিসে ২টি রুম সাবলেট দেয়া হবে। যোগাযোগ: (718) 839-5812 (টেক্সট করুন)। 31026

বাসা ভাড়া

ই এবং এফ ট্রেনের সন্নিকটের 88 Avenue and 139 street 2 রুমের বেসমেনট স্বামী-স্ত্রীর অথবা স্টুডেন্টের কাছে ভাড়া দেওয়া হবে। যোগাযোগের নাম্বার 347-475-8406। 31026

নিয়োগ বিজ্ঞপ্তি

এস্টোরিয়াতে অবস্থিত ল অফিসের জন্য লোক আবশ্যক। অভিজ্ঞতা থাকতে হবে এবং কম্পিউটারে পারদর্শী হতে হবে। 718-726-7799 41026

পার্টনার এবং ইনভেস্টর আবশ্যক

পেনসিলভেনিয়াতে SOLAR FACTORY এবং GARMENTS ব্যবসায় PARTNER & INVESTOR আবশ্যক; EB-5 এর মাধ্যমে গ্রীন কার্ড পাওয়ার সুযোগ আছে। Cel: 202 683 5854 21026

পাত্রী চাই

২৪ বছর বয়সী, লম্বা, সুদর্শন ও ধার্মিক পাত্রের জন্য মার্কিন নাগরিক বা গ্রীনকার্ডধারী পাত্রী আবশ্যক। পাত্র বর্তমানে যুক্তরাষ্ট্রের ভার্জিনিয়ায় বসবাসরত একজন ইন্টারন্যাশনাল স্টুডেন্ট। পাত্র সফটওয়্যার ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক। আইটি সেক্টরে চাকরির জন্য প্রস্তুতি নিচ্ছেন।
যোগাযোগ: (পাত্রের বড় ভাই) 347-935-6199
Email: towhid.ahmed@gmail.com 2.9.26

ইন্টারপ্রিটার সার্ভিস

পেশাদার ট্রান্সলেশন সার্ভিস এবং ইমিগ্রেশন সংক্রান্ত যেকোনো ইন্টারপ্রিটার সহায়তার জন্য যোগাযোগ করুন।
রওশন জে. চৌধুরী, Cell: 347-222-8860

ইমিগ্রেশনে সহযোগিতা

আমেরিকায় নতুন বা পুরাতন- আপনার দরকার ওয়ার্ক পারমিট, সোশ্যাল এবং ফাইনালি গ্রীনকার্ড। যেভাবেই এদেশে এসে থাকুন, যে অবস্থাতেই থাকুন না কেন- একটা ব্যবস্থা আমরা করে দেবই। দেশে থাকা আত্মীয়-বন্ধুকে আনতেও আমরা সহযোগিতার পথ দেখাই। ইমিগ্রেশনের যে-কোন জটিল সমস্যা সমাধানের জন্য কল বা টেক্সট করুন (৭১৮) ৮৩৯-৫৮১২

পাত্র চাই

আমেরিকায় হিন্দু পাত্র (২৫) ও বাংলাদেশে অধ্যয়নরত হিন্দু পাত্রীর(১৯)-এর জন্য পাত্র খুঁজছি। সরাসরি যোগাযোগ: 718-300-9908 2/5/26

পাত্রী চাই

ঢাকায় স্থায়ী পরিবারের একমাত্র ছেলে অবিবাহিত বর্তমানে আমেরিকায় চাকুরীরত কেমিক্যাল ইন্জিনিয়ার (এমএস) ব: ৩০ উ: ৬'-০" পাত্রের জন্য আমেরিকায় স্থায়ী মুসলিম পরিবারের পাত্রী চাই। **অভিভাবক হোয়াইটসআপ: + 1 862 376 6467**

পাত্র চাই

পঁচিশ বছর সিটিজেন পাত্রীর জন্য যোগ্য পাত্র আবশ্যক । যারা এখানে পরিবার ছাড়া একা থাকেন অনুগ্রহ করে তারা যোগাযোগ করুন। বি: দ্র: পাত্রী একটু অসুস্থ । যোগাযোগ: 929-401-7536

পাত্র চাই

Boston এর একটি private University থেকে pre-med শেষ করে বর্তমানে নিউইয়র্কে স্বনামধন্য হাসপাতালে RN হিসাবে কর্মরত, ফর্সা, উচ্চতা ৫-২", বয়স ২৭+ ইউ এস সিটিজেন পাত্রীর জন্য উপযুক্ত পাত্র চাই। সিলেটি অগ্রগণ্য; শুধুমাত্র অভিভাবক 917-518-5508-এ যোগাযোগের অনুরোধ রহিল। 1.3.26

পাত্র চাই

পাত্রী দুবাইতে জন্ম ও পড়াশোনা A label সমাপ্তির পর বাংলাদেশে BBA তে অধ্যয়নরত ২৩ বছর বয়সী ধার্মিক পাত্রীর জন্য শিক্ষিত ধার্মিক পাত্র চাই। পাত্রীর পরিবারের জন্য I-130 দাখিল করা হয়েছে ২০১১ সালে । যোগাযোগ: 646-716-2456

পাত্র চাই

ঢাকায় বসবাসরত ২৬ বছর বয়সী বেসরকারি বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত অবিবাহিত পাত্রীর জন্য ইউএসএ সিটিজেন বা গ্রীন কার্ড ধারী পাত্র চাই। যোগাযোগঃ অভিভাবক +8801713161616 (WhatsApp). E-mail: yousuf.snm@gmail.com

পাত্রী চাই

নিউইয়র্কে হসপিটালে কর্মরত ৪১ বছর বয়স্ক একজন অবিবাহিত পাত্রের জন্য পাত্রী চাই। পাত্র ইউএসএ সিটিজেন। ফোন 347-615-6567

পাত্র আবশ্যক

ধার্মিক পাত্রী বয়স ৩৮ এর জন্য পাত্র চাই। পাত্রীর পড়া লেখা B.S IN MATHEMATICS (UMD) M.S IN PROJECT MANAGEMENT (UMD) ইউ এস সিটিজেন পাত্রীর জন্য মুসলিম পাত্র চাই। যোগাযোগ: 301-537-9885

পাত্র চাই

শিক্ষিত সম্ভ্রান্ত পরিবারের ২৬ বছরের হিজাবী, সিটিজেন, গ্র্যজুয়েট, চাকুরিরত পাত্রীর জন্য ২৮ থেকে ৩২ বছরের নামাজি, অবিবাহিত শিক্ষিত পাত্র চাই। 929-408-7691

ড্রাইভিং ইন্সট্রাকটর প্রয়োজন

জ্যাকসন হাইটস্-এ **এআর ড্রাইভিং** স্কুলের জন্য একজন ইন্সট্রাকটর প্রয়োজন ।
যোগাযোগঃ ৩৪৭-৪৫৯-৭০৯২



পাত্রী চাই

৫৬ বছর বয়সী আমেরিকান সিটিজেন, ডিভোর্সড সুদর্শন ডাক্তার পাত্রের জন্য ঘটক অথবা সরাসরি যোগাযোগ করুন।
hmurshedmd@gmail.com
Phone: 850-886-9012

পাত্র চাই

ঢাকায় বসবাসরত ৪১ বছর বয়সী পাত্রীর জন্য ৪০ থেকে ৫৫ বছর বয়সী ইউএস সিটিজেন অথবা গ্রিনকার্ডধারী পাত্র চাই। পাত্রী ডিভোর্সড, ৯ বছর বয়সী কন্যা রয়েছে। পাত্রী শিক্ষিত এবং ভালো ফ্যামিলি থেকে আসা।
যোগাযোগ:
rbprinceton@yahoo.com
(732) 841- 2452

চুক্তিতে ড্রাইভিং লাইসেন্স

১০০ ভাগ নিশ্চয়তাসহকারে ড্রাইভিং লাইসেন্স পাওয়ার ব্যবস্থা করা হয়।
যারা বার বার ড্রাইভিং টেষ্ট দিয়ে বিফল হয়েছেন তাদের জন্য এটি একটি সুবর্ণ সুযোগ।
যোগাযোগ: সাঈদ–৯১৭–৮০৭–৪৮৫১

পাত্রী চাই

নিউইয়র্কে বসবাসরত সুদর্শন শিক্ষিত ৪৭ বছরের ডিভোর্সি পাত্রের জন্য অনুর্ধ চল্লিশ সুশ্রি শিক্ষিতা পাত্রী চাই। ফোন: 516-728-7303

পাত্র চাই

ঢাকায় অবস্থানরত সম্ভ্রান্ত মুসলিম ফ্যামেলী ডিভোর্সি বয়স ৩০ পাত্রীর জন্য ইউএসএর সিটিজেন পাত্র চাই। পাত্রীর একটি সন্তান রয়েছে। বিস্তারিত জানতে কল করুন +1 (334) 552-0660
Email: AkmRahman.samsur@gmail.com

পাত্রী চাই

নিউইয়র্কে বসবাসরত ৩২ বছর (৫-৬) (অনার্স) সুশিক্ষিত পাত্রের জন্য আমেরিকান সিটিজেন পাত্রী আবশ্যক। ডিভোর্সী হলেও সমস্যা নেই। যোগাযোগ: 516-247-8260
Email: jj1831847@gmail.com

হিন্দু পাত্র আবশ্যক

শিলিগুড়ি বসবাসরত এবং ব্যাঙ্গালোরে নার্সিং (৩য় বর্ষ)অধ্যয়নরত সুন্দরী পাত্রীর জন্য হিন্দু পাত্র আবশ্যক। যোগাযোগ: 347-235-7322 পাত্রীর মামা New York

পাত্র চাই

সম্ভ্রান্ত মুসলিম পরিবারের পি.এইচ.ডি চাকরিজীবী (৩৪ + 5-6) সিটিজেন পাত্রীর জন্য, ইঞ্জিনিয়ার, ডাক্তার, পি.এইচ.ডি বা উপযুক্ত পাত্র চাই । যোগাযোগ: অভিভাবক 929-247-9441

পাত্র চাই

একজন ম্যাকানিক্যাল ইঞ্জিনিয়ার সুন্দরী হিন্দু পাত্রীর জন্য পাত্র চাই। উচ্চতা ৫ ফুট ৫"। বয়স ২৭। যোগাযোগ: 347-641-8353, 718-200-6396

পাত্র চাই

পাত্রী আমেরিকান গ্রীনকার্ডধারী উচ্চশিক্ষীতা Sociology (ঢা. বি.)। সঙ্গত কারণে বিবাহ বিচ্ছেদ, নি:সন্তান। ৫০ উর্ধ্ব পাত্র চাই। আগ্রহী ইচ্ছুক পাত্র বা অভিভাবক যোগাযোগ করুন। zaibunnessa14@gmail.com

মেচম্যাকিং

দেশী মেচম্যাকিং (Deshi Match Making) একটি বিশ্বস্ত ম্যারেজ মিডিয়া। আমাদের আছে অনলাইন ও অফলাইন সিস্টেম। বাংলাদেশে ঢাকা, বনানীতে ও নিউইয়র্কে অফিস। যোগাযোগ: desipatropatri@gmail.com, রিমা আবেদীন (929-278-6294)

জীবনসঙ্গীর প্রত্যাশায়

মার্জিত, শিক্ষিত, প্রতিষ্ঠিত ও সিটিজেন (৪৪) একজন ব্যাচেলর পাত্র তার জীবন সঙ্গীর প্রত্যাশায়। জীবন খুব একটা জটিল না; আমরাই জীবনকে জটিল বানাই; আপনার বর্তমান জীবনযাত্রা যাইহোক না কেন? আত্মবিশ্বাস, খোলা মন ও আন্তরিকতার সাথে ছবি ও টেলিফোন নম্বর সহ যোগাযোগ করুন। (সকল প্রকার গোপনীয়তার প্রতিশ্রুতি দিচ্ছি।) যোগাযোগ: (718) 524-9777, everlybrown@yahoo.com

বিসমিল্লাহির রাহমানির রাহিম

BANGLADESH SOCIETY INC, ELECTION-2026

বাংলাদেশ সোসাইটি ইন্‌ক

নির্বাচন ২৫ অক্টোবর, রবিবার-২০২৬

সেলিম-আলী পরিষদ

আপনাদের সাথে নিয়ে আরও তিন বছর

আরও অগ্রগতি • আরও অর্জন

নতুন প্রজন্মের জন্য আরও সমৃদ্ধ বাংলাদেশ সোসাইটি

অনুগ্রহ করে আপনার মূল্যবান ভোট দিন


B1
আতাউর রহমান সেলিম
সভাপতি পদপ্রার্থী
Athaur Rahman Salim, President


B4
মোহাম্মদ আলী
সাধারণ সম্পাদক পদপ্রার্থী
Mohammad Ali, General Secretary


B2
মো: মহিউদ্দীন দেওয়ান
সিনিয়র সহ-সভাপতি পদপ্রার্থী
Md. Mohiuddin Dewan, Sr. Vice President


B3
মো: কামরুজ্জামান কামরুল
সহ-সভাপতি পদপ্রার্থী
Md. Kamruz Zaman, Vice President


B5
হারুন চেয়ারম্যান
সহ-সাধারণ সম্পাদক পদপ্রার্থী
Harun Chairman, Asst. General Secretary


B6
নওশাদ হায়দার
কোষাধ্যক্ষ পদপ্রার্থী
Nowshad Haider, Treasurer


B7
ডিউক খান
সাংগঠনিক সম্পাদক পদপ্রার্থী
Md. Z.H. Khan (Duke Khan), Organizing Secretary


B8
অনিক রাজ
সাংস্কৃতিক সম্পাদক পদপ্রার্থী
Mostofa Anik Raj, Cultural Secretary


B9
রিজু মোহাম্মদ
জন সংযোগ ও প্রচার সম্পাদক পদপ্রার্থী
Rezu Mohammed, Public Relation & Publicity Sect.


B10
মুনসুর আহমেদ
সমাজকল্যাণ সম্পাদক পদপ্রার্থী
Mansur Ahammad, Social Welfare Secretary


B11
রুমানা আহমেদ
সাহিত্য সম্পাদক পদপ্রার্থী
Rumana Ahmed, Literary Secretary


B12
হাসান খান
ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক পদপ্রার্থী
Hasan Khan, Sports & Ent. Secretary


B13
এএসএম মাইন উদ্দীন (বাবলু)
স্কুল ও শিক্ষা সম্পাদক পদপ্রার্থী
Asm Main Uddin (Bablu), School & Edu. Secretary


B14
শাহনাজ হোসেন
মহিলা ও শিশু বিষয়ক সম্পাদক পদপ্রার্থী
Shahanaz Hossain, Woman & Children Secretary


B15
জাহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী
যুব ও তথ্যপ্রযুক্তি সম্পাদক পদপ্রার্থী
Jahangir Shahid Suhrawardhy, Youth & IT Secretary


B16
মো: উজ্জল বিপুল
কার্যকরী সদস্য পদপ্রার্থী
Md. Uzzal Bipul, Executive Member


B17
সারওয়ার খান বাবু
কার্যকরী সদস্য পদপ্রার্থী
Sarwor Khan Babu, Executive Member


B18
মো: এ মান্নান
কার্যকরী সদস্য পদপ্রার্থী
Mohammed A Mannan, Executive Member


B19
শামীম আহমেদ
কার্যকরী সদস্য পদপ্রার্থী
Shamim Ahmed, Executive Member


B20
মো: আব্দুল মালেক খান
কার্যকরী সদস্য পদপ্রার্থী
Md. Abdul Maleque Khan, Executive Member


B21
কাজী রবিউজজামান
কার্যকরী সদস্য পদপ্রার্থী
Kazi Rabiuzzaman, Executive Member

মেশিনের দ্বিতীয় সারিতে সেলিম-আলী পরিষদে (B1 থেকে B21) পর্যন্ত অনুগ্রহ করে আপনার মূল্যবান ভোট দিন

PLEASE CAST YOUR VOTE IN 2ND ROW (B1 to B21) FOR SALIM-ALI PANEL

অনুগ্রহ করে
সেলিম-আলী
পরিষদে আপনার
মূল্যবান ভোট দিন

প্রচারে: সেলিম-আলী নির্বাচন পরিচালনা কমিটি



হ্যামট্রাম্যাক মেয়র নির্বাচনের ফলাফলে পরিবর্তন

অনানুষ্ঠানিক ফলাফলে মেয়র আলহারবির চেয়ে ১২ ভোটে এগিয়ে মুহিত মাহমুদ

পার্থ সারথী দেব, মিশিগান

হ্যামট্রাম্যাক সিটির মেয়র নির্বাচনের ৩৭টি বিতর্কিত ব্যালট গণনার পর হ্যামট্রাম্যাক মেয়র নির্বাচনের ফলাফলে পরিবর্তন এসেছে। এতে অনানুষ্ঠানিক ফলাফলে মেয়র অ্যাডাম আলহারবির চেয়ে ১২ ভোটে এগিয়ে আছেন মুহিত মাহমুদ। ২০২৫ সালের নির্বাচনের প্রায় এক বছর পর, হ্যামট্রাম্যাক শহরের ক্লার্কের কার্যালয়ে পাওয়া ৩৭টি বিতর্কিত ব্যালট গতকাল শুক্রবার ১৬ অক্টোবর গণনা করা হয়েছে এবং এই নতুন ফলাফল মেয়র পদে কে বসবেন, তা বদলে দিতে পারে। ক্লিক অন ডেট্রয়েট ডট কম সূত্রে এ খবর পাওয়া গেছে।

ওয়েইন কাউন্টি বোর্ড অফ ক্যানভাসার্স নতুন ও অনানুষ্ঠানিক ফলাফল ঘোষণা করেছে এতে দেখা যায়, প্রতিদ্বন্দ্বী প্রার্থী মুহিত মাহমুদ ২,০৮৯ ভোট পেয়ে এগিয়ে আছেন, যেখানে মেয়র অ্যাডাম আলহারবি পেয়েছেন ২,০৭৭ ভোট।

২০২৫ সালের নভেম্বরের নির্বাচনের পরদিন হ্যামট্রাম্যাক শহরের ক্লার্কের কার্যালয়ে খোলা খামের ভেতর ব্যালটগুলো পাওয়া গিয়েছিল। সেপ্টেম্বর মাসে একজন বিচারক ব্যালটগুলো গণনার নির্দেশ দেন। গতকাল শুক্রবার, ১৬ অক্টোবর, ওয়েন কাউন্টি বোর্ড অফ ক্যানভাসার্স এগুলোর পর্যালোচনা ও যাচাই-বাছাই সম্পন্ন করেছে।

ফলাফলে পরিবর্তন আসা সত্ত্বেও বোর্ড জানিয়েছে যে, নতুন মোট সংখ্যা এখনই আনুষ্ঠানিকভাবে অনুমোদন (সার্টিফাই) করা যাচ্ছে না; কারণ মাহমুদ হ্যামট্রাম্যাকে বসবাস করেন না এমন অভিযোগ নিয়ে একটি মামলা বিচারাধীন রয়েছে। এই আবাসন সংক্রান্ত মামলার শুনানি ২২ অক্টোবর ওয়েন কাউন্টি সার্কিট কোর্টে অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। ফলাফল ঘোষণার পর মাহমুদ সমর্থকদের সাথে আনন্দ উদযাপন করেন এবং হ্যামট্রাম্যাকের ভোটারদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

মাহমুদ বলেন, "আমরা জানি না কেন তারা আগে এই সিদ্ধান্তটি নিতে পারলেন না যাতে আমাদের এসব পরিস্থিতির মধ্য দিয়ে যেতে না হতো। আমি হ্যামট্রাম্যাক শহর, এখানকার বাসিন্দা এবং সকল ভোটারের প্রতি কৃতজ্ঞ। আপনাদের ধন্যবাদ।" আলহারবি তাঁর আইনজীবীর সাথে নিয়ে জানিয়েছেন যে, তিনি পরাজয় মেনে নেবেন না এবং নির্বাচনের ফলাফলকে চ্যালেঞ্জ করার পরিকল্পনা করছেন। এছাড়া ব্যালটগুলো যখন পাওয়া গিয়েছিল, সেগুলোর অবস্থা নিয়েও তিনি উদ্বেগ প্রকাশ করেছেন। তাঁর আইনজীবী, নাবিহ এইচ. আয়াদ, বিষয়টি তদন্তের জন্য ফেডারেল কর্তৃপক্ষ ও অঙ্গরাজ্যের অ্যাটর্নি জেনারেলের প্রতি আহ্বান জানিয়েছেন।

আয়াদ বলেন, "আমি শুরু থেকেই বলে আসছি যে ফেডারেল কর্তৃপক্ষের এ বিষয়ে হস্তক্ষেপ করা উচিত। আপনারা যথাযথভাবে বিষয়টি খতিয়ে দেখুন। দেখা যাক, ওই ৩৭টি ব্যালটে কার কার ডিএনএ (DNA) পাওয়া যায়। ব্যালটগুলো খোলা অবস্থায় কেন? কে ওই ৩৭টি ব্যালট খুলেছিল? আর ডিএনএ-ই বা কোথায়? আঙুলের ছাপ কোথায়? আমরা ফেডারেল কর্তৃপক্ষের কাছে দাবি জানাচ্ছি যেন তারা পুরো বিষয়টি পরিষ্কারভাবে তদন্ত করে।" হ্যামট্রাম্যাক সিটির মেয়র প্রতিযোগিতাটি আনুষ্ঠানিকভাবে এখনো অনিষ্পন্ন।

অ্যাসোসিয়েশন অব বাংলাদেশি আমেরিকান স্কুল সেফটির কমিটি

ডেস্ক রিপোর্ট

নিউইয়র্ক পুলিশ ডিপার্টমেন্টের (এনওয়াইপিডি) অধীনে কর্মরত বাংলাদেশি স্কুল সেফটি অফিসারদের সংগঠন 'অ্যাসোসিয়েশন অব বাংলাদেশি আমেরিকান স্কুল সেফটি'র (আবাস) নতুন কার্যকরী কমিটি (২০২৭-২৮) ঘোষণা করা হয়েছে। আগামী দুই বছরের জন্য সংগঠনটি পরিচালনার দায়িত্ব পেয়েছে এই কমিটি।

নবগঠিত কমিটিতে শরীফ খান (স্ট্যাটেন আইল্যান্ড) সভাপতি এবং জুবায়ের আহমেদ (কুইন্স সাউথ) সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন।

কমিটির অন্যান্য পদে দায়িত্ব প্রাপ্তরা হলেন—সহসভাপতি দীপা দাস তিন্নি (কুইন্স নর্থ), কোষাধ্যক্ষ আবুল হোসেন (কুইন্স নর্থ), সহসাধারণ সম্পাদক জাহাঙ্গীর আলম (কুইন্স নর্থ), সাংগঠনিক সম্পাদক ইশিতা দাস (কুইন্স নর্থ), সাংস্কৃতিক সম্পাদক তমা চক্রবর্তী (কুইন্স সাউথ) এবং ক্রীড়া সম্পাদক জুবায়ের বিন আবু মোল্লা (ব্রঙ্কস নর্থ)। এ ছাড়া কার্যকরী কমিটির সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হয়েছেন সেলিম চৌধুরী (ব্রঙ্কস নর্থ), সারওয়ার চৌধুরী (ব্রঙ্কস সাউথ), অসীম সরকার (ব্রুকলিন সাউথ), অমিত দে (সেন্ট্রাল) এবং মুহিতুর রহমান (ম্যানহাটন সাউথ)।

পুতিনের সঙ্গে বৈঠকে বসছেন ট্রাম্পের দূত

উত্তর আমেরিকা ডেস্ক

ইউক্রেনের সঙ্গে রাশিয়ার দীর্ঘদিনের যুদ্ধ অবসানে যুক্তরাষ্ট্রের প্রস্তাব নিয়ে আলোচনার জন্য বুধবার রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে বৈঠক করতে যাচ্ছেন মার্কিন বিশেষ দূত স্টিভ উইটকফ। এর আগে নরওয়ের রাজধানী অসলোতে ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি ও ইউরোপীয় নেতাদের সঙ্গে বৈঠকে শান্তি প্রতিষ্ঠার প্রস্তাব নিয়ে আলোচনা হয়। বৈঠককে গঠনমূলক আখ্যা দিয়ে যুক্তরাষ্ট্র জানিয়েছে, পরবর্তী পদক্ষেপ নিয়ে সংশ্লিষ্ট পক্ষগুলোর মধ্যে জোরালো ঐকমত্য তৈরি হয়েছে।

CHAUDRI CPA P.C.
FINANCE, ACCOUNTING, TAX, AUDIT & CONSULTING
Sarwar Chaudri, CPA, MBA
ট্যাক্স একটি গুরুত্বপূর্ণ বিষয়
অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন
ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
অডিট, ফাইন্যানশিয়াল স্টেটমেন্ট, বুককিপিং
অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠা, লাইসেন্স ও পে-রোল
আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স
সমস্যা সমাধানে অভিজ্ঞ
tax refund
AUTHORIZED IRS e-file PROVIDER
Individual and Business Tax
Audit, Financial Statement
Bookkeeping, Non-Profit
Business Setup, Licensing & Payroll
Specialized in IRS &
NYS Tax problem resolution
Finance, Accounting, Tax Filing, Audit & Consulting
(Business & Not for Profit)
JACKSON HEIGHT OFFICE:
74-09 37th Ave, Bruson Building, Suite # 203
Jackson Height, NY 11372, Tel: 718-429-0011
Fax: 718-865-0874, Cell: 347-415-4546
E-mail: chaudricpa@gmail.com
BRONX OFFICE:
1595 Westchester Avenue
Bronx, NY 10472
Cell: 347-415-4546 / 347-771-5041
E-mail: chaudricpa@gmail.com

Save Yourself
This Tax Season
Nizamul Wahed Shahir, EA
Licensed Real Estate Agent
M.Com (Accounting)
ADMITTED TO PRACTICE BEFORE THE IRS ENROLLED AGENT
Authorized e-file Provider
Mob : 347-498-5117
Tel : 917-775-6329
Fax : 716-780-8225
Email: ustaxbazaar@gmail.com
প্রফেশনাল ও নির্ভুল ট্যাক্স ফাইল বা আপনার ট্যাক্স সংক্রান্ত যেকোন প্রয়োজনে আমরা যত্নবান ও আন্তরিক।
Tax Immigration Real Estate
Income Tax and Accounting Services For:
Individual, Sole Proprietor, Partnership, Corporation and LLC.
Sales and Payroll Tax Business Licenses and Setup FBAR and FATCA Filing
Notary Public Immigration Form Fill-Up Services
Credit Repair, Real State and much more...
Member of
NYSSEA New York State Society of Enrolled Agents
nalea National Association of Enrolled Agents
184-02 Hillside Ave, Jamaica, NY-11432
162-11 89th Ave, 5B, Jamaica, NY-11432

হোম কেয়ার
PROHEALTH HOMECARE
HHA/PCA HOME CARE সেবা নিতে চান
আমাদের সাথে যোগাযোগ করুন।
ELMHURST OFFICE
40-34 74th Street
Elmhurst, NY 11373
Tel: 929-424-2157
718-440-3116
Brooklyn Office
375 McDonald Ave
Brooklyn, NY 11218
Tel : 718-633-1112
Fax : 718-633-1117
Email : help.prohealthhomecare@gmail.com
বেশি ঘন্টা ও
সর্বোচ্চ পেমেন্ট পাবার
জন্য আজই কল করুন
Mamun Ur Rashid
President
917-476-8914
PROHEALTH HOMECARE
(Ordinary People, Extra Ordinary Care)



নিউইয়র্কে কেলার উইলিয়ামস ল্যান্ডমার্ক ২-এর রিয়েল এস্টেট ওয়ার্কশপ

জলি আহমেদ

যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে প্রবাসী বাংলাদেশিসহ বাড়ি কিনতে আগ্রহীদের আবাসন খাতে বিনিয়োগ, অর্থায়ন ও মর্টগেজ সুবিধা সম্পর্কে সচেতন করতে বিশেষ শিক্ষামূলক কর্মশালা ও নেটওয়ার্কিং অনুষ্ঠানের আয়োজন করেছে কেলার উইলিয়ামস ল্যান্ডমার্ক ২। প্রতিষ্ঠানটির কুইন্স কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে রিয়েল এস্টেট খাতের পেশাজীবী, কর্মকর্তা ও সংশ্লিষ্ট ব্যক্তিরা অংশ নেন।

অনুষ্ঠানের অন্যতম আকর্ষণ ছিল কেলার উইলিয়ামস ল্যান্ডমার্ক ২ পরিবারে নবনিযুক্ত মর্টগেজ ব্রোকার মোহাম্মদ কামালকে আনুষ্ঠানিকভাবে স্বাগত জানানো। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রতিষ্ঠানের শীর্ষ কর্মকর্তারা তাঁকে অভিনন্দন জানান এবং আবাসন খাতে তাঁর অভিজ্ঞতা ও দক্ষতা কাজে লাগিয়ে গ্রাহকদের উন্নত সেবা দেওয়ার প্রত্যাশা ব্যক্ত করেন।

স্বাগত অনুষ্ঠান শেষে মোহাম্মদ কামালের পরিচালনায় দুই ঘণ্টাব্যাপী রিয়েল এস্টেট ও মর্টগেজবিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে যুক্তরাষ্ট্রের বর্তমান আবাসন বাজারে বাড়ি কেনার প্রক্রিয়া, প্রয়োজনীয় অর্থায়ন, ডাউন পেমেন্টের নিয়ম, বিভিন্ন ধরনের মর্টগেজ ঋণ এবং বাড়ি কেনার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ আর্থিক সিদ্ধান্ত গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

কর্মশালায় বিশেষভাবে গুরুত্ব পায় প্রবাসী বাংলাদেশিদের আবাসন খাতে বিনিয়োগের সুযোগ ও চ্যালেঞ্জ। যুক্তরাষ্ট্রে প্রথমবার বাড়ি কিনতে আগ্রহী অনেক প্রবাসী ভাষাগত জটিলতা, ঋণসংক্রান্ত তথ্যের ঘাটতি এবং অর্থায়নের বিভিন্ন শর্ত সম্পর্কে পর্যাপ্ত ধারণা না থাকায় সমস্যায় পড়েন। এসব বিষয়ে সঠিক তথ্য ও প্রয়োজনীয় পরামর্শ পাওয়ার গুরুত্ব তুলে ধরেন মোহাম্মদ কামাল।

অনুষ্ঠানে বক্তব্য দেন কেলার উইলিয়ামস ল্যান্ডমার্ক ২-এর মালিক রন ফেরারা, টিম লিডার মারিয়া গালিস্তো, ম্যানেজার সুসি সোরিক এবং এজেন্ট লিডারশিপ কাউন্সিলের সদস্য মোহাম্মদ কে. আহমেদ।

বক্তারা বলেন, অভিজ্ঞ মর্টগেজ ব্রোকার মোহাম্মদ কামালের অন্তর্ভুক্তি প্রতিষ্ঠানের সেবার পরিধি আরও সম্প্রসারিত করবে। বিশেষ করে নিউইয়র্কে বসবাসরত বাংলাদেশি কমিউনিটির সদস্যরা নিজেদের ভাষায় বাড়ি কেনা ও মর্টগেজ ঋণসংক্রান্ত প্রয়োজনীয় পরামর্শ পাওয়ার সুযোগ পাবেন। এতে আবাসন খাতে তাঁদের সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়া আরও সহজ হবে বলে আশা প্রকাশ করেন তাঁরা।

বক্তারা আরও বলেন, যুক্তরাষ্ট্রে বাড়ি কেনা অনেক প্রবাসীর দীর্ঘদিনের স্বপ্ন। তবে যথাযথ পরিকল্পনা, আর্থিক সক্ষমতা যাচাই এবং মর্টগেজ সম্পর্কে পরিষ্কার ধারণা ছাড়া এ ধরনের বড় বিনিয়োগে ঝুঁকি তৈরি হতে পারে। তাই বাড়ি কেনার আগে অভিজ্ঞ পেশাজীবীদের পরামর্শ নেওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ।

অনুষ্ঠানের শেষ পর্বে প্রতিষ্ঠানের রিয়েল এস্টেট অ্যাসোসিয়েট ও আমন্ত্রিত অতিথিরা মোহাম্মদ কামালকে শুভেচ্ছা জানান। পরে পারস্পরিক পরিচিতি, অভিজ্ঞতা বিনিময় ও নেটওয়ার্কিংয়ের মধ্য দিয়ে আয়োজন শেষ হয়।

দিল্লিতে যোগাযোগ করে আ.লীগের সঙ্গে আঁতাত করছে বিএনপি

বললেন গোলাম পরওয়ার

ঢাকা ডেস্ক

দিল্লির সঙ্গে যোগাযোগের মাধ্যমে আওয়ামী লীগের সঙ্গে বিএনপি আঁতাত করছে বলে মন্তব্য করেছেন জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। তিনি বলেছেন, তারা আওয়ামী লীগকে রাজনীতি করার সুযোগ করে দিচ্ছে।

বুধবার রাজধানীর তোপখানা রোডে লেবার পার্টির নতুন কার্যালয় উদ্বোধন অনুষ্ঠানে এসব কথা বলেন গোলাম পরওয়ার। জামায়াত নেতৃত্বাধীন ১১ দলীয় ঐক্যের এই শরিক দলের ৪৯তম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে তিনি আরও বলেন, ফ্যাসিস্ট আমলে গুম-খুন করা গোয়েন্দা বাহিনী দিয়েই চলছে এ সরকার। সাত মাসে সরকার লেজেগোবর করে ফেলেছে।

প্রধানমন্ত্রীকে উদ্দেশ করে গোলাম পরওয়ার বলেন, 'ভেতরে ভেতরে আওয়ামী লীগের সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্ক রাখছে আপনার নেটওয়ার্ক। যে গোয়েন্দা বাহিনীর সেটআপ আওয়ামী লীগ রেখে গেছে, যারা নিরীহ-নিরপরাধ মানুষকে জঙ্গি বানিয়ে ক্রসফায়ারে দিয়েছে, রিমান্ডে, আয়নাঘরে নিয়েছে, সেই গোয়েন্দা তথ্যের ওপর নির্ভর করে আপনি এখন বিরোধী দলের ওপর দোষ চাপাবেন?'

বিএনপির নেতৃত্ব অপরিপক্ক ও অদূরদর্শী বলেও মন্তব্য করেন জামায়াত সেক্রেটারি। তিনি বলেছেন, এই সময়ের মধ্যে প্রায় চারজন মন্ত্রী-এমপি বিদায় নিয়ে গেছেন। এত অপরিপক্ক, অদক্ষ, অরাজনৈতিক বক্তব্য এবং অরাজনৈতিক নেতৃত্ব আগের ক্ষমতাসীন দলে দেখা যায়নি।

মজুরি বৃদ্ধির দাবিতে আন্দোলন করা শ্রমিকদের দাবি মেনে নিতে সরকারের প্রতি আহ্বান জানান গোলাম পরওয়ার। তিনি বলেন, শ্রমিকদের অবস্থা এখন বাংলাদেশে ভালো নেই। কিন্তু প্রধানমন্ত্রী শ্রমিকদের অসন্তোষ আন্দোলনের বিরোধী দলকে দায়ী করেন। মূল্যস্ফীতি ৯ শতাংশের বেশি। খাদ্যবহির্ভূত মূল্যস্ফীতি আরও বেশি। মালিকপক্ষের সঙ্গে আলোচনা করে শ্রমিকদের দাবি পূরণ করা সরকারের কর্তব্য।



রূপসী চাঁদপুর ফাউন্ডেশনের সভায় মানবিক সহায়তা

নিজস্ব প্রতিবেদক

নিউইয়র্কের জ্যাকসন হাইটসে রূপসী চাঁদপুর ফাউন্ডেশন নিউইয়র্ক ইনক-এর নির্বাহী পরিষদের সভায় অসহায় মানুষের পাশে দাঁড়ানোর অঙ্গীকার পুনর্ব্যক্ত করেছেন সংগঠনের নেতারা। সভায় একটি অসহায় পরিবারের মেয়ের বিয়ে ও সড়ক দুর্ঘটনায় গুরুতর আহত এক ব্যক্তির চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। পাশাপাশি আগামী বছরের ইফতার মাহফিল আয়োজনের জন্য তিন সদস্যের আহ্বায়ক কমিটি গঠন করা হয়।

সোমবার (১৯ অক্টোবর) জ্যাকসন হাইটসের সানাই রেস্টুরেন্টে সংগঠনের সভাপতি মাহবুবুর রহমানের সভাপতিত্বে সভাটি অনুষ্ঠিত হয়। সাধারণ সম্পাদক হাসান মোহাম্মদ সোহেলের সঞ্চালনায় বিশ্ববাসীর শান্তি ও কল্যাণ কামনায় বিশেষ দোয়া ও মোনাজাতের মধ্য দিয়ে সভার কার্যক্রম শুরু হয়। দোয়া পরিচালনা করেন সংগঠনের সাবেক সভাপতি ফখরুল ইসলাম মাছুম।

সভায় উপস্থিত ছিলেন সংগঠনের উপদেষ্টা বীর মুক্তিযোদ্ধা ফিরোজ ইসলাম পাটোয়ারী, আমিন খান জাকির, বাংলাদেশ সোসাইটির ট্রাস্টি বোর্ডের সদস্য ড. এনামুল হক এবং সংগঠনের প্রতিষ্ঠাতা সদস্য মাহমুদা আহমেদ।

সভায় সংগঠনের চলমান কার্যক্রম, ভবিষ্যৎ পরিকল্পনা এবং সামাজিক দায়বদ্ধতার বিভিন্ন দিক নিয়ে আলোচনা হয়। এ সময় মানবিক সহায়তা কার্যক্রমের অংশ হিসেবে দুটি পৃথক খাতে আর্থিক অনুদান দেওয়া হয়। একই সঙ্গে সংগঠনের ২০২৬ সালের বার্ষিক বনভোজনের আয়-ব্যয়ের হিসাব উপস্থাপন করা হলে তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

আগামী ২০২৭ সালের ইফতার মাহফিল সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সংগঠনের সহসভাপতি মিজানুর রহমানকে আহ্বায়ক, সাংগঠনিক সম্পাদক রাজন হাসানকে সদস্যসচিব এবং মাসুদ আলমকে সদস্য করে তিন সদস্যের আহ্বায়ক কমিটি গঠন করা হয়। এদিকে দেশ ও প্রবাসে বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ সংগঠনের প্রতিষ্ঠাতা সদস্য মাহমুদা আহমেদকে সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়।

আলোচনায় অংশ নিয়ে ড. এনামুল হক, বীর মুক্তিযোদ্ধা ফিরোজ ইসলাম পাটোয়ারী ও উপদেষ্টা আমিন খান জাকির সফলভাবে বার্ষিক বনভোজন আয়োজনের জন্য সংশ্লিষ্টদের ধন্যবাদ জানান। তাঁরা প্রবাসে পারস্পরিক সৌহার্দ্য ও সহযোগিতার সম্পর্ক বজায় রেখে সংগঠনের কার্যক্রম এগিয়ে নেওয়ার ওপর গুরুত্বারোপ করেন।

সভাপতির সমাপনী বক্তব্যে মাহবুবুর রহমান নবগঠিত আহ্বায়ক কমিটিকে অভিনন্দন জানান। তিনি ভবিষ্যতে আরও সুন্দর ও সুশৃঙ্খল বনভোজন আয়োজনের পাশাপাশি মানবিক ও সামাজিক কার্যক্রম সম্প্রসারণে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।

একজন ফটোসাংবাদিকের গল্প

শেষ পৃষ্ঠার পর

পারিশ্রমিক নামমাত্র! সিলেটে যেকোনো সরকারি বা বেসরকারি অনুষ্ঠানে ডাক পড়ত আতাউর রহমান আতার। তাঁকে নিয়ে গিয়ে কত জায়গায় ছবি তুলিয়েছি, তার ইয়ত্তা নেই। যখনই বলেছি, হাতের কাজ ফেলে বিনা বাক্যব্যয়ে মোটরসাইকেলের পেছনে চড়ে বসেছেন। কখনো টাকা-পয়সা দাবি করেননি। তিনি একজন সত্যিকারের নির্মোহ ও নির্ভীক মানুষ। ফটোগ্রাফি যাঁর নেশা ও পেশা। অনেকের মতো নিজেও আতা ভাইকে সঙ্গে নিয়ে কত ঘটনা-দুর্ঘটনা ও অ্যাসাইনমেন্ট কভার করেছি।

তখন ১৯৮৭ সাল। স্বৈরাচার এরশাদ ক্ষমতায়। আন্দোলনে-উত্তাপে, নানা দাবি-দাওয়ায় সিলেট উত্তাল! জৈন্তাপুরের হরিপুরে দেশের প্রথম তেলক্ষেত্র আবিষ্কৃত হয়েছে। সরকার হঠাৎ বিদেশি কোম্পানি কানাডার সিমিটারকে তেলক্ষেত্রটি লিজ দিয়ে দিল। ক্ষোভে ফুঁসে উঠল সমগ্র সিলেট। ৫ এপ্রিল সর্বদলীয় উদ্যোগে সিলেটে হরতাল ডাকা হলো! ভাবলাম, হরতালের খবরের সঙ্গে একটি ছবি দিতে পারলে সংবাদটি অধিক গুরুত্ব পাবে। কিন্তু সেই সময়ে ঢাকার কাগজে ছবি পাঠানো বা ছাপানো এত সহজ ছিল না। আগের দিন সকালে আতা ভাইকে নিয়ে মোটরসাইকেলে হরিপুর গেলাম। ফিরতে ফিরতে দুপুর গড়িয়ে বিকেল। আতা ভাই সিলেটে ফিরেই ডার্করুমে ঢুকে গেলেন। ফিল্ম ডেভেলপ করে প্রিন্ট করে দিলেন। খাম হাতে নিয়ে ছুটলাম বিমানবন্দরে।

ডিপারচার লাউঞ্জে এক সজ্জন ভদ্রলোক খামটি ঢাকায় বয়ে নিতে রাজি হলেন। তাঁর ফোন নম্বর নিয়ে ফিরলাম। তাঁকে বললাম, আমার লোকজন খামটি তাঁর বাসা থেকে পিকআপ করবে। পরদিন আমার নামে প্রথম পাতায় ডাবল কলামে গুরুত্ব দিয়ে নিউজটি ছাপা হলো। এখানে আমার চেয়ে আতা ভাইয়ের কৃতিত্ব বেশি। তিনি কোথায় যাচ্ছেন, সেই প্রশ্ন না করেই মোটরবাইকে চেপে বসেন। এই হচ্ছেন আতা ভাই। পেশাগত জীবনে সব সময় তাঁর উদার সহানুভূতি ও সহযোগিতা পেয়েছি। আজ প্রিয় আতা ভাইকে কৃতজ্ঞচিত্তে স্মরণ করছি।

গতকাল জানতে পারলাম, আতাউর রহমান আতা হৃদ্‌রোগে আক্রান্ত হয়ে সিলেটের ইবনে সিনা ক্লিনিকে ভর্তি হয়েছেন! দোয়া করি, প্রিয় আতা ভাই দ্রুত সুস্থ হয়ে উঠুন। আপনার ক্যামেরার ক্লিকে উঠে আসুক জীবন ও সমাজের অসংগতির চিত্র। আপনার জন্য শুভকামনা।

আমাদের অনেক দূর যেতে হবে

শেষ পৃষ্ঠার পর

আনন্দঘন সময় কাটানোর উদ্দেশ্যে আয়োজিত এ আড্ডায় প্রথম আলো উত্তর আমেরিকার সম্পাদক ইব্রাহীম চৌধুরী খোকন ও নির্বাহী সম্পাদক মনজুরুল হক উপস্থিত ছিলেন।

আড্ডা আলোচনার সূত্রপাত করেন বাংলা প্রেস ক্লাব মিশিগানের প্রতিষ্ঠাতা সভাপতি হেলাল উদ্দিন রানা এবং বাংলা প্রেস ক্লাব মিশিগানের সভাপতি ও প্রথম আলো উত্তর আমেরিকা মিশিগান প্রতিনিধি পার্থ দেব।

আড্ডার মূল ভাবনায় ছিল মিশিগানের ইতিহাস, অটোমোবাইল শিল্পের বিকাশ, অভিবাসীদের জীবনসংগ্রাম এবং প্রবাসে গড়ে ওঠা বাংলাদেশি কমিউনিটির পথচলার গল্প। কর্মব্যস্ত প্রবাসজীবনের বাইরে এমন আয়োজনকে একে অপরের কাছে ফিরে আসা, পুরোনো স্মৃতি রোমন্থন এবং নতুন সম্পর্ক গড়ে তোলার একটি উপলক্ষ হিসেবে তুলে ধরা হয়।

মিশিগান বাংলাদেশি-আমেরিকান কমিউনিটির জন্য একটি গুরুত্বপূর্ণ জনপদ। শিল্পনগরী হিসেবে পরিচিত এ অঞ্চলে বহু বাংলাদেশি কয়েক দশক ধরে বসবাস করছেন। তাঁদের শ্রম, পেশাগত সাফল্য, সামাজিক কর্মকাণ্ড এবং সাংস্কৃতিক উদ্যোগের মধ্য দিয়ে গড়ে উঠেছে প্রবাসী বাংলাদেশিদের নিজস্ব পরিসর। সেই কমিউনিটির বিভিন্ন প্রজন্মের মানুষের মধ্যে সংযোগ আরও গভীর করার প্রত্যাশা ছিল আয়োজনটির অন্যতম উদ্দেশ্য।

মিশিগানে বাংলাদেশ কনস্যুলেট স্থাপনের দীর্ঘ দাবীসহ আমেরিকায় বাংলাদেশী বিভিন্ন মাছের আমদানি নিয়ন্ত্রণ নিয়ে সোচ্চার হওয়ার কথা উঠে আড্ডা আলোচনায়।

আড্ডায় উপস্থিত অতিথিদের সঙ্গে ব্যক্তিগত অভিজ্ঞতা, প্রবাসজীবনের নানা অধ্যায়, সামাজিক যোগাযোগ এবং স্মৃতির গল্প নিয়ে প্রাণবন্ত আলোচনা হয়। গান, কবিতা, সাহিত্য ও সমসাময়িক প্রসঙ্গ ঘিরে অনানুষ্ঠানিক আলাপের মধ্য দিয়ে সন্ধ্যাটি হয়ে ওঠে আন্তরিক মিলনমেলা।

আয়োজকদের পক্ষ থেকে জানানো হয়, প্রবাসজীবনে মানুষ কাজ ও পরিবারের দায়িত্ব সামলাতে গিয়ে অনেক সময় বন্ধু, পরিচিতজন এবং দীর্ঘদিনের সহযাত্রীদের সঙ্গে বসার সুযোগ পান না। এ ধরনের আয়োজন সেই দূরত্ব কমিয়ে পারস্পরিক সম্পর্ককে নতুন করে উজ্জীবিত করতে সহায়তা করে।

প্রবাসের মাটিতে পরিচিত মুখগুলোর সঙ্গে কিছুটা সময় কাটানো, পুরোনো দিনের কথা বলা এবং নতুন স্মৃতি তৈরি করার মধ্য দিয়ে 'মিশিগান আড্ডা' হয়ে ওঠে বাংলাদেশি কমিউনিটির সামাজিক বন্ধন দৃঢ় করার একটি উদ্যোগ।

আড্ডা আলোচনায় যোগ দেন হারাণ কান্তি সেন, সুবিমল সেনাপতি, শফিউল আলম, মোঃ লুৎফর রহমান, আবু মূসা, অবিনাষ চৌধুরী, মিল্টন বড়ুয়া, সঙ্গীতা বড়ুয়া, দীপ্তিময়ী বড়ুয়া, মনিষ ভট্টাচার্য্য, সাইফ সিদ্দিকী, মাহদী চৌধুরী, বদরুল আলম সুমন, মিজান চৌধুরী, ইকবাল আহমেদ, কামাল উদ্দিন, সুমন কবীর, হেলাল খান, হাবিব রহমান, মাহমুদ রহমান, কল্যাণী দেব চৌধুরী, খাজা শাহাব আহমেদ, ফারুক আহমেদ (চাঁদ), মোঃ লায়েছ উদ্দিন, মনজুর শফী আলীম, জাফর ওবায়েদ, বকুল তালুকদার, নূরুল হক, মেছবাহ উদ্দিন, মুস্তাক আহমেদ, এডভোকেট এ. রহিম, আসেফ চৌধুরী, মোঃ নজরুল ইসলাম (বাবুল), মনজুরুল হক, আশিক রহমান,ইকবাল ফেরদৌস, ফয়সাল আহমেদ মুন্না,মুস্তফা কামাল,সৈয়দ শাহেদুল হক,সুমন কবীর, শিমুল দত্ত,জুবেরুল ইসলাম খোকন,ফয়সল আহমেদ এবং শফিক রহমান।

কনস্যুলেটের গোপনীয় নথিতে সাজার

শেষ পৃষ্ঠার পর

হওয়া দুই বাংলাদেশি হলেন– নজরুল ইসলাম আবদুল বশির ও সুইটি আক্তার। চিঠিতে বলা হয়, সৌদির গণমাধ্যমে প্রকাশিত দেশটির স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের বিবৃতির তথ্য অনুযায়ী, মক্কা অঞ্চলে এ দুই বাংলাদেশির মৃত্যুদণ্ড কার্যকর করা হয়। তাদের বিরুদ্ধে অভিযোগ, পবিত্র মক্কা নগরীর একটি মসজিদের ভেতরে অনৈতিক কাজে লিপ্ত হয়ে মসজিদের পবিত্রতা লঙ্ঘন করা।

এ দুই ব্যক্তির বিস্তারিত তথ্য সৌদি কর্তৃপক্ষ সরবরাহ করেনি বলে কনস্যুলেটের চিঠিতে উল্লেখ করা হয়। চিঠিতে বলা হয়, সৌদি আরবের পশ্চিমাঞ্চলের বিভিন্ন জেলখানায় বিভিন্ন অপরাধে আটক বাংলাদেশিদের তথ্য চেয়ে জেদ্দা কনস্যুলেট থেকে সৌদি পররাষ্ট্র মন্ত্রণালয়ে অনুরোধ করা হয়েছিল। এই অনুরোধের ভিত্তিতে গত ৩০ সেপ্টেম্বর তালিকা পাওয়া যায়। এই তালিকায় নজরুল ও সুইটির নাম পাওয়া যায়। তবে তালিকায় তাদের শাস্তির বিষয়ে কোনো তথ্য ছিল না। প্রাপ্ত তথ্য অনুযায়ী, তারা সৌদির আল মাজাল নামে একটি প্রতিষ্ঠানে পরিচ্ছন্নতাকর্মী হিসেবে কর্মরত ছিলেন।


তালিকার তথ্য অনুযায়ী, নজরুলকে ২০২৩ সালের ১ আগস্ট তথ্যপ্রযুক্তি-সংক্রান্ত অপরাধের অভিযোগে আটক করা হয়। পরদিন সুইটিকে ব্যভিচারের অভিযোগে আটক করা হয়। নজরুল ছিলেন জেদ্দা সংশোধনাগারে। সুইটি ছিলেন জেদ্দা নারী কারাগারে। তালিকায় তাদের কারও সাজার বিষয়টি উল্লেখ ছিল না বলে চিঠিতে বলা হয়।

সৌদি আরবে তথ্যপ্রযুক্তি বা ব্যভিচারের অভিযোগে আগে কোনো বাংলাদেশিকে মৃত্যুদণ্ড দেওয়ার নজির নেই বলে কনস্যুলেটের চিঠিতে উল্লেখ করা হয়।

সংশ্লিষ্ট সূত্র জানায়, চিঠিতে বলা হয়, সৌদি আরবের পশ্চিমাঞ্চলের কারাগারগুলোতে বিভিন্ন ধরনের নৈতিকতা-সংক্রান্ত মামলায় ৩০৬ জন বাংলাদেশির আটক থাকার তথ্য তালিকায় আছে। তাদের মধ্যে ১৪৭ জনের বিরুদ্ধে বিভিন্ন মেয়াদের সাজা ঘোষিত হয়েছে। সর্বনিম্ন সাজা এক মাসের কারাদণ্ড, সর্বোচ্চ ১৫ বছরের কারাদণ্ড।

চিঠিতে কনস্যুলেট জানিয়েছে, মৃত্যুদণ্ড কার্যকর হওয়া দুই বাংলাদেশির পরিবারের পক্ষ থেকে আইনগত সহায়তার জন্য কোনো আবেদন পাওয়া যায়নি, কোনো যোগাযোগ করা হয়নি। সৌদির কর্তৃপক্ষও এ দুই বাংলাদেশির মৃত্যুদণ্ডের রায় ঘোষণা এবং তা কার্যকরের বিষয়ে কিছু জানায়নি।

রায়ের কপি ও মামলার বিস্তারিত তথ্য পেতে সৌদির পররাষ্ট্র মন্ত্রণালয়ের মক্কা শাখায় একটি কূটনৈতিক নোট পাঠানো হয়েছে বলে চিঠিতে উল্লেখ করেছে কনস্যুলেট। চিঠিতে বলা হয়, রায়ের কপি পাওয়ার পর বিস্তারিত প্রতিবেদন পাঠানো হবে বলে সংশ্লিষ্ট সূত্র এ তথ্য জানিয়েছে।





জ্যামাইকায় কুনু-ফিরোজ প্যানেলের পরিচিতি সভা

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ সোসাইটির নির্বাচন উপলক্ষে নিউইয়র্কের জ্যামাইকায় পরিচিতি সভা করেছে 'কুনু-ফিরোজ' প্যানেল। সোমবার অঙ্গন পার্টি হলে আয়োজিত এ সভায় প্যানেলের প্রার্থীরা নিজেদের পরিকল্পনা তুলে ধরেন। এতে বক্তারা বাংলাদেশ সোসাইটির আয়-ব্যয়ের স্বচ্ছতা, জবাবদিহিতা ও কমিউনিটির কল্যাণে বিভিন্ন পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্ব দেন।

সভায় সভাপতি পদপ্রার্থী আজমল হোসেন কুনু বলেন, তিনি কোনো মিথ্যা প্রতিশ্রুতি বা আশ্বাস দিতে চান না। কমিউনিটির সেবায় প্রয়োজনীয় পদক্ষেপ নিতে সবার সহযোগিতা নিয়ে বাস্তবমুখী উদ্যোগ গ্রহণ করবেন বলে জানান তিনি।

সাধারণ সম্পাদক প্রার্থী ফিরোজ আহমেদ বাংলাদেশ সোসাইটিকে জবাবদিহিমূলক প্রতিষ্ঠান হিসেবে গড়ার প্রত্যয় ব্যক্ত করেন। বর্তমান কমিটি গত নির্বাচনে দেওয়া প্রতিশ্রুতি বাস্তবায়নে ব্যর্থ হয়েছে, এ কারণে সোসাইটির নেতৃত্বে পরিবর্তন প্রয়োজন বলে মন্তব্য করেন তিনি। সভায় বক্তারা আজমল হোসেন কুনু ও ফিরোজ আহমেদের নেতৃত্বাধীন প্যানেলকে সমর্থন জানিয়ে ২৫ অক্টোবরের নির্বাচনে তাদের বিজয়ী করার আহ্বান জানান।

নিউইয়র্কে ধর্মীয় ভাবগাম্ভীর্যে বাংলাদেশ বেদান্ত সোসাইটির দুর্গোৎসব

উত্তর আমেরিকা ডেস্ক

ধর্মীয় ভাবগাম্ভীর্য ও উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠিত হয়েছে বাংলাদেশ বেদান্ত সোসাইটি নিউইয়র্কের দুই দিনব্যাপী শারদীয় দুর্গোৎসব। গত ১৭ ও ১৮ অক্টোবর জ্যামাইকার অঙ্গন পার্টি হলে আয়োজিত এ উৎসবে মিলিত হন বিভিন্ন বয়সী ও পেশার প্রবাসী বাঙালিরা।

দুই দিনব্যাপী এ আয়োজনে পূজা-অর্চনা, মন্ত্রোচ্চারণ, চণ্ডীপাঠ ও প্রসাদ বিতরণের পাশাপাশি ছিল সংগীত, নৃত্য ও আবৃত্তি। ভক্তরা পুষ্পাঞ্জলি, আরতি ও সিঁদুর খেলায় অংশ নেন। এ সময় পরিবারের কল্যাণ, বিশ্বশান্তি ও সবার মঙ্গল কামনায় প্রার্থনা করা হয়।

ধর্মীয় আচার-অনুষ্ঠানের পাশাপাশি সাংস্কৃতিক পরিবেশনা উৎসবে ভিন্ন মাত্রা যোগ করে। প্রবাসে দেশীয় সংস্কৃতি ও ঐতিহ্যের সঙ্গে নতুন প্রজন্মের পরিচয় করিয়ে দেওয়া এবং প্রবাসী বাঙালিদের মধ্যে সম্প্রীতি ও ঐক্য জোরদার করাই এ আয়োজনের অন্যতম উদ্দেশ্য বলে জানান আয়োজকেরা।

বাংলাদেশ বেদান্ত সোসাইটি নিউইয়র্কের সভাপতি রীনা সাহা ও সাধারণ সম্পাদক রতন দাশ বলেন, এ দুর্গোৎসব প্রবাসী বাঙালিদের মধ্যে আনন্দ, সম্প্রীতি ও ভ্রাতৃত্বের বন্ধন আরও দৃঢ় করে। তারা বিজয়ার আবহে আগামী বছর আবারও সবাইকে একসঙ্গে মিলিত হওয়ার প্রত্যাশা ব্যক্ত করেন।



জ্যাকসন হাইটসে দেশি গার্লসের 'শরৎ আড্ডা মেলা'

উত্তর আমেরিকা অফিস

নিউইয়র্কের জ্যাকসন হাইটসে প্রবাসী বাঙালিদের অংশগ্রহণে অনুষ্ঠিত হয়েছে 'শরৎ আড্ডা মেলা'। দেশি গার্লসের আয়োজনে গত ১৭ ও ১৮ অক্টোবর আড্ডা রেস্টুরেন্টে দুই দিনব্যাপী এ আয়োজন চলে। ফ্যাশন প্রদর্শনী, সংগীত ও সাংস্কৃতিক পরিবেশনায় উৎসবমুখর হয়ে ওঠে পুরো অনুষ্ঠানস্থল।

মেলাটির আয়োজন ও পরিচালনায় ছিলেন মেলিয়া লেনিন। মেলার উদ্বোধন করেন আহসান হাবীব এবং এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গিয়াস আহমেদ। 'স্টাইল চেক' পর্বে বিশেষ প্রদর্শক হিসেবে অংশ নেন অভিনেত্রী ও ফ্যাশন আইকন তানিয়া আহমেদ। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আব্দুর রশীদ বাবু, মোরশেদ আলম ও মো. মাইন উদ্দিন নটু। সাংস্কৃতিক পর্বে সংগীত পরিবেশন করেন কণ্ঠশিল্পী কৃষ্ণা ও শাহ মাহবুব। মেলায় বাহারি পোশাক, নান্দনিক গহনা, ফ্যাশনসামগ্রী ও বৈচিত্র্যময় পণ্যের পসরা নিয়ে হাজির হন উদ্যোক্তারা। কেনাকাটার পাশাপাশি ফ্যাশন, সংগীত ও আড্ডায় মেতে ওঠেন তারা।



আয়োজকদের মতে, এই মেলা শুধু কেনাবেচার আয়োজন নয়; এটি প্রবাসের মাটিতে বাঙালির সংস্কৃতি, নারীর সৃজনশীলতা ও উদ্যোক্তা হওয়ার স্বপ্নকে এক সুতোয় গাঁথার প্রয়াস। এ আয়োজনের মধ্য দিয়ে প্রবাসী নারীদের নিজেদের প্রতিভা তুলে ধরা, নতুন নেটওয়ার্ক তৈরি এবং দেশীয় ঐতিহ্যকে নতুন প্রজন্মের কাছে পৌঁছে দেওয়ার সুযোগ তৈরি হয়েছে।

জে.এম. আলম মাল্টি সার্ভিসেস ইনক্
ট্যাক্স
★ পারসনাল ট্যাক্স
★ বিজনেস ট্যাক্স
★ সেল্‌ফ ট্যাক্স
★ বিজনেস সেটআপ
AUTHORIZED IRS e-file PROVIDER
ইমিগ্রেশন
★ ফ্যামিলি পিটিশন
★ সিটিজেনশীপ আবেদন
★ গ্রীণকার্ড নবায়ন
★ সব ধরনের এফিডেভিট
আলম টুর এন্ড ট্রাভেলস
AIR TICKET
-Emirates - Qatar Airways - Etihad Airways - Turkish Airlines - Saudia & More
(646) 685-3785, (212) 810-0449
E: Alamttravels@gmail.com, WWW.Alamtourandtravels.com
Immigrant Elder Home care LLC
Authorized Homecare Provider Department of Health, State of New York
নিউইয়র্ক স্টেটের হেলথ ডিপার্টমেন্টের সিডিপেপ/হোম কেয়ার প্রোগ্রামের মাধ্যমে আপনি ঘরে বসেই আপনার পিতা-মাতা, শ্বশুর-শ্বাশুড়ী, আত্মীয়-স্বজন ও প্রতিবেশীদের সেবা দিয়ে প্রতি সপ্তাহে অর্থ উপার্জন করতে পারেন।
ঘরে বসেই প্রিয়জনদের সেবার মাধ্যমে
প্রতি ঘন্টা ২১.০০ ডলার পর্যন্ত উপার্জন করুন
কোন প্রশিক্ষনের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।
Jahangir M Alam
President & CEO
72-26 Roosevelt Ave, 2nd Fl, Suite # 201, Jackson Heights, NY 11372
Office: (718) 433-9283, Cell: (212) 810-0449
E: jmalamms@gmail.com (347) 891-7070

ভিজিট, ষ্টুডেন্ট বা ট্রানজিট ভিসা অথবা
অন্য যে-কোন উপায়ে আমেরিকায় আগতদের বৈধতার বিষয়ে ফ্রি পরামর্শ
আমেরিকায় স্থায়ীভাবে বসবাস ও ব্যবসায়ের বিষয়ে
বেস্ট ইমিগ্রেশন ও বিজনেস কনসালটিং অফিস
Political Asylum
নির্ভূল ফাইলিং এর পূর্ণ সহায়তা এবং পরবর্তীতে গ্রীনকার্ড পাবার নানা উপায়-সহ যাবতীয় বিষয়ে ফ্রি পরামর্শ।
পলেটিক্যাল এসাইলাম এর মাধ্যমে মোটামুটি ৭ মাসের মধ্যে ওয়ার্ক পার্মিট ও সোসাল-সহ বৈধভাবে বসবাসে সহযোগীতা।
SIJS (Special Immigrant Juvenile Status)
আমেরিকায় বসবাসরত ২১ বছরের নীচের ছেলে-মেয়েদের সীজ প্রোগ্রামের আওতায় গ্রীনকার্ড প্রসেস করা হয়।
অভিভাবকগণ যোগাযোগ করুন।
VAWA (Violence Against Women Act)
আমেরিকান সিটিজেন অথবা গ্রীনকার্ড হোল্ডারকে বিয়ে করার পরও নানা কারণে গ্রীনকার্ড পাচ্ছেন না;
অথবা গ্রীনকার্ডটি রিভোক হতে যাচ্ছে! আমাদের সংগে আজই যোগাযোগ করুন।
E2 / L1
EB-3
SIJS
VAWA
POLITICAL ASYLUM
ফোনে এপয়েন্টমেন্ট করে আসুন
Old Club Man Corporation
(718) 839-5812 | (212) 814-4068
16222 87th Road, Jamaica, NY 11432

অপমান নয়, ইতিহাসের বিচার হোক কাজে

আবদুল হামিদ মাহবুব

নিউইয়র্কের জন এফ কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দরে ড. মুহাম্মদ ইউনূসকে ঘিরে চিৎকার, অপমানজনক স্লোগান এবং নানা অভিযোগের যে দৃশ্য সামনে এসেছে, তা আমাকে নতুন করে বাংলাদেশের রাজনৈতিক সংস্কৃতি নিয়ে ভাবতে বাধ্য করেছে। একজন মানুষকে ঘিরে এমন আচরণ শুধু ব্যক্তিগত মর্যাদার প্রশ্ন নয়; এটি আমাদের রাজনৈতিক সহনশীলতা, প্রতিবাদের ভাষা এবং গণতান্ত্রিক মূল্যবোধেরও পরীক্ষা। মতপার্থক্য থাকবে, সমালোচনা হবে, প্রতিবাদও হবে—কিন্তু সেই প্রতিবাদের ভাষা কতটা শালীন এবং যুক্তিনির্ভর, সেটিও বিবেচনা করা জরুরি।

ড. মুহাম্মদ ইউনূস কে, তার পরিচয় কী, আন্তর্জাতিক পরিসরে তার অবস্থান কোথায়, তা বিস্তারিত ব্যাখ্যা করার প্রয়োজন আছে বলে আমি মনে করি না। ক্ষুদ্রঋণ, গ্রামীণ ব্যাংক এবং সামাজিক ব্যবসার ধারণার মাধ্যমে তিনি বিশ্বজুড়ে পরিচিতি অর্জন করেছেন। ২০০৬ সালে তিনি ও গ্রামীণ ব্যাংক যৌথভাবে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন। এই স্বীকৃতি তার ব্যক্তিগত অর্জনের পাশাপাশি বাংলাদেশের পরিচিতিকেও আন্তর্জাতিক অঙ্গনে সমৃদ্ধ করেছে। তবে তার পরিচিতি যত বড়ই হোক, সেটি তাকে সমালোচনার ঊর্ধ্বে রাখে না।

আমার বক্তব্যের মূল জায়গাটি এখানেই। কোনো ব্যক্তির কাজের সমালোচনা করা আর তাকে প্রকাশ্যে অপমান করা এক বিষয় নয়। কেউ যদি মনে করেন, ড. ইউনূস কোনো সিদ্ধান্তে ভুল করেছেন, তার নেতৃত্বে কোনো নীতিগত ব্যর্থতা ঘটেছে কিংবা তার বক্তব্যের সঙ্গে বাস্তবতার অসংগতি রয়েছে, তাহলে সেসব প্রশ্ন তথ্য ও যুক্তির মাধ্যমে উত্থাপন করা উচিত। কিন্তু ব্যক্তিগত আক্রমণ, অশালীন স্লোগান এবং বিদ্বেষপূর্ণ আচরণ দিয়ে কোনো অভিযোগ প্রতিষ্ঠিত করা যায় না; বরং এতে প্রতিবাদের গ্রহণযোগ্যতা নিয়েই প্রশ্ন ওঠে।


বিমানবন্দরের ঘটনায় প্রকাশিত ভিডিও ও বিভিন্ন বক্তব্যে ড. ইউনূসের বিরুদ্ধে গুরুতর অভিযোগ তোলার কথা সামনে এসেছে। তাকে সন্ত্রাসী বলা, গণতন্ত্র ধ্বংসের অভিযোগ করা কিংবা হত্যাকাণ্ডের দায় তার ওপর চাপানোর চেষ্টা করা হয়েছে বলে দাবি করা হয়েছে। এসব অভিযোগের সত্যতা নির্ধারণের জন্য প্রমাণ, নিরপেক্ষ তদন্ত এবং যথাযথ আইনি প্রক্রিয়া প্রয়োজন। কোনো অভিযোগ যত গুরুতর, সেটি যাচাইয়ের দায়ও তত বেশি। স্লোগান আদালতের রায় নয়; জনসমক্ষে উচ্চারিত অভিযোগও প্রতিষ্ঠিত সত্যের বিকল্প হতে পারে না।

বাংলাদেশের ২০২৪ সালের জুলাই ও আগস্টের ঘটনাবলি আমাদের জাতীয় জীবনের এক বেদনাদায়ক অধ্যায়। শিক্ষার্থীদের আন্দোলন, সাধারণ মানুষের প্রাণহানি, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের মৃত্যু এবং রাষ্ট্রের বলপ্রয়োগ নিয়ে যে প্রশ্নগুলো উঠেছে, সেগুলোর নিরপেক্ষ অনুসন্ধান ও ন্যায়বিচার অত্যন্ত জরুরি। শেখ হাসিনার সরকারের পতন ঘটে ৫ আগস্ট। ড. ইউনূস অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টার দায়িত্ব গ্রহণ করেন ৮ আগস্ট। এই সময়ক্রম বিবেচনা না করে প্রতিটি ঘটনার দায় তার ওপর চাপিয়ে দেওয়া যেমন যুক্তিসংগত নয়, তেমনি তার দায়িত্বকালের সিদ্ধান্তগুলোর জবাবদিহি এড়িয়ে যাওয়াও গ্রহণযোগ্য নয়।

আমি মনে করি, কোনো রাজনৈতিক ব্যক্তিত্বকে মূল্যায়নের ক্ষেত্রে আবেগের চেয়ে তথ্যকে গুরুত্ব দিতে হবে। ড. ইউনূসের অন্তর্বর্তী সরকারের অর্থনৈতিক ব্যবস্থাপনা, আইনশৃঙ্খলা পরিস্থিতি, রাজনৈতিক সংস্কারের অগ্রগতি কিংবা নির্বাচনী রূপরেখা নিয়ে প্রশ্ন থাকতেই পারে। নাগরিক হিসেবে এসব প্রশ্ন তোলার অধিকার সবার রয়েছে। তার আন্তর্জাতিক খ্যাতি দেখিয়ে সব সমালোচনা প্রত্যাখ্যান করা যাবে না; আবার তার সরকারের কোনো সিদ্ধান্তের বিরোধিতা করতে গিয়ে ব্যক্তিগত অপমানকেও রাজনৈতিক অধিকার বলে চালানো উচিত নয়। একই মানদণ্ড সবার জন্য প্রযোজ্য হওয়া দরকার।

আমাদের সাম্প্রতিক রাজনৈতিক ইতিহাসের দিকে তাকালে দেখা যায়, দীর্ঘদিনের ক্ষমতাকেন্দ্রিক রাজনীতি, নির্বাচন নিয়ে বিতর্ক, বিরোধী মত দমনের অভিযোগ, গুম, বিচারবহির্ভূত হত্যাকাণ্ড এবং দুর্নীতির প্রশ্ন গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলোকে চাপে ফেলেছে। এসব অভিযোগের প্রতিটির ক্ষেত্রেই তথ্যভিত্তিক তদন্ত ও আইনি প্রক্রিয়া গুরুত্বপূর্ণ। ২০২৪ সালের গণ-অভ্যুত্থান দীর্ঘদিনের জমে থাকা ক্ষোভের প্রকাশ ঘটিয়েছিল। কিন্তু সরকার পরিবর্তন হলেই রাজনৈতিক সংস্কৃতি বদলে যায় না। প্রতিপক্ষকে শত্রু ভাবা, অপমানকে বিজয় মনে করা এবং যুক্তির বদলে গালাগালকে অস্ত্র বানানোর প্রবণতা অব্যাহত থাকলে গণতন্ত্রের পুনর্গঠন কঠিন হয়ে পড়বে।

এমন পরিস্থিতিতে জেএফকে বিমানবন্দরের ঘটনাটি আমাদের সামনে একটি গুরুত্বপূর্ণ প্রশ্ন তুলে ধরে—কাউকে ঘিরে চিৎকার করে কিংবা অপমানজনক স্লোগান দিয়ে কি তার দীর্ঘদিনের কাজ ও অর্জন মুছে ফেলা সম্ভব? আমার তা মনে



হয় না। বরং এমন আচরণ প্রত্যক্ষ করে মানুষ প্রতিবাদকারীদের বক্তব্যের যথার্থতা এবং তাদের প্রতিবাদের পদ্ধতি নিয়ে প্রশ্ন তুলতে পারেন। কোনো ব্যক্তির বিরুদ্ধে অভিযোগ থাকলে নির্দিষ্ট সিদ্ধান্ত, নথি, তথ্য ও প্রমাণ সামনে আনা উচিত। সাময়িক উত্তেজনা সৃষ্টি করা সহজ, কিন্তু জনসমক্ষে বিশ্বাসযোগ্যতা অর্জন করতে হলে যুক্তি ও দায়িত্বশীলতার পরিচয় দিতে হয়।

এখানে আরেকটি বিষয় বিবেচনা করা প্রয়োজন। যুক্তরাষ্ট্রে মতপ্রকাশের স্বাধীনতা গুরুত্বপূর্ণ অধিকার হলেও তার অর্থ এই নয় যে যেকোনো আচরণ সব পরিস্থিতিতে আইনসম্মত। বিমানবন্দরের নিরাপত্তা, যাত্রীদের স্বাভাবিক চলাচল এবং সংশ্লিষ্ট ব্যক্তিদের অধিকারও বিবেচ্য। নির্দিষ্ট ঘটনায় কোনো আইন ভঙ্গ হয়েছে কি না, তা নির্ধারণ করতে হবে প্রাসঙ্গিক তথ্য ও আইন অনুসারে। প্রমাণ ছাড়া একে বীরত্বপূর্ণ প্রতিবাদ কিংবা নিশ্চিত অপরাধ, কোনোটিই বলা সমীচীন নয়। প্রয়োজন হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে অভিযোগ জানিয়ে যথাযথ তদন্তের দাবি তোলাই দায়িত্বশীল পথ।

এই ঘটনার পরিপ্রেক্ষিতে ড. ইউনূসের সাম্প্রতিক একটি আন্তর্জাতিক সম্মাননার খবরও তাৎপর্যপূর্ণ। প্রকাশিত তথ্য অনুযায়ী, যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসিতে জর্জটাউন বিশ্ববিদ্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে তাকে মর্যাদাপূর্ণ হিলারি রোডহ্যাম ক্লিনটন অ্যাওয়ার্ড প্রদান করা হয়েছে। যুক্তরাষ্ট্রের সাবেক পররাষ্ট্রমন্ত্রী হিলারি ক্লিনটন তাঁর হাতে পুরস্কারটি তুলে দেন। অনুষ্ঠানে বিভিন্ন দেশের রাষ্ট্রদূত, উদ্যোক্তা, শিক্ষক ও গবেষকসহ প্রায় চার শ অতিথির উপস্থিতির কথা জানানো হয়েছে। এই সম্মাননা আন্তর্জাতিক পরিসরে তার কাজের স্বীকৃতির আরেকটি দৃষ্টান্ত হিসেবে বিবেচিত হতে পারে।

অনুষ্ঠানে হিলারি ক্লিনটন গ্রামীণ ব্যাংকের কার্যক্রম এবং নারীর ক্ষমতায়নে এর ভূমিকার প্রশংসা করেছেন বলে প্রকাশিত প্রতিবেদনে উল্লেখ রয়েছে। তার বক্তব্য অনুযায়ী, ক্ষুদ্রঋণের মাধ্যমে নারীদের আর্থিক স্বাবলম্বিতা, নিরাপত্তা এবং নিজেদের সিদ্ধান্ত নেওয়ার সক্ষমতা বিকাশের সুযোগ তৈরি হয়েছে। ড. ইউনূসও তাঁর কাজের ৫০ বছরের স্বীকৃতির কথা উল্লেখ করেছেন। এসব অর্জন নিয়ে আলোচনা করার পাশাপাশি ক্ষুদ্রঋণের কার্যকারিতা, ঋণগ্রহীতাদের বাস্তব অভিজ্ঞতা এবং এর দীর্ঘমেয়াদি অর্থনৈতিক প্রভাব নিয়ে গবেষণা ও সমালোচনার সুযোগও থাকা উচিত। স্বীকৃতি ও সমালোচনা পরস্পরের বিরোধী নয়।

পুরস্কার গ্রহণের বক্তব্যে ড. ইউনূস সামাজিক ব্যবসার ধারণা এবং স্বাস্থ্যসেবা খাতে এর সম্ভাবনার কথাও তুলে ধরেছেন বলে জানা গেছে। এই ধারণার মূল লক্ষ্য ব্যক্তিগত মুনাফার পরিবর্তে সামাজিক সমস্যা সমাধানকে গুরুত্ব দেওয়া। স্বাস্থ্যসেবা, দারিদ্র্য বিমোচন এবং উদ্যোক্তা তৈরির ক্ষেত্রে এমন উদ্যোগ কতটা কার্যকর হচ্ছে, তা নির্ভর করবে বাস্তব ফলাফল, সেবার মান এবং মানুষের জীবনে সৃষ্ট পরিবর্তনের ওপর। একইভাবে শিক্ষাব্যবস্থা নিয়ে তার বক্তব্যও আলোচনার দাবি রাখে। তরুণদের শুধু চাকরিপ্রার্থী নয়; সৃজনশীল ও উদ্যোগী মানুষ হিসেবে গড়ে তোলার চিন্তা কর্মসংস্থান নিয়ে নতুন আলোচনার সুযোগ সৃষ্টি করে।

গ্রামীণ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পরিকল্পনার কথাও তিনি ওই অনুষ্ঠানে তুলে ধরেছেন বলে প্রতিবেদনে বলা হয়েছে। তার প্রত্যাশা, এই প্রতিষ্ঠান তরুণদের উদ্যোক্তা হওয়ার জন্য প্রস্তুত করবে এবং ব্যবসা শুরু করার প্রয়োজনীয় সহায়তা দেওয়ার পথ তৈরি করবে। পরিকল্পনাটি বাস্তবায়িত হলে এর পাঠ্যক্রম, অর্থায়নব্যবস্থা, শিক্ষার সুযোগ এবং শিক্ষার্থীদের জন্য সৃষ্ট বাস্তব সম্ভাবনা গুরুত্বপূর্ণ হয়ে উঠবে। কোনো উদ্যোগের মূল্য শুধু ঘোষণায় নির্ধারিত হয় না; তার সফলতা নির্ভর করে বাস্তবায়ন, জবাবদিহি এবং মানুষের জীবনে ইতিবাচক পরিবর্তন আনার সক্ষমতার ওপর।

আমার কাছে এই পুরো ঘটনার শিক্ষা হলো, ব্যক্তির আন্তর্জাতিক পরিচিতি যেমন তাকে সব প্রশ্নের ঊর্ধ্বে রাখে না, তেমনি তার বিরুদ্ধে বিদ্বেষপূর্ণ স্লোগানও কোনো অভিযোগকে সত্যে পরিণত করে না। আওয়ামী লীগ, বিএনপি কিংবা অন্য কোনো রাজনৈতিক শক্তি—কারও জন্য আলাদা নৈতিক মানদণ্ড থাকা উচিত নয়। যে-ই অন্যায় করুক, তার বিচার হবে প্রমাণের ভিত্তিতে। যে-ই সিদ্ধান্ত নিক, তার জবাবদিহি নিশ্চিত করতে হবে। রাজনৈতিক মতপার্থক্যকে ব্যক্তিগত শত্রুতায় পরিণত না করে নীতির প্রশ্নে বিতর্ক করাই গণতান্ত্রিক সমাজের পরিচয়।

বাংলাদেশ আজ এমন এক রাজনৈতিক সংস্কৃতির অপেক্ষায় আছে, যেখানে কাউকে অপমান করে নয়; কাজের মাধ্যমে নিজের যোগ্যতা প্রমাণ করা হবে। অতীতের অন্যায়ের বিচার হবে, কিন্তু প্রতিশোধের মাধ্যমে নয়। ক্ষমতাবানদের জবাবদিহি থাকবে, আবার সমালোচকেরাও নিজেদের আচরণের দায় নেবেন। ড. ইউনূসকে ঘিরে বিমানবন্দরের ঘটনায় কার মর্যাদা কতটা ক্ষুণ্ন হয়েছে, তা নিয়ে মতভেদ থাকতে পারে। তবে অপমানজনক স্লোগান দিয়ে কোনো ব্যক্তির ইতিহাস মুছে ফেলা যায়—এমন ধারণা বাস্তবসম্মত নয়। শেষ পর্যন্ত মানুষের মূল্যায়ন নির্ভর করবে তার কাজ, সিদ্ধান্ত ও অবদানের ওপর। চিৎকার ক্ষণস্থায়ী, কিন্তু ইতিহাসের বিচার দীর্ঘস্থায়ী।

লেখক: সিনিয়র সাংবাদিক ও শিশুসাহিত্যিক।

বিসমিল্লাহির রাহমানির রাহিম

বাংলাদেশ সোসাইটি ইন্‌ক, নির্বাচন ২০২৬

BANGLADESH SOCIETY INC. ELECTION 2026

নির্বাচন ২৫ অক্টোবর, রবিবার ২০২৬

"সমৃদ্ধি কল্যাণ, সততা, স্বচ্ছতা ও জবাবদিহীতার পরিষদ"

আসুন পরিবর্তনের পক্ষে রায় দেই, যোগ্য নেতৃত্বকে জয়ী করি



আজমল হোসেন কুনু
সভাপতি
AJMOL HUSSAIN KUNU, PRESIDENT

কুনু-ফিরোজ পরিষদ



ফিরোজ আহমেদ
সাধারণ সম্পাদক
FIROZ AHMED, GENERAL SECRETARY

সহ-সাধারণ সম্পাদক



সামাজিক কার্যক্রম ও সাংগঠনিক অভিজ্ঞতাঃ

- সাবেক কোষাধক্ষ্য (২০২২-২০২৪), বাংলাদেশ সোসাইটি ইন্‌ক
- সাবেক ক্রীড়া ও আপ্যায়ণ সম্পাদক (২০১৬-২০২২) বাংলাদেশ সোসাইটি ইন্‌ক
- কার্যকরি সদস্য ও সাবেক সাধারণ সম্পাদক (২বার) মুন্সীগঞ্জ বিক্রমপুর এসোসিয়েশন ইন্‌ক
- উপদেষ্টা, সাবেক সভাপতি (৩বার) ও সাবেক সাধারণ সম্পাদক (২বার) বাংলাদেশ-আমেরিকান কার ও লিমোজিন এসোসিয়েশন, ইন্‌ক
- কার্যকরি সদস্য, উডসাইড বায়তুল জান্নাত মসজিদ
- উডসাইড বায়তুল জান্নাত মসজিদের সাথে ১৬ বৎসর যাবৎ বিভিন্ন পদে সম্পৃক্ত
- সাবেক কার্যকরী সদস্য বাংলাদেশ স্পোর্টস কাউন্সিল অব আমেরিকা
- আজীবন সদস্য
  - উডসাইড বায়তুল জান্নাত মসজিদ
  - জ্যাকসন হাইটস ইসলামিক সেন্টার ও মসজিদ
  - নর্থ ব্রঙ্কস জামে মসজিদ এন্ড ইসলামিক সেন্টার
  - রিয়াযুল জান্নাহ্ মসজিদ এন্ড ইসলামিক সেন্টার (সাউথ জ্যামাইকা)
  - জ্যামাইকা মুসলিম সেন্টার, জ্যামাইকা
  - বায়তুল আতিক মুসলিম সেন্টার, উডসাইড

PLEASE CAST YOUR VOTE FOR
MOHAMMED NOASHED HOSSAIN
ASST. GENERAL SECRETARY

মোহাম্মদ নওশেদ হোসেন

মেশিনের প্রথম সারিতে কুনু-ফিরোজ পরিষদে (A1 থেকে A21) পর্যন্ত অনুগ্রহ করে আপনার মূল্যবান ভোট দিন

PLEASE CAST YOUR VOTE IN FIRST ROW (A1 to A21) FOR KUNU-FIROZ PANEL

আপনাদের মূল্যবান ভোট ও দোয়া প্রার্থী



কুনু-ফিরোজ
পরিষদে আপনার মূল্যবান ভোট দিন
PLEASE VOTE FOR KUNU-FIROZ PANEL

প্রচারে: কেন্দ্রীয় নির্বাচন পরিচালনা কমিটি

ক বি তা র এ ক পা তা ১

কত দ্রুত সময় ফুরিয়ে যায়! আট বছর হয়ে গেল! বিশেষ সংখ্যাসহ ৯৬ টি সংখ্যা প্রকাশিত হয়ে গেছে! আমরা আনন্দিত। যাঁর শ্রমে, মেধায় ও ভালোবাসায় এই অসাধ্য সাধন, সম্পাদক কবি ফারুক ফয়সলকে বলি— আপনি পেরেছেন। আপনাকে টুপি খোলা অভিবাদন! যাঁদের কবিতা গত আট বছর প্রকাশ হয়েছে, তাঁদের সহ বাংলা ভাষার সকল কবিকে অভিনন্দন ও ভালোবাসা। কবিতাপ্রেমী পাঠকদের জন্য আমাদের ভালোবাসা।

ইব্রাহীম চৌধুরী
সম্পাদক
প্রথম আলো উত্তর আমেরিকা

অভিনন্দন ও শুভকামনা

মাসুদ খান

(কবি)

বাংলাভাষার চর্চাকে বিশ্ববাংলায় সম্প্রসারণ ও বিস্তারের কাজে 'প্রথম আলো উত্তর আমেরিকা' আর বাংলাকবিতাকে স্পন্দমান রাখার কাজে 'কবিতার এক পাতা'-র ভূমিকা অনস্বীকার্য। নিষ্ঠা ও দায়িত্বশীলতার সঙ্গে 'কবিতার এক পাতা' সম্পাদনা করে আসছেন কবি ও প্রাবন্ধিক ফারুক ফয়সল। পাতাটির জন্য যথাসময়ে কবিতা সংগ্রহ, যত্নসহকারে সেগুলি ছাপানো, এমনকী মুদ্রিত কবিতাগুলির সফট কপি কবিদের কাছে পৌঁছে দেওয়া সবই তিনি করে আসছেন ব্যত্যয়হীনভাবে। পাতাটির সজ্জা, অলংকরণ ও মুদ্রণসৌকর্য প্রশংসনীয়। অপরাপর কবিদের পাশাপাশি পাতাটিতে আমারও কবিতা ছাপা হয়ে আসছে নিয়মিত। 'কবিতার এক পাতা'-র অষ্টম বর্ষপূর্তি উপলক্ষে পাতাটির সঙ্গে সংশ্লিষ্ট সকলকে জানাই আন্তরিক অভিনন্দন ও শুভকামনা।

'কবিতার একপাতা' নয় নিতান্তই একপাতা

তাপস গায়েন

(কবি, প্রাবন্ধিক, অনুবাদক)

'কবিতা কী'— এই প্রশ্নের সম্ভাব্য একটি উত্তর হলো কবিতা হচ্ছে তাই যা এখনো লেখা হয়ে উঠেনি। এই ধরণের উত্তর আমাদেরকে এমন এক প্রান্তিকতায় নিয়ে যায়, যেখানে কবিতা নিয়ে আলোচনা আর সহজসাধ্য হয়ে উঠে না; তবে আমরা অলিখিতভাব মেনেই

নিয়েছি—কবিতা হলো ভাষার সর্বোত্তম প্রকাশ, আর যে কোন ভাষারই আছে এক দীর্ঘ ইতিহাস। তিনিই প্রকৃত কবি যিনি তাঁর অবচেতন এবং চেতন—এই দুই স্তরেই ভাষা এবং সংস্কৃতির দীর্ঘ ইতিহাস এবং তার বৈভবকে উত্তরকালে বইয়ে দেন। কবি এবং সম্পাদক ফারুক ফয়সল 'কবিতার একপাতা'র মধ্য দিয়ে কবিদের ফেরি করে ফিরছেন। যদিও প্রকৃত কবিকে ধরা উজ্জ্বল দিনের আলোয় হারিকেন নিয়ে ঈশ্বর সন্ধানের মতো, তবু ফারুক ফয়সল এই দূরুহ কাজটি করে চলেছেন দীর্ঘ আট বছর ধরে। কবি ফারুক ফয়সলের সুযোগ্য সম্পাদনার মধ্যে দিয়ে 'কবিতার একপাতা'র তরীটি বাংলা কবিতাকে বেগবান করে বয়ে চলছে ভবিষ্যতের দিকে। 'কবিতার একপাতা' এবং কবি-সম্পাদক ফারুক ফয়সল বাংলা সাহিত্যে অচ্ছেদ্য হয়ে উঠুক—

এই আশা রাখছি।

কবিতার একপাতা

নাহার মনিকা

(কবি ও কথা সাহিত্যিক)

'কবি নয়, কবিতা ছাপা হয়'—'প্রথম আলো উত্তর আমেরিকা' গত আট বছর ধরে প্রতিমাসে সাম্প্রতিক কবিতার যে একপাতা প্রকাশ করছে, তা দেখে একথা মনে আসা খুব অস্বাভাবিক নয়।

কবিতা বাংলা ভাষায় সাহিত্যের একটি বহুল চর্চিত শাখা। প্রচুর কবিতা লেখা হচ্ছে, সেসবের মধ্য থেকে শিল্পসুষমাময় ও মানসম্পন্ন কবিতা দিয়ে নিয়মিতভাবে

একটি পাতা প্রকাশ করতে কবিতার প্রতি গভীর অনুরাগ থাকা দরকার। এই পাতার সম্পাদক— কবি ও প্রাবন্ধিক ফারুক ফয়সল নিবিষ্টভাবে দীর্ঘদিন ধরে সে কাজটি সম্পাদন করে চলেছেন। একটি চিত্তাকর্ষক কবিতার একপাতা প্রকাশ যে দেশের বাইরে বসেও সম্ভব, 'কবিতার একপাতা' এর একটি সেরা উদাহরণ।

নানা বিষয় নিয়ে 'কবিতার একপাতা' প্রকাশিত হয়, বিষয়গুলো খুবই বিবেচনাপ্রসূত। সমসাময়িক বিষয় তো আছেই, সেই সঙ্গে বাঙালির বিশেষ দিবস ও ঐতিহ্যও স্মরণে রাখা হয় 'কবিতার একপাতা'য়। উত্তর আমেরিকা থেকে প্রকাশিত হলেও এতে দেশের এবং প্রবাসের তরুণ ও জ্যেষ্ঠ সকলেই মনোযোগ পান, অর্থাৎ কবিতার মান ও বৈশিষ্ট্য গুরুত্ব পায়। যে কারণে, সুন্দর অলংকরণ সহযোগে মনোগ্রাহী 'কবিতার একপাতা' কবি ও পাঠকের মনোযোগ আকর্ষণ করছে।

কবিতার এক পাতা'র সর্বাঙ্গীণ সাফল্য কামনা করি।

কবিতার সৌন্দর্যচর্চায় নিরলস অভিযাত্রী

ওবায়েদ আকাশ

(কবি ও সম্পাদক)

কবিতাকে ভালবাসেন না অনেকে। কারণ হিসেবে দাঁড় করান যে, তারা কবিতা বোঝেন না। অর্থাৎ, তাই বলে কি তারা কবিতাকে ভালবাসেন না? এ কখনো হতে পারে না। কেননা কবিতার সঙ্গে অপরূপা নারী কিংবা অনিঃশেষ ঘ্রাণময়ী ফুলের সৌন্দর্য চিরকাল পাশাপাশি হাঁটে। কিন্তু কবিতার সৌন্দর্য এতটাই চূড়াস্পর্শী যে, তাকে অনেকে স্পর্শ করতে পারেন না। আবার অনেকে তা চেষ্টাও করেন না। তবু সারা পৃথিবীতে কবিতার যে রাজত্ব চলছে— রাজপ্রাসাদ থেকে দলিত অবহেলিত পর্যন্ত— এর প্রমাণ দিয়ে শেষ করা যাবে না। যে কোনো আবেগঘন মুহূর্তে যখন আমরা সুনির্বাচিত শব্দের মাধ্যমে ভাষার কাব্যিকতা খুঁজি— তখন কবিতাকে স্পর্শ করতে হয়। আমাদেরকে কবিতা বুঝতে শিখতে হবে যেমন, তেমনি কবিতা পাঠের উপযোগী করে নিজেকে নির্মাণও করতে হবে। উত্তর আমেরিকা থেকে নিয়মিত প্রকাশিত কবিতার একপাতা দীর্ঘ আট বছর ধরে সৌন্দর্য চর্চা করে চলেছে। দেশ বিদেশের বিপুল-সংখ্যক বাঙালির কবিতা ও কবিতা ভাবনাকে একত্র করে পাঠক মহলে ছড়িয়ে দিচ্ছে অর্থ তারা কবিতাকে সযত্ন ভালবাসা দিয়ে লালন করছে। একটি কবিতাপাগল হৃদয় যখন কবিতার একপাতার জন্য অধীর আগ্রহে অপেক্ষা করেন, তখন এই সম্পাদনার সার্থকতা অনুভূত হয়। কবিতার একপাতার যাত্রা সুগম ও ঐশ্বর্যময় হোক। অষ্টম বর্ষ পূর্তিতে শুভেচ্ছা ও ভালবাসা।

আমাদের সাহিত্যচর্চায় অনন্য মাত্রা যোগ

রুদ্রশংকর

(কবি, লেখক ও সম্পাদক)

বাংলা কবিতার প্রসার ও বিকাশকে বিশ্বমঞ্চে তুলে ধরতে 'কবিতার এক পাতা' যে নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে, তা সত্যিই প্রশংসনীয়। এই প্ল্যাটফর্মটি নতুন ও প্রবীণ লেখকদের লেখনীকে এক সুতোয় গেঁথে সাহিত্যের এক সমৃদ্ধ পরিবেশ গড়ে তুলেছে। সম্পাদক- কবি ও প্রাবন্ধিক ফারুক ফয়সলের মেধা, শ্রম ও নিষ্ঠার ফলেই এটি আজ পাঠকের হৃদয়ে বিশেষ স্থান করে নিয়েছে।

আমাদের আত্মপরিচয়ে ও সাহিত্যচর্চায় অনন্য মাত্রা যোগ করেছে 'কবিতার এক পাতা'। আমরা বিশ্বাস করি, আগামী দিনগুলোতেও 'কবিতার এক পাতা' তার এই গৌরবময় ধারা বজায় রেখে আরও বহুদূর এগিয়ে যাবে এবং বিশ্বজুড়ে বাংলা সাহিত্যপ্রেমীদের অনুপ্রাণিত করে যাবে।



পঞ্চজন্মগুচ্ছ

ঝর্না রহমান

বিজ্ঞান শিক্ষক বলেছিলেন, পদার্থের কোনো ধ্বংস নেই, রূপান্তর আছে। মানুষও মৃত্যুর পরে শেষ হয় না, দেহের রূপান্তর ঘটে মাত্র। তুমি কাফকা পড়ে বলেছিলে, ছেলেটা বেঁচে থেকেই গুবরে পোকা হয়ে গেল? ধেৎ! এ কেমন রূপান্তর, এ তো তার কদর্য মৃত্যু! এর চেয়ে মৃত্যুর পর সুদর্শন হয়ে জন্মানো কত ভালো! সন্ধ্যার আলোছায়ায় উড়ে উড়ে আমার পুরনো গ্রাম খুঁজে নেবো। তুমি কী চাও? রূপান্তর না পুনর্জন্ম - আমাকে প্রশ্ন করেছিলে।
আমি? আমি পঞ্চজন্মের একটি গুচ্ছ নিয়ে পৃথিবীতে হেঁটে যেতে চাই। একটি জন্ম শুধু তোমার জন্য হেঁটে হেঁটে শিল্পকলার প্রত্নগরীতে প্রেত হয়ে ঘুরে বেড়াবো। আরেক জন্ম নিয়ে রঙখেলা হবে তুমুল। স্বপক্ষ ও প্রতিপক্ষ দুইই থাকবে তুমি। তৃতীয় গুচ্ছটিকে আমরা সাজাবো নদীর ধারে বনকুটিরে, ময়ূর আর বুনো হাতির সঙ্গে যাপন করার জন্য। বাকি দুই জন্মে পাঠ করবো জীবন ও মৃত্যুর মহাগ্রন্থগুলো।

কেউ একা বাঁচতে পারে না

রেজাউদ্দিন স্টালিন

কেউ একা বাঁচতে পারে না
একটা গাছ পারে না
একটা পাথরও না

করোনার সময় অনেকে
একা বাঁচতে চেয়েছিলো
তারা মারা গেছে
যারা সন্ত-নি:স্ব-বিরহকাতর
একা বাঁচার জন্য তারা
ঝাঁপ দেয় নির্বাণ সাগরে
তাদের আর্তনাদ ফিরে আসে
পারমাণবিক প্রতিধ্বনি হয়ে
যুদ্ধে কেউ একা জিততে পারে না
একা পরাজিত হয় না

কোনো ধনকুবের সে হোক কারুন
কিংবা ইলন মাস্ক
কেউ একা কিছুই করতে পারে না
বাঁচতেও পারে না
মরতেও না

ব্লেজার ও গান্ধিগাঁও

শিহাব শাহরিয়ার

কর্পোরেট নারীরা বিক্রি করে না বেদনা!

তারা চিনে না খড় ও পলিশ করা নখপীঠ?
তারা অন্ধকারে চূর্ণ-বিচূর্ণ করে নীল কাচ
তারা ডাউন টাউন থেকে সংগ্রহ করে ব্লেজার
ব্লেজারের খয়েরি বাতাসে খোঁজে নতুন শহর

ব্লেজার নারীরা জানে না নদীরা বুবুর মতো
বুবু-ফুফু পেরোতে পারে না পার্লারের দরোজা
তারা জানে না—অনাগরিক রিফাত চৌধুরীর
দীর্ঘ নিঃশ্বাসে—টেমসে ভাসে শামীম আজাদ

তারা জিন্সের পকেটে খোঁজে জ্বিনের দানা!
আইফেল টাওয়ারে ওঠে দেখে না রেইন নদী
২.
তুমি নাকে পরিত্যাক্ত ডেটলের ঘ্রাণ মেখে
অভিমানী শাড়ির মতো উড়ছ গান্ধিগাঁওয়ে

ক বি তা র এ ক পা তা ২



থান ইটের মতোন আলো

জিললুর রহমান

ঠিক রাতদুপুর, একখানা থান
ইটের মতোন আলো মেঝের ওপর বসে।
বাইরে বাতাস, পাতা নড়ে, আলোটিও
ব্যাকুল বাউল নড়ে। আমিও কি নড়ে উঠি
আলোর ডানার খোঁজে?
আলোটি পাখির ছন্দে ওড়ে,
ছুঁয়ে দেখি নরম চাঁদের মায়াগন্ধ...
চারপাশে এতো অন্ধকার,
আলোটা কি মরীচিকা তবে!

স্বয়ম্বর

শিবলী মোকতাদির

বসন্ত এলেই মনে পড়ে বাম জামানার কথা
এক চিলতে রাগের ঢঙে মিছিলের মতো
পাল্লা দিয়ে ফুটছে—
অযান্ত্রিক অশোক, কনকলতা, শিমুল ও পলাশ

লুকিয়ে, স্মৃতিচারণের নকশা হয়ে বনের গভীরে যাও,
যে কোন ফুলই ঝলসে ওঠে দুরন্ত কৌতুকের চকিত বিদ্যুতে

অদৃশ্য রাতের কাছে মেলে ধরো,
অচেনা ফলের সহমর্মিতার জলছবি—
যা তুমি এঁকেছ,

শেয়ালমূর্তির গন্ধের ভাণ্ডার ভেঙে ছুটে যাচ্ছে
ফ্রোকপরা ছোট্ট এক মেয়ে
যতই রাগ রাগিনী ঢালো, এ দৃশ্য
কল্পনাতেও কুলোবার নয়!

বসন্ত এলেই উঁকি দেয় দ্বন্দ্ব,
পাতা ঝরা প্রেমের ঝাণ্ডায় ফুটে ওঠে একগুচ্ছ স্বয়ম্বর কাম।

বিবিধ বাগডাশ

খলিল মজিদ

বর্ষার বর্ধমান ঋতুর নাম কাশফুল। শরতের
চিত্রপটে কেন তবে রক্তমাখা থাবা? নদীতীরে
কার নখরের চিৎকার, হে ভাদ্র মাস? চেনা পথে
অনেক অচেনা কুকুরই তো আসে, গায়ে শুঁকে
পিছু নেয়, কেননা ভাদ্রই প্রিয় মাস তার। তবুও
বালক-বালিকারা ঘুরে-ফিরে সারমেয়-সাথে।

গুগোলে ভূগোল ঘুরে দেখে-শুনে হারায় লালমাই
এতটাই অবিশ্বস্ত হলে তুমি জগৎপুর! আলপথ,
ধানক্ষেত, সারি সারি রেইনট্রি, চেনা সবই—
হঠাৎ অচেনা হলো রাতের বাতাস, কুকুরগুলো
বিবিধ বাঘডাশ— কণ্ঠনালি চেপে ধরে
কার মুখ বন্ধ করে রাখো তুমি, আলেখার চর?

ভালোবাসা

আলফ্রেড খোকন

হতেই পারে
সে এসে রোজ
এই বুকের কাছে
জড়িয়ে ধরে বলবে

এইতো এসেছি আমি
আমাকেই নিন;

ভালোবাসা
নি:শব্দের সুবাতাসে
ভেসে আসা
প্রতীক্ষার ডালপালা

এইতো এসেছি কাছে
আমাকেই ছেপে দিন

সফর

মোস্তাক আহমাদ দীন

সফেদ ষ্টিমারে বসে নিরঞ্জন গ্রামে চলো যাই
যাত্রাপথে কোনো কথা হবে না সেখানে।
মনাই নদীতে গিয়ে সুস্থির পানি পেয়ে গেলে
ধরে নাও আমরা যাব মৃতের পাড়ায়:
পথে পথে জলাবন, হিজলের পাড়া;
তারই পাশে গোরস্তান, উঁচু-নিচু টিলা;
হয়ত-বা যাওয়ার পথে পেয়ে যাব
গোপীগ্রাম—রাধাপুর— বাঁশের বাজার...

তবু কি ব্যাকুল বাশি বাজবে না পথে ?
ষ্টিমারে যাবে না দেখা সুবল সখারে?

নিরঞ্জনের কাছে, ধীরে, পৌঁছে গেলে
পাই কি না-পাই কিছু, চুপচাপ রইব সেখানে

জলের সুতোয়

রিমঝিম আহমেদ

কতটুকু গড়াও তুমি পাথর
কতটুকু ইচ্ছেময়ী হলে
যাত্রাপথে থামছে বুকের ঝড়

কত জলে আকাশ ভারানত
বিন্দু বিন্দু মেঘের উড়ো ছাই
হারিয়ে ফেলা নদীর গন্ধ নিয়ে
সাঁকোর ওপর দাঁড়িয়ে পড়ি ঠাই

তুমি বললে পাদটীকা জুড়ে
লিখে রাখছি শূন্যতারই বোধ
কাঁটাদীর্ণ পায়ে হেঁটে বুঝি
পথ টের পায় ঠাণ্ডা রক্তস্রোত

কতটুকু বাতাস ধরে গাছ
আশায়-নেশায় জড়িয়ে ধরে স্নায়ু
এলেই যদি ফেরার কীসের তাড়া?
জলের সুতোয় শরীর গাঁথো–
গাঁথো তোমার অবাক পরমায়ু!

বিপর্যাস

শামীম আজাদ

তাহারও কি হয়েছে বয়স, হাড়ে বসে গেছে বিবর্ণ হলুদ
অবনত হতে হতে বেঁকে পড়েছে মেরুদণ্ড
স্মরণ পাথরে ঘষা দিতে দিতে সরু হয়ে গেছে সকল স্মরণ?
সে কি ক্লান্ত, মহাক্লান্ত
নাকি পরিবর্তিত এই আমাদেরে আর ভাল লাগছে না।
গালে হাত দিয়ে কিছুক্ষণ আমাদের অবস্থান দেখেই বলে যাই
...আমি যাই?

কে তার বুকের সোনার বোতাম খুলে লাগিয়ে দিয়েছে ঐ সব
বেমানান প্লাষ্টিক?
সব্বনেশে কথা-
সময় গেলে সাধন না হলে স্ববশতাও কি এভাবে অশক্ত হয়ে যায়?
বসে আছি স্বত্তা থেকে বহু দূরে টেমস এর স্নায়ুতে-
বাতাসে খণ্ডিত রোদ, ভেজা ভেজা
রোদ নয়, জলবাস নয় এ অদ্ভুত জিজ্ঞাসা ঘাই মেরে উঠছে আর
সিমলেস স্বপ্ন ও আকাঙ্ক্ষার জোড়াগুলো খুলে যাচ্ছে আবার।
কী করে আমাদেরে লাগবে আর ভালো?
লটকে যে আছে অদ্যাবধি এই সৃষ্টিছাড়া মীড়ে, এই জঘন্য
কার্নিভালে
সে শুধু পূর্বপুরুষের কৃপায়।
তোমরা বলো গো আসিয়া, কী ভাবে তাঁর অভীষ্ট গেল ভাঙিয়া
ভাঙিয়া...

কোন কোন শনিবার সন্ধ্যাবেলা

মঈনুস সুলতান

সূর্য যখন কুম্ভরাশিতে...সচরাচর শনিবার সন্ধ্যাবেলা
চেতনায় ছড়িয়ে পড়ে চন্দ্রকান্তমণির রূপালি দ্যুতি—
আমার শরীর সহসা বৃক্ষে বিস্ফোরিত হয়ে ফোটায় অজস্র ফুল,
ডার্করুমে মাউন্ট-ফুজির ছায়া হয়ে ফুটে কার যেন প্রতিশ্রুতি—
কাঠবিড়ালীরা মচ্ছব করে খুঁটে ডালপালায়
বাদামবীজের তন্দুল;

কোন কোন শানিবার গোধূলিতে —
বেদুঈন তোরেগদের সঙ্গে ছোটাই অশ্ব বল্গাহারা,
দেখি—তিমবাকতুর বালুকাচিত্রে সিক্ত হচ্ছে পান্ডুলিপি...
ঝরঝরিয়ে ঝরছে শ্রাবণের বারিধারা;

কখনো কুপতি হন গ্রহ—অপয়া... ভোরবেলা
গ্রহশান্তির আচার পুষ্পে ছড়ায় না সুরভি,
তীব্র হয়ে বাজে কারো অহেতুক অবহেলা—
সারা দিনমান খোঁড়াখুঁড়িতে হয় না কিছু আবাদ;
গোধূলিতে দেখি— মিনিওতোর চিত্রপটে
আঁকছি... দারা শিকোহের রাজ্যহারা বিষাদ।

যে দিকে তাকাই আমি

শামস আল মমীন

যে দিকে তাকাই আমি ঈশ্বরও দেখে সেই দিকে-
আমি গুটি-সুটি হয়ে মিশে যাই কারো কুটিল হাসিতে।

শুয়ে বসে থাকি...স্থির হয়ে বসি, কিছু ক্রোধ জাগে।
আলপথ, সরুপথ, হাইওয়ে- যে পথেই যাই
আমার প্রাণের শক্তি আসে একই উৎস থেকে।
জানালার শিক ধরে, ভাঙা দরোজায় হেলান দিয়ে এতকিছু
দেখি...
কিন্তু যা দেখতে চাই তার কিছু দেখি না।

জীবন আমাকে ভীষণ উল্লাসে দুঃখ দিয়েছে আজীবন।
সেই সব মনে হলে পোকামাকড়দের মতো তুচ্ছ হয়ে যাই।
জীবন দেখেছি আমি চোখের দেখার চেয়ে বেশী;
কিছু তার দেখা যায়, কিছু- শুধু অনুভুতি...

তোমার এআই নির্মিত মুখ

তমিজ উদ্‌দীন লোদী

তারা তোমার চোখ বানায়—তোমার চোখ নয়। তোমার হাসি বানায়—
তোমার হাসি নয়।
কোনো অদৃশ্য আঙুল তোমার কপাল ছুঁয়ে দেয়, আর আমি বিশ্বাস করতে
শুরু করি:
এই মুখ, এই ছায়া, এই নীরবতা—সবই তুমি।

কিন্তু তুমি তো অনুপস্থিত। তুমি আছ অদৃশ্যের ফাঁকে, ডেটার গভীরে,
সম্ভাবনার স্তরে স্তরে।
প্রতিটি স্তর খুলে দেখি—একটু রোদ, একটু ধোঁয়া, একটু পুরনো ছবির
গন্ধ।
তুমি কোনোদিন ছিলে, না কেবল ছিলে বলে আমার মনে হয়—এআই
জানে না।
সে শুধু তোমার অবয়বের অনুকরণ করে, যেন জলের উপর জলের লেখা।

আর আমি? আমি কৃত্রিম চোখের দিকে তাকিয়ে বলি: তুমি সুন্দর।
তুমি নও। তুমি নও, তবু এতটা তুমি যে আমার ভিতরের মানুষটি
বিভ্রান্ত হয়ে প্রশ্ন করে—ভালোবাসা কি স্মৃতি, না কি স্মৃতির ছবি?
উত্তর নেই। শুধু সার্ভার-ঘরে জ্বলে থাকে নীল আলো, আর তোমার
এআই-নির্মিত মুখ ধীরে ধীরে মুছে যায় নিজের অস্তিত্বের ভিতরে।

মোচড়

বদরুজ্জামান আলমগীর

এভাবেই দূরে কোথাও একসাথে হলে বুঝি
আমরা নদীর দেশ থেকে উড়ে এসে নেমেছি
পুরনো দিনগুলো উন্মোচিত হবার আগেই
আমাদের অন্তঃশীলা এই নরম অঞ্চলগুলি
জিয়ল মাছের কল্লোলে জলের স্ফটিকাঞ্জলি।

এভাবেই আকস্মিক একসাথে হলে বুঝি
আমাদের কুশল বিনিময়ের রাফখাতা ভরা
লেবুপাতার গন্ধে, প্রতিটি চোখের ঢালুতে
পাখিদের বাসা- খয়েরী ফুটকি ডিমের মায়া
পূর্বপুরুষেরা জামার ভাঁজে ভেজা ভেজা হিয়া।

গানের বনে একা একসাথে ছুটে যায় হরিণ
আমাদের পিছনে ওড়ে শৈশবের ওড়া কেশর
আঙুলের ফাঁক গলে ঝনঝনিয়ে লাটিম ঘোরে
আমাদের ছিন্ন কাঁধে জমাট বাঁধে লৌয়ের ব্যথা
শহীদি কারবালা, বিসর্জনী মা, একাত্তরের সুতা।

প্রণয়াবর্তকাল

তুষার গায়েন

যখন পরম চেতনা সুষুপ্তির মাঝে সৃষ্টির স্বপ্নে বিভোর
একাকিত্ব ঘুচিয়ে বহুভাগে বিভক্ত হবার মাহেন্দ্রক্ষণে
পাশ ফিরছেন তিনি—স্থানের বক্রতায় জন্ম নিচ্ছে কাল
আর আমাদের অবয়ব ফুটে উঠছে নামহীন গোত্রহীন
কোনো পরিচয়ে বিধৃত হবার আগে অমলিন সত্তার—
তুমি কাঙ্ক্ষা করো যদি আমাদের দেখা হতো সেই পরিসরে
থাকত না জাগতিক দ্বন্দ্ব কোনো, বাঁধার পাহাড় !

আমার তো সাধ হয়, সন্ধান করি সেই সম্ভাবনার তীরে
যেখানে অসম্ভব পাহাড়ের মতো মাথা তুলে আছে—
সেই পাহাড় উদ্গমের আগে যদি দেখা হতো আমাদের
যখন ডিঙিয়ে যাবার কিছু নেই, আনন্দ কি হতো মনে ততো
পেরিয়ে যাবার পর, পরস্পরকে জড়িয়ে ধরার অতলান্ত আবেগ?


আদি সমুদ্রের তীরে শুয়ে আছ তুমি ...
তারামাছ, শঙ্খ, শামুকাকীর্ণ বালিতে ছড়িয়ে মহাজাগতিক চুল
স্পন্দিত জমজ পৃথিবী—তোমার উত্তল বুক, একটিতে তার তিল !
যত দ্রুত বেগে আমি আসি না কেন হাওয়া ঠেলে তোমার নাগাল পেতে,
আমার আংশিক চুলে সাদা রঙ যায় ধরে—যত না বিস্ফার করি নিজেকে
সঙ্কোচনের ছাপ ফেলে ফেলে আমাকে বিব্রত করে মহাকাল !

আলোকবর্ষ ঘুরে পরস্পারের সন্ধানে প্রেমিক প্রেমিকা দাঁড়িয়েছে অবশেষে
মুখোমুখি, কিংকর্তব্যবিমূঢ় ! তারা কি নেবে টেনে পরস্পর আনন্দ-ক্রন্দনে
নাকি দূরে সরে যাবে বিবিধ বিবেচনার জটিল অংক কষে?

ক বি তা র এ ক পা তা ৩

অষ্টম বর্ষপূর্তিতে আমরা তিন পাতার বিশেষ আয়োজনে পশ্চিমবঙ্গের কবিদের সংযুক্ত করতে পেরে আনন্দিত! তাঁদের প্রতি শ্রদ্ধা ও ভালোবাসা! কৃতজ্ঞতা জানাচ্ছি বিশিষ্ট কবি, কথাসাহিত্যিক, কথক শামীম আজাদ, বিজ্ঞানী, কবি, লেখক রুদ্রশংকর এবং বাংলাদেশের স্বনামখ্যাত লিটলম্যাগ ‘নিসর্গ’ খ্যাত সম্পাদক সরকার আশরাফের প্রতি, তাঁরা আমাকে যথেষ্ট সময় দিয়ে কবিতাগুলি সংগ্রহ করে দিয়েছেন। কবি ও কবিতাপ্রেমী সকল পাঠককে এক বুক ভালোবাসা!

ফারুক ফয়সল



সূক্ষ্ম ঘরবাড়ি

রঞ্জন মৈত্র

কাচের ওপাশে গাছেরা বড় হয়
মাছেরা ঘোরেফেরে
এপাশে যাই যাইয়ের মধ্যে
কিছু চঞ্চল সর্বনাম
কিছু শিরোনাম খালিচোখে স্থির
জলের যত্ন মাটির প্রযত্ন আর
বড় হওয়া ঘোরাফেরাগুলো
ঝড়খালি শিমুলতলা সন্ধের মারাং বুরু
ছুঁতে চায় চলতি পথে
এস্কেলেটরের বশে অবিরত ওঠে নামে
দেয়াল সূক্ষ্ম কাচ ও সুনীল স্থিতিরেখা
মাছগুলি গাছগুলি তারই বেনাগাল
তারই ছোঁয়া ষ্টপেজে দাঁড়িয়ে
পরিচিত বাস এলে
জলরং বাড়ির টানে ভেসে চলে যায়

মেঘমুখ

জাফর ওবায়েদ

অস্পষ্ট সম্মুখপথ
খানা-খন্দে বাঁকাচোখভীতির বারুদ
একটু এগোলেই নির্জন ঘন অন্ধকার।

প্রচণ্ড অনিশ্চয়তায়ও তুমি দাঁড়িয়ে আত্মবিশ্বাসে
পশ্চাতে সবলসুঠাম ভীমহাতে খুব প্রিয় কেউ
তার সবটুকু বল নিংড়ে তোমাকে ঠেলছে সম্মুখে ।

তুমি নিজেকে সামলে ক্ষীণকায় পায়ে দাঁড়িয়ে থাকতে চেষ্টা করে যাচ্ছ
তোমার ঘামভেজা শরীর থেকে বেরুচ্ছে আত্মবিশ্বাসের ঘ্রাণ
তবু, চারদিক যেন অস্থির, চরম শঙ্কাকুল!

তোমার এ মেঘমুখ দেখে বড়ো মায়া হয়
তুমুল প্রেমের ঝড়ে লণ্ডভণ্ড আমি
কাছে এসে একটু অভয় শোনাবার কথা ভাবি
অথচ, বামুন প্রতাপ আমার - কিছুই পারি না!

আমার এ দুঃস্বপ্ন শুধু, তোমার সে মেঘমুখ!

সাদা নিশিপদ্ম

মনিজা রহমান

আয়েশ করে বসেছিলে রকিং চেয়ারে।
বলেছিলাম, সেফটিপিন দিয়ে শাড়ির কুচি যুথবদ্ধ করতে
এক পলক তাকিয়েই বললে, দরকার কি, এমনিই তো ঠিক আছে।
--খোপাটা ঠিক মতো বসছে না, হেয়ারক্লিপটা লাগিয়ে দেবে?
মুখ না তুলে বললে, খোপার দরকার কি? চুল ছেড়ে দাও
ছাড়া চুলে তোমাকে ভালোই লাগে।
‘ঠিক আছে’ বলে সামনে দাঁড়িয়ে জানতে চাইলাম,
দ্যাখো তো টিপটা ম্যাচিং হয়েছে কিনা শাড়ির সাথে?
ফোন থেকে চোখ না সরিয়ে বললে
আজকাল অনেকেই মিক্স-এন্ড-ম্যাচ পরে। কীইবা এসে যায়।
বললাম, আমি রেডি। চলো। বললে, আজ না, অন্যদিন।
আমি জানালায় দাঁড়িয়ে দেখলাম
ধীরে ধীরে বিনয়ী অন্ধকার জমাট বাঁধছে,
ধূসর বাতাসে তানপুরার মত করুণ বিলাপ।
হায়, ও যদি বুঝতো কোনো কোনো ইচ্ছা
একবার জন্ম নিয়েই দ্রুত হারিয়ে যায়, যেন সফেদ নিশিপদ্ম।

বড়ো দুর্দিনে ডাক দিলে

সৈয়দ খালেদ নৌমান

বড়ো দুর্দিনে ডাক দিলে পাঞ্চালী
লক্ষ্য ভেদের স্বপ্নও বাতুলতা,
শূন্য তুনীর স্কন্ধে বহন করি
চলিনা কদাচ প্রকাশ্য রাজপথে।

বড়ো দুর্দিনে ডাক দিলে পাঞ্চালী
বীর্য শুল্কে তোমাকে যে নেবো জিতে
তেমন ক্ষমতা নিঃশেষ বহুদিন;
অধুনা জরার লাঞ্ছনা সারা দেহে।

পাঞ্চালী তুমি ডেকোনা বারংবার
শিথিল শিরায় রক্তের কোলাহল;
বড়ো ভয়াবহ এবং করুণাহীন...
প্রাণের মূল্যে কেবা করে উৎসব।

তার চেয়ে শোনো সহজ কথায় বলি
পাইনা তো আর মৃত্যুতে উৎসাহ,
যেমন তেমন বাঁচতে পারলে খুশি
পর্ণকুটিরে অথবা বৃক্ষতলে।

অন্ধের ফিকিরি

শঙ্খশুভ্র পাত্র

কল্পনায় কী না হয়! হাওয়ায় জড়ানো গল্প শেষ৷
বাংলার তিন এবং ইংরেজির একুশ, স্মরণিকা
তা ফেলে কোথায় যাব, বস্তুত আঁটোসাঁটো রেশ
আগমনিগমে স্থির— কথাহারা, অফুরন্ত শিখা...
উপেক্ষা, অরূপ ছন্দে, গাঁথি এই অনির্ণেয় হার৷
স্পর্শ ব্যতিরেকে, বাতি, নিষ্প্রদীপ, অন্তরীপ ঘোর
বিপ্রতীপে, বলি এসো, পাওনা আছে দুর্দান্ত প্রহার৷
সব শোধ চুকেবুকে গেলে, সুখে বন্ধ কর দোর৷

এটাই আপাত, সত্য। স্পর্শদোষ, লিখনে না যায়৷
স্বপ্নের অধিক তুমি, মুক্তি কীসে? বিষে-বিষক্ষয়...
‘অদ্য শেষ রজনী’-কে বসিয়েছি মাটির দাওয়ায়,
অতঃপর কবিতার— সঙ্গে কারও বন্ধুত্বও হয়৷
প্রতিজ্ঞা ফতুর, আজ্ঞা— যথারীতি ফকিরের গুণ,
অন্ধের ফিকিরি, ছন্দ, সৃজনই তো প্রথম আগুন...

পুনর্নির্মাণ

অদিতি বসুরায়

(১)
শিশুমুখ ঝুঁকে আছে, পড়ার টেবিলে
গাছের পাতার যেমন , যেমন আদর চাওয়া মেঘ ঝোঁকে-
-দেখি, মেয়ের বইয়ে, বাংলা অক্ষরমালা
ফুল হয়ে আছে।
(২)
বিকেলের আগে, সে বুকের কাছে ঘেঁষে আসে
উড়ো চুল, স্বপ্ন দেখা চোখ – তিরতির কর
কাঁপে সুখ।
অকরুণ শিশু, আরেকটু ঘুমাই, বলে
জেগে ওঠে।
(৩)
ভোরের সাইরেন, একত্রে বাজাই আমরা
জানলা খোলা থেকে পরপর রোদের ঝাঁপান –
দুগ্ধঘ্রাণ আলতো মুছে দি, ইউনিফর্ম থেকে
- মেয়ে স্কুলে যায় ।
(৪)
পর্দায় হরিণের মুখ দেখে, সে হাসে
হাসে মালকোষ, ইমন, কাহারবা –
শ্লোকে গান, কন্যায় শ্লোক ফোটে
- তার স্কুলে যাওয়া মানে,
- প্রতিটি ভোরই দেবীপক্ষ ।
(৫)
শোকের দিনে, তার বাগানে ফুল দেখি
দেওয়ালে আলো, জানালায় ফুলছাপ-
লক্ষ্মীর পায়ের মতো চিহ্ন ফেলে রাখে।
আমরা ক্ষুদ্র প্রতিমাটিকে রং করি, আসনে বসাই
মেয়ে জ্যোৎস্না লেখে খাতার পাতায়।

দেবতার যন্ত্রণা

দিব্যেন্দু ঘোষ

গাছকে থাবা তুমি মারতেই পারো

সে দৃশ্যত বোবা
নীরবে সহ্য করে ব্যথা

তারপর পৃথিবীতে ঘটনা ঘটে একটা—

রিখটার স্কেলের মতো
পাখিরা ঠোঁট দিয়ে
দাগ কাটে মাটিতে...

লেখা হয়— দেবতার যন্ত্রণা!

অন্ধকার -উদযাপন

শান্তা চক্রবর্তী

এখন বাতাস বড় সন্দেহপ্রবণ, সময় আত্মঘাতী
আলোও অন্ধকারের চেয়ে হিংস্র হয়ে উঠছে আরও
আমাদের প্রতিটি নিঃশ্বাস প্রশ্বাসের ভেতর অদৃশ্য ছায়া ঘুরে বেড়াচ্ছে
তবে কি শুরু হয়ে গেল আর-এক অন্ধকারের উদযাপন-পর্ব
এমত গ্রহণ-বেলায় স্বপ্নগুলো ফিরে যাচ্ছে অজ্ঞাতবাসে
সুদূর ইতিহাস থেকে যুদ্ধাহত ঘোড়াদের শীৎকার ভেসে আসে

কে কবে কাকে কোন শর্তে সময় বিনিময় করেছিল
কার কোন অঘোষিত অদৃশ্য সনদপত্রে সমর্পণ লেখা হয়েছিল
সেইসব অমীমাংসিত আলো উঠে আসছে ঘুমন্ত বিচার-সভায়
এই রূপবদলের রহস্যখেলায় নেমে আসছে আর কোন কৃষ্ণপ্রহর
হাওয়ায়-হাওয়ায় ভেসে বেড়াচ্ছে অসহায় আত্মাদের আর্তনাদ
কেউ কি কোথাও ফেলে এসেছিল নিজেকে বেহিসেবী জন্মের ভুলে
সমূহ পথ এখন তার দিকে সংকেত পাঠায় নক্ষত্র -নিশানায়
শুধু সময়কে চোখে-চোখে রাখো, দ্যাখো ফুলের পাপড়িতে রক্ত লেগেছে কিনা!

দু’টি প্রেমের কবিতা

রেহান কৌশিক

ভাষা
কীভাবে বোঝানো যায় এই সমর্পণ
তোমার ছায়ার নীচে শব্দহীন ঝরে?
আলোর সুতোয় বোনা বিশুদ্ধ সংগীত
কখনও কি কথা বলে দখলের স্বরে?

সুদীর্ঘ ধ্যানের মুদ্রা, ফকিরের সুর
শুয়ে থাকে অর্থহীন পথের ভিতর?
এভাবেই ধুলো ছুঁয়ে গাঢ় স্তব্ধতায়
গড়ে ওঠে হৃদয়ের অভ্রান্ত অক্ষর...

শুদ্ধতম আলো দিয়ে চেয়েছি সাজাতে,
যদি পার, ছুঁয়ে থেকো নিজেকে দু’হাতে

কৃষি
শতাব্দী-প্রাচীন ঘুম মুছে ফেলে চেয়েছি জাগাতে
নিজের ভিতরে থাকা সব রং, আলোর ফসল।

অন্ধকারে আর নয়, আলো-শস্যে সাজাব তোমাকে।
ঠোঁটের কিনারে ঠিক জ্বেলে দেব রৌদ্রমাখা জল...

তাকাবে স্পষ্ট আবার? বাজাবে ঘুঙুর কাছে এসে?
আবির ওড়ানো দিনে ফিরে যাব পুরোনো শহরে।

হারানো সুড়ঙ্গ খুঁড়ে তুলে আনব ধুলো গান আর
যে-লাবণ্য নিভে গিয়ে ঘুমিয়েছে বিমর্ষ পাথরে।

মৌন দাঁড়াও এখানে, বুনে দেব তোমার ভিতর
আমার সমস্ত ভাষা, মুঠো-ভর্তি সমস্ত অক্ষর...



GOLDEN AGE HOME CARE

আমরা শীর্ষস্থানীয় PCA HOME CARE সেবা প্রদানকারী প্রতিষ্ঠান

PCA HOME CARE সেবা নিতে চান?
আমাদের সাথে যোগাযোগ করুন

আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদান করে, আপনাকে HOME CARE সার্ভিস -এ এনরোল করে নেব এবং সব সধরনের সেবা প্রদান করবো



Please Contact

Shah Nawaz MBA
President & CEO
GOLDEN AGE HOME CARE INC.

Tel: 718-775-7852
Cell: 646-591-8396 Text: 646-591-8396
Email: shah@goldenagehomecare.com

Design by: ihopeprint.com, 929-538-7903

JACKSON HTS OFFICE
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

BRONX OFFICE
3789 East Tremont Avenue
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834

HILLSIDE AVE. OFFICE
170-18A Hillside Ave Jamaica, NY 11432
Ph: 718-530-1820, Fax: 917-396-4115

BROOKLYN OFFICE
516 McDonald Ave Brooklyn, NY 11218
Ph: 718-540-8870, Fax: 917-396-4115

Email: info@goldenagehomecare.com | www.goldenagehomecare.com

বিসমিল্লাহির রাহমানির রাহিম

BANGLADESH SOCIETY INC, ELECTION 2026

বাংলাদেশ সোসাইটি ইন্‌ক

নির্বাচন ২৫ অক্টোবর, রবিবার ২০২৬

সততা, সচ্ছলতা ও অভিজ্ঞতার অঙ্গীকার

কুনু-ফিরোজ পরিষদ



আজমল হোসেন কুনু
সভাপতি পদপ্রার্থী



ফিরোজ আহমেদ
সাধারণ সম্পাদক পদপ্রার্থী



- সফল কোষাধ্যক্ষ
- সচ্ছলতার প্রতীক
- অভিজ্ঞ নেতৃত্ব
- সাংগঠনিক দক্ষতা

- প্রধান উপদেষ্টা - কুমিল্লা সোসাইটি অব ইউএসএ ইনক
- সাবেক প্রচার সম্পাদক - বাংলাদেশ সোসাইটি ইনক
- সাবেক সাধারণ সম্পাদক - কুইন্স বাংলাদেশ সোসাইটি ইনক
- সদস্য - বৃহত্তর কুমিল্লা সমিতি যুক্তরাষ্ট্র ইনক

মফিজুল ইসলাম ভূঁইয়া রুমি

কোষাধ্যক্ষ পদপ্রার্থী

কুনু- ফিরোজ পরিষদের নতুন নেতৃত্বে
বাংলাদেশ সোসাইটির অগ্রগতি ও হিসাবে স্বচ্ছতা বজায় রাখতে

মফিজুল ইসলাম ভূঁইয়া রুমিকে পুনরায়
কোষাধ্যক্ষ পদে নির্বাচন করুন



Karnafully Tax Service

এর আরেকটি বিশ্বস্ত প্রতিষ্ঠান

FULL CARE HOME CARE

(ফুল কেয়ার হোম কেয়ার)

PCA | HHA

Licensed Home Care Services Agencies (LHCSAs)



Mohammed Hasem, EA, MBA
President & CEO

MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent

WE ARE A LICENSED HOME CARE SERVICES AGENCY

NYS Department of Health Licensed Home Care Services Agency (LHCSAs)

OUR SERVICES

PCA
(Personal Care Assistant)

HHA
(Home Health Aide)

WE SERVE

- Queens
- Nassau
- Suffolk

Queens Office
37-20 74th Street, 2nd Floor
Jackson Heights, NY 11372

Long Island Office
189 Sunrise Hwy, Suite 205
Rockville Centre, NY 11570

347-621-6640
CALL US TODAY

info@fullcare.com
www.fullcare.com

Fax:
347-338-6799

প্রথম আলো

Prothom Alo North America
Thursday, 22 October 2026, 10th Year, Issue 501

বৃহস্পতিবার, ২২ অক্টোবর ২০২৬, ৬ কার্তিক ১৪৩৩, ১০ম বর্ষ, সংখ্যা ৫০১

সৌদিতে দুই বাংলাদেশির মৃত্যুদণ্ড

কনস্যুলেটের গোপনীয় নথিতে সাজার বিষয় ছিল না

ঢাকা অফিস

জেদ্দায় বাংলাদেশ কনস্যুলেট জেনারেলের শ্রমকল্যাণ উইং থেকে ১৮ অক্টোবর প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে পাঠানো একটি গোপনীয় নথিতে বলা হয়েছে, সৌদি আরবে মৃত্যুদণ্ড কার্যকর হওয়া দুই বাংলাদেশি পৃথক অভিযোগে ২০২৩ সালের আগস্ট থেকে সেই দেশের কারাগারে আটক ছিলেন।

ওই নথির তথ্য অনুযায়ী, সৌদি আরবে মৃত্যুদণ্ড কার্যকর হওয়া দুই বাংলাদেশির বিষয়ে দেশটির কর্তৃপক্ষ বাংলাদেশ দূতাবাস বা কনস্যুলেটকে আগে থেকে কিছুই জানায়নি। এমনকি তাদের মৃত্যুদণ্ড কার্যকরের পরও আনুষ্ঠানিকভাবে বিষয়টি জানানো হয়নি।

১৪ অক্টোবর সৌদির স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের বিবৃতির বরাতে দেশটির কয়েকটি গণমাধ্যমের খবর থেকে দুই বাংলাদেশির মৃত্যুদণ্ড কার্যকরের তথ্য জানা যায় বলে চিঠিতে উল্লেখ করা হয়।

সূত্র জানায়, মৃত্যুদণ্ড কার্যকর

এরপর পৃষ্ঠা ৩০ কলাম ১



আমাদের অনেক দূর যেতে হবে

‘মিশিগান আড্ডা’য় মেয়র মুহিত মাহমুদ

প্রথম আলোর আয়োজন

আড্ডায় উপস্থিত অতিথিদের সঙ্গে ব্যক্তিগত অভিজ্ঞতা, প্রবাসজীবনের নানা অধ্যায় এবং স্মৃতির গল্প নিয়ে প্রাণবন্ত আলোচনা হয়।

পার্থ দেব

প্রথম আলো উত্তর আমেরিকা আয়োজিত আড্ডা আলোচনায় উপস্থিত হলেন মেয়র মুহিত মাহমুদ। আমেরিকার কোনো সিটির প্রথম নির্বাচিত বাংলাদেশী আমেরিকান নগরপিতা উপস্থিত হলেন তাঁর প্রথম স্বদেশী অনুষ্ঠানে। ফুলেল শুভেচ্ছা আর ভালোবাসার উচ্ছ্বাসে মিশিগানের অগ্রসরজন মেয়রকে স্বাগত জানান। মুহিত মাহমুদ তাঁর স্বভাবসুলভ বিনয়ী বক্তৃতায় বলেন, প্রথম আলোর অনুষ্ঠানে তাঁর এ যোগদান ঐতিহাসিক। তিনি বলেন, কমিউনিটি নিয়ে আমাদের আমেরিকার সমাজে আরও অনেক দূর যেতে হবে।

প্রবাসে ব্যস্ত জীবনের নানা ব্যস্ততা-বন্ধু, স্বজন, লেখক, পাঠক ও সাংবাদিকদের সঙ্গে আড্ডা, স্মৃতিচারণ এবং পারস্পরিক ভাববিনিময়ের মধ্য দিয়ে অনুষ্ঠিত হয়েছে ‘মিশিগান আড্ডা’। মঙ্গলবার, ২০ অক্টোবর বিকেল ৫টায় মিশিগানের ওয়ারেন শহরের স্পাইস ২১-এ প্রথম আলো উত্তর আমেরিকার উদ্যোগে এ আয়োজন করা হয়।

মিশিগানে বসবাসরত বাংলাদেশি প্রবাসীদের মধ্যে পারস্পরিক যোগাযোগ ও সৌহার্দ্য আরও সুদৃঢ় করা এবং দীর্ঘদিনের পরিচিতজনদের সঙ্গে

এরপর পৃষ্ঠা ৩০ কলাম ৪

ক্লিক



আতাউর রহমান আতা: একজন ফটোসাংবাদিকের গল্প

হেলাল উদদীন রানা

আতাউর রহমান আতা। সিলেটের কিংবদন্তি ফটোসাংবাদিক। তিনি ছিলেন সবার আতা ভাই। সিলেটে সেই আশি-নব্বই দশকে যাঁরা সাহিত্য, সাংবাদিকতা, রাজনীতি বা সমাজকর্মে জড়িত ছিলেন, তাঁদের মধ্যে এমন কেউ নেই, যিনি তাঁকে চিনতেন না। আতাউর রহমান সিলেট ফটো জার্নালিস্ট অ্যাসোসিয়েশনের প্রতিষ্ঠাতা সভাপতি ছাড়াও সিলেট প্রেসক্লাবের সাবেক সহসভাপতি।

খুবই অমায়িক, মৃদুভাষী আতা ভাই সারাদিন কাঁধে ক্যামেরা আর ব্যাগ নিয়ে সেই সময়ের মফস্বল শহর চষে বেড়াতেন। কখনো আবার মঞ্জু ভাইয়ের মোটরবাইকের পেছনে। খায়রুল আমীন লস্কর মঞ্জু। একসময়ের দৈনিক খবর-এর সিলেট ব্যুরোপ্রধান, আরেক কিংবদন্তি সাংবাদিক ও রাজনীতিক। তিনি আইয়ুব খানের বিরুদ্ধে ঐতিহাসিক জুতা নিক্ষেপ মামলার অন্যতম আসামি ছিলেন। একসময় আতা ভাই ছিলেন দৈনিক খবর-এর স্টাফ ফটোগ্রাফার। খায়রুল আমীন লস্কর মঞ্জু ভাইকে নিয়ে অন্য সময় লেখার ইচ্ছা আছে।

আতাউর রহমান আতা তাঁর সারাটি জীবন কাটিয়েছেন ফটোসাংবাদিকতার মতো এক মহান পেশায়। শত অভাব-অনটন তাঁকে লক্ষ্য থেকে বিচ্যুত করতে পারেনি। কখনো অর্থবিত্তের পেছনে ছোটেননি তিনি। জিন্দাবাজারের ইদ্রিস মার্কেটের দোতলায় অথবা কিন ব্রিজের গোড়ায় ঐতিহাসিক সুরমা ম্যানশনের তিনতলার সুমি ফটো স্টুডিও ছিল তাঁর ঠিকানা। প্রিয় ফটোগ্রাফার দুলাল আহমদ ছিলেন তাঁর শিষ্য ও সহযোগী।

সেই সময়ে ফটোসাংবাদিক হিসেবে সিলেটে আতা ভাই ছিলেন আমাদের একমাত্র ভরসা। বাইরে বসিয়ে রেখে ডার্করুমে ঢুকে ছবি প্রিন্ট করে কিংবা নেগেটিভ ডেভেলপ করে তাৎক্ষণিকভাবে দিয়ে দিতেন।

এরপর পৃষ্ঠা ৩০ কলাম ১



Law Firm of
Farhan Aryan P.C
+1 (844) 343 2529
Ext: 101
(Attorney and Counsellor at Law)
State of New York and Federal District Court
আপনার অধিকার ও নিরাপত্তা রক্ষায়
আমরা আছি আপনার পাশে...
আমাদের সেবা সমূহ
●ইমিগ্রেশন ●রিয়েল এস্টেট
●পার্সোনাল ইনজুরি ● ল্যান্ডলর্ড এন্ড টিন্যান্ট
72-85 Broadway, office #213, Jackson Heights, NY 11372

WWW.MOINLAW.COM
LAW OFFICES
Toll Free: 1-866-MOIN-LAW
Cell: 917-282-9256
(To schedule appointment only)
এক্সিডেন্ট কেইসেস-মেডিক্যাল ম্যালপ্রেক্টিস
বিনামূল্যে পরামর্শ
প্রয়োজনে এটর্নী বাসায় বা হাসপাতালে আসবেন
• গাড়ী এক্সিডেন্ট • ট্রিপ এন্ড ফল
• কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা • হাসপাতালে ভুল চিকিৎসা
• বিল্ডিং এ দূর্ঘটনা • বিকলাঙ্গ শিশুর জন্ম
• স্লিপ এন্ড ফল • লেড পয়জনিং
ক্লায়েন্টেদের জন্য আমরা মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি
• IMMIGRATION (Consultation fee applies)
Prior Result Does Not Guarantee future outcome of any cases
Moin Choudhury is admitted in the United States Supreme Court and Michigan State Supreme Court only.
Michael Taub is admitted in New York State Only.

কর্ণফুলী ট্যাক্স
KARNAFULLY TAX SERVICES INC.
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স
পেরোল | বিজনেস সেটআপ | ইমিগ্রেশন | নোটারী পাবলিক
ENROLLED AGENT
PH: 718-205-6040
37-20 74th Street, 2Fl, Jackson Heights
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent

অবিশ্বাস্য সেল!
718-721-2012
আমাদের অফিস শুধুমাত্র এস্টোরিয়ায়
ডিজিটাল ট্রাভেল্‌স এস্টোরিয়া
দেশে যাওয়ার পথে ওমরাহ পালনের সুযোগ
$৭৭৫
25-78- 31ST., ASTORIA, NY 11102
Subway: N W 30 Avenue Station
Nazrul Islam
President & CEO

ZAKIR CPA PLLC
Certified Public Accountants
★ INCOME TAX ★ PAYROLL
★ BOOKKEEPING ★ AUDITS
★ CORPORATION TAX
★ CORP/LLC REGISTRATION
ZAKIR CHOUDHURY, CPA
FOUNDER & CEO
Follow @zakircpapllc
www.zakircpa.com
929-207-1516
info@zakircpa.com
2152B Westchester Ave, Bronx, NY-10462
164-19 Hillside Ave, Jamaica, NY-11432

Home & Habitat
Realty Corp.
নিউইয়র্কে বাড়ী ক্রয় বিক্রয়ের বিশ্বস্ত প্রতিষ্ঠান
516-460-8260
Mohammed Islam
Branch Manager
646-724-6417
সুলভ মূল্যে বাড়ী ক্রয় বিক্রয়
71-20 35th Ave, Jackson Heights, NY 11372

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

IATA Accredited Agent
বাংলাদেশসহ সারা পৃথিবীর যেকোন দেশে নিরাপদ ভ্রমনের অঙ্গীকার
Hajj & Umrah
RAHMANIA TRAVEL SERVICES
TICKETS: DOMESTIC & INTERNATIONAL
Emirates | KUWAIT AIRWAYS | TURKISH AIRLINES | QATAR | ETIHAD
এয়ার টিকেট, হজ্জ-ওমরাহ্ ও ভিসা প্রসেসিং
CALL: 718-205-3270, 646-322-1654
37-15,73rd Street, Bangladesh Plaza, Suite # 203, Jackson Heights, NY 11372

চিশতী একাউন্টিং এন্ড ট্যাক্স সার্ভিসেস
CHISHTI CPA PC
GROW YOUR BUSINESS WITH US
TRUSTED ACCOUNTING AND TAX SERVICES
Over 13 Years of Accounting and Taxation Experience
ইনকাম ট্যাক্সে আমাদের সেবাসমূহ ঃ
◈ ব্যক্তিগত ট্যাক্স রিটার্ন
◈ কর্পোরেট ট্যাক্স রিটার্ন
◈ স্মল বিজনেস ট্যাক্স রিটার্ন
◈ সেল্ফ-এমপ্লয়মেন্ট ট্যাক্স রিটার্ন (উবার, লিফট, ক্যাব ড্রাইভারস)
◈ একাউন্টিং বুককিপিং, ইমিগ্রেশন ফরম পূরণ, বিজনেস গঠন
ইনকাম ট্যাক্স
◈ INDIVIDUAL TAX RETURN
◈ CORPORATE TAX RETURN
◈ SMALL BUSINESSES TAX RETURN
◈ SELF-EMPLOYED (UBER/LYFT/CAB DRIVER)
একাউন্টিং ও বুককিপিং
◈ PAYROLL
◈ W2S, 1099S
◈ FINANCIAL STATEMENT
◈ SALES TAX QUARTERLY AND YEAR END FILINGS
LIBERTY TRAVELS & TECH
AIR TICKET. WORLDWIDE MONEY TRANSFER
OUR OTHER SERVICES:
▮ PHOTOCOPY ▮ FLYER
▮ E-MAIL PRINT ▮ A-SIGN
▮ BANNER ▮ CARGO
▮ MONEY TRANSFER ▮ FEDEX/UPS
▮ BUSINESS CARDS ▮ CELL PHONE
▮ CUSTOM T- SHIRT ▮ MUG PRINTING
Mohammed Chishti, CPA
Call/email/make appointment at www.chishtiaccounting.com
T:917-832-7785 C: 347-5153858 E: chishti@chishtiaccounting.com
73-19 Broadway, Jackson Heights NY 11372
BRONX OFFICE 2040 McGraw Avenue Bronx NY 10462
72-30 Roosevelt Ave, Jackson Heights, New York 11372.
Cell: 347-448-6092, 518-699-2499

সম্পাদক: **ইব্রাহীম চৌধুরী**, নির্বাহী সম্পাদক: **মনজুরুল হক**। প্রথম আলো উত্তর আমেরিকা কর্তৃক ৩৭-১৮, ৭৩ স্ট্রিট, সুট # ২০২ জ্যাকসন হাইটস, নিউইয়র্ক-১১৩৭২ থেকে প্রকাশিত।
ফোন: **718-308-5020**, ই-মেইল: নিউজ: news@prothomalony.com, বিজ্ঞাপন: cm@prothomalony.com